কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

# রিটেইল সেলস অপারেশনস

লেভেল- ০৩

## মডিউল শিরোনামঃ স্টোর রুম কার্যক্রম সনাক্ত এবং সম্পন্ন করা

## Module: Identifying and Performing Store Room Activities

**মডিউল কোড: CBLM- OU-IS-RSO-03-L3-BN-V1**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধানমন্ত্রীর কার্যালয় ।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nsda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: http:\\skillsportal.gov.bd

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

"স্টোর রুমের কার্যক্রম সনাক্ত এবং ও সম্পন্ন" সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত রিটেইল সেলস অপারেশনস লেভেল-৩ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে রিটেইল সেলস অপারেশনস লেভেল-৩ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বরা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রিটেইল সেলস অপারেশনস লেভেল-৩ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----------------------- তারিখে অনুষ্ঠিত ------------কর্তৃপক্ষ সভায় অনুমোদিত

# সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি রিটেইল সেলস অপারেশনস লেভেল-৩ এর অধীনে স্টোর রুমের কার্যক্রম সনাক্ত এবং ও সম্পন্ন সম্পর্কিত মৌলিক জ্ঞান অর্জন করতে পারবেন। একজন দক্ষ সেলস পারসন এর জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

## সূচিপত্র


**কপিরাইট ........ i**

**সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা ........ v**

**মডিউল কন্টেন্ট ........ ১**

**শিখনফল (Learning Outcome)-১: খুচরা দোকানের পণ্য সনাক্ত করতে পারবে ........ ২**

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-১ : খুচরা দোকানের পণ্য সনাক্ত করতে পারবে ........ ৩

ইনফরমেশন শিট (Information Sheet)-১: রিটেইল স্টোরের পণ্য চিহ্নিত করতে পারা ........ ৪

সেলফ চেক (Self-Check)-১: খুচরা দোকানের পণ্য সনাক্ত করতে পারবে ........ ২৯

উত্তরপত্র (Answer Key)-১: খুচরা দোকানের পণ্য সনাক্ত করতে পারবে ........ ৩০

টাস্ক শিট (Task Sheet)-১.১: ব্যবহার সহ খুচরা দোকানের কয়েকটি পণ্য চিহ্নিত করুন ........ ৩১

স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-১.১: ব্যবহার সহ খুচরা দোকানের কয়েকটি পণ্য চিহ্নিত করুন ........ ৩২

টাস্ক শিট (Task Sheet)-১.২: রিটেইল স্টোরের প্রসাধনী চিহ্নিত করুন ........ ৩৪

স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-১.২: রিটেইল স্টোরের প্রসাধনী চিহ্নিত করুন ........ ৩৫

**শিখনফল (Learning Outcome)-২: ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে ........ ৩৭**

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-২ ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে ........ ৩৮

ইনফরমেশন শিট (Information Sheet)-২: ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে ........ ৩৯

সেলফ চেক শিট (Self Check Sheet)-২: ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে ........ ৪৮

উত্তর পত্র (Answer Key)-২: ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে ........ ৪৯

টাস্ক শিট (Task Sheet)-২.১: এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ করুন ........ ৫০

স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-২.১ : এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ করুন ........ ৫১

টাস্ক শিট (Task Sheet)-২.২: ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করুন ........ ৫২

স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-২.২ : ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করুন ........ ৫৩

**শিখনফল (Learning Outcome)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে ........ ৫৪**

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে ........ ৫৫

ইনফরমেশন শিট (Information Sheet)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে ........ ৫৬

সেলফ চেক শিট (Self Check Sheet)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে ........ ৬৩

উত্তর পত্র (Answer Key)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে ........ ৬৪

টাস্ক শিট (Task Sheet)-৩.১: রিটেইল শপে পণ্য প্রদর্শণ করুন ........ ৬৫

স্পেশিফিকেশন শিট (Specification Sheet)-৩.১: রিটেইল শপে পণ্য প্রদর্শণ করুন ........ ৬৬

টাস্ক শিট (Task Sheet)-৩.২: লেভেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত এবং সংযুক্ত করুন ........ ৬৭

স্পেশিফিকেশন শিট (Specification Sheet)-৩.২: লেভেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত এবং সংযুক্ত করুন ........ ৬৮

**শিখনফল (Learning Outcome)-৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে ........ ৬৯**

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে ........ ৭০

ইনফরমেশন শিট (Information Sheet)-৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে ........ ৭১

সেলফ চেক শিট (Self Check Sheet)-৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে ........ ৭৬

উত্তর পত্র (Answer Key)- ৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে ........ ৭৭

টাস্ক শিট (Task Sheet)-৪.১: পণ্যের গুণগতমান নিশ্চিত করুন ........ ৭৮

স্পেশিফিকেশন শিট (Specification Sheet)-৪: পণ্যের গুণগতমান নিশ্চিত করুন ........ ৭৯

**দক্ষতা পর্যালোচনা (Review of Competency) ........ ৮০**

# মডিউল কন্টেন্ট

| | |
|---|---|
| **ইউ ও সি শিরোনাম** | স্টোর রুমের কার্যক্রম সনাক্ত এবং ও সম্পন্ন করুন |
| **ইউ ও সি কোড** | **OU-IS-RSO-03-L3-EN-V1** |
| **মডিউল শিরোনাম** | স্টোর রুমের কার্যক্রম সনাক্ত এবং সম্পন্ন করা |
| **মডিউলের বর্ণনা** | এই মডিউলটি স্টোর রুমের কার্যক্রম সনাক্ত এবং সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান এবং মনোভাব অন্তর্ভুক্ত করা হয়েছে।<br>মডিউলটিতে এটি বিশেষভাবে খুচরা দোকানে পণ্য সনাক্তকরণ, ইনভেন্টরি নিয়ন্ত্রণ প্রক্রিয়া ব্যাখ্যা, স্টোর রুম পরিচালনা এবং পণ্য নিরাপত্তা এবং গুণমান নিয়ন্ত্রন পদ্ধতি সম্পর্কিত দক্ষতা অন্তর্ভুক্ত রয়েছে। |
| **নমিনাল সময়** | **৪৫ ঘন্টা** |
| **শিখনফল** | **এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন।**<br>১. খুচরা দোকানের পণ্যসমূহ সনাক্ত করতে পারবে<br>২. ইনভেন্টরি কন্ট্রোল পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে<br>৩. স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে<br>৪. পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রন পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে |

**অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)**

১. খুচরা দোকানের পণ্য চিহ্নিত এবং তালিকাভুক্ত করা হয়েছে
২. প্রতিটি পণ্যের প্রয়োগ এবং ব্যবহার ব্যাখ্যা করা হয়েছে
৩. পণ্যের পূর্ণ বিবরণ বিশদভাবে ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে
৪. ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করা হয়েছে
৫. ইনভেন্টরি কন্ট্রোল পদ্ধতি চিহ্নিত করা হয়েছে
৬. কর্মক্ষেত্রের মান অনুযায়ী পণ্য গ্রহণ করা হয়েছে
৭. এসওপি অনুযায়ী পণ্য গুদামজাত করা হয়েছে
৮. ফ্রন্ট অফ হাউস (FOH) এর অনুরোধ অনুযায়ী পণ্য বিক্রয় এলাকায় স্থানান্তর করা হয়েছে
৯. কর্মক্ষেত্রের মান অনুযায়ী মেয়াদোত্তীর্ণ পণ্য ফেরত/নিষ্পত্তি করা হয়েছে
১০. খুচরা দোকানের জন্য স্টোর রুম ব্যবস্থাপনা ব্যাখ্যা করা হয়েছে
১১. প্রদর্শনের প্রস্তুতির জন্য পণ্য সংগ্রহ করা হয়েছে
১২. লেবেল এবং প্রাইস ট্যাগ প্রস্তুত করা হয়েছে এবংকর্মক্ষেত্রের মান অনুযায়ী সংযুক্ত করা হয়েছে
১৩. পণ্য হ্যান্ডলিং এবং রক্ষণাবেক্ষণ পদ্ধতি ব্যাখ্যা করা হয়েছে
১৪. পণ্য সংরক্ষণ পদ্ধতি এবং কৌশল বজায় রাখা হয়েছে
১৫. কর্মক্ষেত্রের মান অনুযায়ী পণ্যের গুণগতমান নিশ্চিত করা হয়েছে

## শিখনফল (Learning Outcome)-১: খুচরা দোকানের পণ্য সনাক্ত করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. খুচরা দোকানের পণ্য চিহ্নিত এবং তালিকাভুক্ত করা হয়েছে<br>২. প্রতিটি পণ্যের প্রয়োগ এবং ব্যবহার ব্যাখ্যা করা হয়েছে<br>৩. পণ্যের পূর্ণ বিবরণ বিশদভাবে ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে |
| শর্ত ও রিসোর্স | • কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>• সিবিএলএম<br>• হ্যান্ডআউটস<br>• ল্যাপটপ<br>• মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>• কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>• ইন্টারনেট সুবিধা<br>• হোয়াইট বোর্ড ও মার্কার<br>• অডিও ভিডিও ডিভাইস |
| বিষয়বস্তু | ১. একটি রিটেইল স্টোরের পণ্য সমূহ<br>২. পণ্যের প্রয়োগ এবং ব্যবহারবিধি<br>৩. পণ্য সম্পর্কিত বিস্তারিত তথ্য |
| এক্টিভিটি | ১. ব্যবহার সহ খুচরা দোকানের কয়েকটি পণ্য চিহ্নিত করুন<br>২. প্রতিটি পণ্যের প্রয়োগ এবং ব্যবহারবিধি ব্যাখ্যা করুন<br>৩. পণ্য সম্পর্কিত বিস্তারিত তথ্য সঠিক ব্যাখ্যা করুন |
| প্রশিক্ষণ পদ্ধতি | • আলোচনা (Discussion)<br>• উপস্থাপন (Presentation)<br>• প্রদর্শন (Demonstration)<br>• নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>• স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>• প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>• সমস্যা সমাধান (Problem Solving)<br>• ব্রেন স্ট্রমিং (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-১ : খুচরা দোকানের পণ্য সনাক্ত করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| শিখন কার্যক্রম<br>(Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা<br>(Resources / Special instructions) |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরন ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের "**খুচরা দোকানের পণ্য সনাক্ত করতে পারবে"** শেখার উপকরন প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ১ : রিটেইল স্টোরের পণ্য চিহ্নিত করতে পারবে। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্ক শিট ১.১: ব্যবহার সহ খুচরা দোকানের কয়েকটি পণ্য চিহ্নিত করুন<br>স্পেসিফিকেশন শিট ১.১: ব্যবহার সহ খুচরা দোকানের কয়েকটি পণ্য চিহ্নিত করুন<br>টাস্ক শিট ১.২: রিটেইল স্টোরের প্রসাধনী চিহ্নিত করুন<br>স্পেসিফিকেশন শিট ১.২: রিটেইল স্টোরের প্রসাধনী চিহ্নিত করুন। |

## ইনফরমেশন শিট (Information Sheet)-১: রিটেইল স্টোরের পণ্য চিহ্নিত করতে পারা


**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষনার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

১.১ রিটেইল স্টোরের পণ্য চিহ্নিত
১.২ প্রতিটি পণ্যের প্রয়োগ এবং ব্যবহারবিধি
১.৩ পণ্য সম্পর্কিত বিস্তারিত তথ্য

### ১.১ রিটেইল স্টোরের পণ্য সমূহ চিহ্নিত

**পোশাক এবং দৈনন্দিন ব্যবহার্য পণ্য**

ক. **পুরুষের পোশাক**

| | |
|---|---|
| **শার্ট**<br>ধরনঃ হাফ স্লিভ, ফুল স্লিভ, ফরমাল, ক্যাজুয়াল<br>ইউনিটঃ পিস<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্রন্ডঃ সারা, ইস্ট্যাসি, রেমন্ড, টপ টেন, ইয়লো, আরটিসান, আড়ং ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। |  |
| **প্যান্ট**<br>ধরনঃ হাফ, ফুল, থ্রি কোয়ার্টার<br>ইউনিটঃ পিস<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ সারা, ইস্ট্যাসি, রেমন্ড, টপ টেন, ইয়লো, আরটিসান, আড়ং, ডেনিম, ঈগল, অ্যালকোট ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের নীচের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। |  |
| **টি শার্ট**<br>ধরনঃ পোলো টি শার্ট (কলার সহ), নরমাল টি শার্ট (কলার ছাড়া)<br>ইউনিটঃ পিস<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ সারা, ইস্ট্যাসি, ইয়লো, আরটিসান, আড়ং ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। |   |

| | |
|---|---|
| **পাঞ্জাবী**<br>ধরনঃ সাধারণ পাঞ্জাবী, কাবুলী<br>ইউনিটঃ পিস<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ সারা, ইস্ট্যাসি, ইয়লো, আরটিসান, আড়ং ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। |  |
| **পাজামা**<br>ইউনিটঃ পিস<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ সারা, ইস্ট্যাসি, ইয়লো, আরটিসান, আড়ং ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের নীচের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। |  |
| **ফতুয়া**<br>ধরনঃ হাফ স্লিভ, ফুল স্লিভ<br>ইউনিটঃ পিস<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ সারা, ইস্ট্যাসি, ইয়লো, আরটিসান, আড়ং ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। |  |
| **হুডি**<br>ইউনিটঃ পিস<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ রিচ ম্যান, ফ্রি ল্যান্ড, টর, সারা, ইস্ট্যাসি, ইয়লো, আরটিসান, আড়ং ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। ইহা মূলত শীতকালীন পোশাক। |  |
| **জ্যাকেট**<br>ইউনিটঃ পিস<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ রিচ ম্যান, ফ্রি ল্যান্ড, টর, সারা, ইস্ট্যাসি, ইয়লো, আরটিসান, আড়ং ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। ইহা মূলত শীতকালীন পোশাক। |  |

| | |
|---|---|
| **জ্যাকেট**<br>ইউনিটঃ পিস<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ রিচ ম্যান, ফ্রি ল্যান্ড, টর, সারা, ইস্ট্যাসি, ইয়লো, আরটিসান, আড়ং ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। ইহা মূলত শীতকালীন পোশাক। |  |
| **স্পোর্টস ওয়্যার**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ পুমা, রিবক, অ্যাডিডাস, কুকাবরা ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপর ও নীচের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়। ইহা মূলত খেলা ধুলার জন্য ব্যবহার |  |
| **শর্টস**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ ল্যাকসটি, হিলফিগার, কেলভিন কেলিন ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের নীচের অংশে পরিধান করা হয়। ইহা মূলত অন্তর্বাস হিসেবে ব্যবহার হয়। |  |

### খ. নারীদের পোশাক

| | |
|---|---|
| **শাড়ী**<br>ধরনঃ বেনারসি, রেশমী, তাঁত, কাতান, সুতি, মণিপুরী, জর্জেট শাড়ি ইত্যাদি।<br>ইউনিটঃ পিস/ সেট<br>ব্র্যান্ডঃ আড়ং, প্রাইড, নন্দিনী, আরটিসান, নগর পল্লী, পাকিজা ইত্যাদি<br>ব্যবহারঃ সম্পূর্ণ শরীর আবৃত করে পরিধান করা হয়। |  |
| **ব্লাউজ**<br>ইউনিটঃ পিস/ সেট<br>ব্র্যান্ডঃ আড়ং, আরটিসান, ইয়োলো, নগর পল্লী, ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে (বক্ষ) পরিধান করা হয়। ইহা মূলত শাড়ির সাথে ব্যবহার হয়। |  |

| | |
|---|---|
| **স্কার্ট**<br>ইউনিটঃ পিস/ সেট<br>ব্র্যান্ডঃ আড়ং, আরটিসান, ইয়োলো, নগর পল্লী, ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের নীচের অংশে পরিধান করা হয়। |  |
| **প্যান্ট**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ আরটিসান, ইয়োলো, হিলফিগার, কেলভিন কেলিন ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের নীচের অংশে পরিধান করা হয়। |  |
| **জ্যাকেট**<br>ইউনিটঃ পিস/ সেট<br>ব্র্যান্ডঃ আরটিসান, ইয়োলো, ল্যাকসটি, হিলফিগার, কেলভিন কেলিন ইত্যাদি<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধান করা হয়। ইহা মূলত শীতকালীন পোশাক হিসেবে ব্যবহার হয়। |  |
| **লেডিস কোট**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ আরটিসান, ইয়োলো, ইস্টাসি, ল্যাকসটি, হিলফিগার, কেলভিন কেলিন ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধান করা হয়। |  |
| **স্লিপ ওয়্যার**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ আরটিসান, ইয়োলো, ল্যাকসটি, হিলফিগার, কেলভিন কেলিন ইত্যাদি<br>ব্যবহারঃ সমগ্র শরীরে পরিধান করা হয়। |  |

| | |
|---|---|
| **আন্ডার গার্মেন্টস**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ ল্যাকসটি, হিলফিগার, কেলভিন কেলিন ইত্যাদি<br>ব্যবহারঃ ইহা মূলত অন্তর্বাস হিসেবে ব্যবহার হয়। |  |
| **ল্যাগিংস**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ Small (S), Medium (M), Large (L), Extra Large (XL), Extra Extra Large (XXL)<br>ব্র্যান্ডঃ ল্যাকসটি, হিলফিগার, কেলভিন কেলিন ইত্যাদি<br>ব্যবহারঃ প্যান্টের ন্যায় শরীরের নীচের অংশে পরিধানের জন্য ব্যবহার হয়। |  |

গ. **শিশুদের পোশাক**

| | |
|---|---|
| **নামঃ বেবি প্যান্ট**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ বাচ্চাদের বয়স ভিত্তিক সাইজ হয়ে থাকে, যেমনঃ ০-৩ মাস, ৩-১২ মাস<br>ব্র্যান্ডঃ আড়ং, গ্রামীণ, আরটিসান, ইয়োলো, ক্যাটস আই ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের নীচের অংশে পরিধান করা হয়। |  |
| **নামঃ বেবি শার্ট**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ বাচ্চাদের বয়স ভিত্তিক সাইজ হয়ে থাকে, যেমনঃ ০-৩ মাস, ৩-১২ মাস ইত্যাদি<br>ব্র্যান্ডঃ আড়ং, গ্রামীণ, আরটিসান, ইয়োলো, ক্যাটস আই ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধান করা হয়। |  |
| **বেবি ডায়পার টি-শার্ট**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ বাচ্চাদের বয়স ভিত্তিক সাইজ হয়ে থাকে, যেমনঃ ০-৩ মাস, ৩-১২ মাস ইত্যাদি<br>ব্র্যান্ডঃ আড়ং, গ্রামীণ, আরটিসান, ইয়োলো, ক্যাটস আই ইত্যাদি<br>ব্যবহারঃ সমগ্র শরীরে পরিধান করা হয়। |  |

| | |
|---|---|
| **বেবি ফ্রক**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ বাচ্চাদের বয়স ভিত্তিক সাইজ হয়ে থাকে, যেমনঃ ০-৩ মাস, ৩-১২ মাস ইত্যাদি<br>ব্র্যান্ডঃ আড়ং, গ্রামীণ, আরটিসান, ইয়োলো, ক্যাটস আই ইত্যাদি<br>ব্যবহারঃ সমগ্র শরীরে পরিধান করা হয়। মেয়ে শিশুদের পোশাক হিসেবে পরিচিত। |  |
| **বেবি নিমা**<br>ইউনিটঃ পিস/ সেট<br>সাইজঃ বাচ্চাদের বয়স ভিত্তিক সাইজ হয়ে থাকে, যেমনঃ ০-৩ মাস, ৩-১২ মাস ইত্যাদি<br>ব্র্যান্ডঃ আড়ং, গ্রামীণ, আরটিসান, ইয়োলো, ক্যাটস আই ইত্যাদি<br>ব্যবহারঃ শরীরের উপরের অংশে পরিধান করা হয়। |  |

## প্রসাধনী

প্রসাধনী হল এমন কিছু পণ্য যা ত্বকের (মুখমন্ডল ও শরীর) বাহিরের অংশ উন্নত বা সুন্দর করার জন্য ব্যবহার করা হয়। এর মধ্যে রয়েছে মেকআপ, স্কিন কেয়ার প্রোডাক্ট, চুলের যত্নের প্রোডাক্ট এবং সুগন্ধি। সাধারণত প্রসাধনীগুলি সাময়িকভাবে ত্বকের চেহারা এবং অনুভূতি পরিবর্তন করতে পারলেও দীর্ঘমেয়াদে ইহা কোন ধরনের পরিবর্তন সাধোণ কোড়টে পারেনা।

নিম্নে বিভিন্ন ধরনের প্রসাধনীর সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করা হলোঃ

| | | |
|---|---|---|
|  |  |  |
| সান স্ক্রিন | বি বি ক্রীম | কম্প্যাক্ট পাউডার |

- **সানস্ক্রিন**

  সূর্যের ক্ষতিকারক (UV) অতিবেগুনী রশ্মি ও গরম থেকে ত্বককে রক্ষা করার জন্য সানস্ক্রিন ব্যবহার করা হয়। ইহা ক্রীমের মতো দেখতে ও ইহার ব্যবহার ক্রীমের ন্যায়।

- **বি বি ক্রীম**

  " বি বি ক্রীম" এর অর্থ হল "বিউটি বাম" বা "ব্লেমিশ বাম"। এটি একটি বহুমুখী প্রসাধনী পণ্য যা ত্বকের দাগ, ছোট গর্ত ঢেকে রাখার জন্য এবং একই সাথে ত্বকের নানাবিধ যত্নের জন্য ব্যবহার হয়ে থাকে। বিবি

ক্রীম সাধারণত ফাউন্ডেশন, ময়েশ্চারাইজার, প্রাইমার এবং সানস্ক্রিন তৈরির কাঁচামালের সমন্বয়ে তৈরি একটি পণ্য। ইহা হালকা ওজনের এবং সাধারন ফাউন্ডেশনের তুলনায় ত্বককে বেশি মাত্রায় প্রাকৃতিক চেহারা ফুটিয়ে তুলে। বি বি ক্রীম বিভিন্ন ধরণের ত্বকের জন্য উপযুক্ত এবং ইহা হাইড্রেশন, তেল নিয়ন্ত্রণ, উজ্জ্বলতা এবং অ্যান্টি-এজিং-এর যত্নে ব্যবহার হয়ে থাকে।

- **কম্প্যাক্ট পাউডার**

কমপ্যাক্ট পাউডার মেকআপ এর জন্য অন্যতম একটি প্রধান উপাদান, বিশেষ করে বাংলাদেশের মতো আর্দ্র আবহাওয়ায়। ইহা মুলত আর্দ্র আবহাওয়ায় মেকআপ এবং শাইন নিয়ন্ত্রণ করতে ব্যবহার করা হয়ে থাকে। বাংলাদেশে বিভিন্ন ব্র্যান্ডের কমপ্যাক্ট পাউডার পাওয়া যায়। এর মধ্য অন্যতম হলোঃ ল্যাকমি, ল’রিয়েল, ম্যাক, নেভিয়া, রাভিনা ইত্যাদি।

| | | |
|---|---|---|
|  |  |  |
| কাজল | আই লাইনার | মাশকারা |

- **কাজল**

কাজল এক ধরনের প্রসাধনী যা চোখের সাজসজ্জার জন্য ব্যবহার করা হয়ে থাকে। এছাড়াও কাজল দিয়ে শিশু বাচ্চাদের কপালে ফোঁটা দেওয়া হয়। ইহা বিশেষ ধরনের রাসায়নিক দ্বারা তৈরি হয়ে থাকে। এটা ব্যাপকভাবে দক্ষিণ এশিয়া, মধ্যপ্রাচ্য, উত্তর আফ্রিকা ব্যবহার হয়ে থাকে।

- **আই লাইনার**

আই লাইনার এক ধরনের প্রসাধনী যা চোখের সাজসজ্জার জন্য ব্যবহার করা হয়ে থাকে। ইহা লিকুইড (তরল) বা পেন্সিল দুই ধরনের হয়ে থাকে। কাজলের ন্যায় ইহাও দক্ষিণ এশিয়া, মধ্যপ্রাচ্য, উত্তর আফ্রিকা বহুল মাত্রায় ব্যবহার হয়ে থাকে।

- **মাশকারা**

মাসকারা হল একটি প্রসাধনী যা সাধারণত উপরের এবং নীচের চোখের পাপড়িকে সজ্জিত করতে ব্যবহৃত হয়। এটি চোখের পাপড়ি কালো, ঘন, করতে ব্যবহৃত হয়।

| | | |
|---|---|---|
|  |  |  |
| লিপস্টিক | ট্যালকম পাউডার | নেইল পলিশ |

- **লিপস্টিক**

"লিপস্টিক" হল একটি প্রসাধনী পণ্য যা ঠোঁট রঙ করার জন্য ব্যবহৃত হয়। ইহা সাধারণত লাল, গোলাপী, বাদামী সহ বিভিন্ন রঙের বিভিন্ন শেডে হতে পারে। এটি বিভিন্ন আকারে আসে যেমন স্টিক, লিকুইড (তরল), ক্রিম, ম্যাট, শাইন, সাটিন ইত্যাদি। সাধারণত লিপস্টিক ঠোঁটকে বিভিন্ন রঙে রাঙানোর জন্য ব্যবহার হলেও ইহা ঠোঁট ময়শ্চারাইজ করতে বা শুষ্কতা থেকে রক্ষা করতে ব্যবহার হয়।

- **ট্যালকম পাউডার**

ট্যালকম পাউডার, যা ট্যালক পাউডার নামেও পরিচিত। এটি একটি নরম, সাদা পাউডার যা ট্যালক থেকে তৈরি। এটি বৈশিষ্ট্যগত ভাবে আর্দ্রতা শোষণ এবং ঘর্ষণ কমানোর জন্য ব্যবহার করা হয়।

- **নেইল পলিশ**

নেইল পলিশ (নেইল বার্নিশ বা নেইল এনামেল নামেও পরিচিত) হল বিশেষ ধরনের বার্ণিশ যা নখের প্লেটগুলিকে সাজাতে এবং রক্ষা করার জন্য ব্যবহার হয়ে থাকে। ইহা হাত ও পায়ের নখে ব্যবহার করা হয়। সাধারনত নেইলপলিশ ক্যামিকেল এবং অন্যান্য উপাদানের মিশ্রণ এ তৈরি হয়ে থাকে।

| | | |
|---|---|---|
|  |  |  |
| ব্লাশ | ময়েশ্চারাইজার | টোনার |

- **ব্লাশ**

ব্লাশ হল একটি প্রসাধনী পণ্য যা গালে রঙ যোগ করতে ও ত্বকের বর্ণ উজ্জ্বল করতে ব্যবহৃত হয়। এটি পাউডার, ক্রিম, জেল এবং তরল সহ বিভিন্ন আকারে পাওয়া যায় এবং বিভিন্ন স্কিন টোন এবং পছন্দ অনুসারে বিভিন্ন ধরনের ব্লাশ পাওয়া যায়।

- **ময়েশ্চারাইজার**

ময়েশ্চারাইজার এমন একটি প্রসাধনী যা জলবায়ুর উপযোগী করে তৈরি করা হয়। ইহা মূলত জলবায়ুর সাথে সামঞ্জস্যতা রেখে ত্বককে পুষ্ট রাখতে সহায়তা করে।

- **টোনার**

টোনার হল ত্বকে দ্রুত-অনুপ্রবেশকারী তরল যা ত্বককে দ্রুত হাইড্রেশন সরবরাহ করে এবং ত্বকের পৃষ্ঠ থেকে মৃত কোষ অপসারণ করতে সাহায্য করে। এছাড়াও ত্বকের গভীরে গিয়ে ত্বকের ময়লা পরিষ্কার করে এবং সংকুচিত ত্বককে আরও মসৃণ এবং সতেজ করে।

| | | |
|---|---|---|
|  |  |  |
| মেকআপ রিমুভার | সেটিং স্প্রে | বডি স্প্রে/ সেন্ট |

- **মেকআপ রিমুভার**

  এটি একটি বিশেষ বিশেষ ধরনের প্রসাধনী যা ফেইস ওয়াশ করার আগে মেকআপ রিমুভ করতে সাহায্য করে। একজন ব্যাক্তির মুখ খুব সুন্দর ভাবে পরিষ্কার করে প্রকৃত অবস্থায় ফিরিয়ে আনে। কিছু মেকআপ রিমুভার অয়েল বেসড এবং অন্যগুলি ওয়াটার বেসড হয়ে থাকে। তবে সবগুলোই পোর ক্লগিং কসমেটিক্সসহ সানস্ক্রিন, ডার্ট ও পলিউশন রিমুভ করতে সাহায্য করে।

- **সেটিং স্প্রে**

  সেটিং স্প্রে এমন একটি প্রসাধনী পণ্য যা বর্ধিত সময়ের জন্য মেকআপ সেট করতে ব্যবহৃত হয়। ইহা দীর্ঘস্থায়ী এবং প্রাকৃতিক ফিনিশ প্রদান করে। এটি সাধারণত একটি স্প্রে বোতলে পাওয়া যায় এবং মেকআপ প্রয়োগ শেষ করার পরে পুরো মুখে কুয়াশার ন্যায় স্প্রে করা হয়। স্প্রে সেট করা ত্বকের উপরিভাগে এটি প্রতিরক্ষামূলক বাঁধ তৈরি করে যা মেকআপ লক করতে সাহায্য করে এবং এটিকে সারা দিন ধোঁয়া, বিবর্ণ বা গলে যাওয়া থেকে রোধ করে।

- **বডি স্প্রে**

  বডি স্প্রে হ'ল অ্যারোসোল ডিওডোরেন্টের মতো সুগন্ধি পণ্য, যা শরীরে স্প্রে করে দুর্গন্ধ মুক্ত রাখার কাজে ব্যবহার করা হয়। বডি স্প্রে গুলো গ্যাসীয় হলেও সেন্ট সাধারণত লিকুইড বা তরল হয়ে থাকে। সেন্ট এর ধরণ অনুযায়ী ইহার স্থায়িত্ব কম বেশি হয়ে থাকে। বাংলাদেশের বাজারে বিভিন্ন ধরনের ব্র্যান্ডের বডি স্প্রে বা সেন্ট পাওয়া যায় যেমনঃ এক্স, স্যানাল, ফগ, ওয়াইল্ড স্টন ইত্যাদি।

| | | |
|---|---|---|
|  |  |  |
| লোশন | শ্যাম্পু | সাবান |

- **লোশন**

  লোশন একটি তরল প্রসাধনী যা সাধারণত ত্বককে নরম করার জন্য ব্যবহার হয়ে থাকে। লোশন সাধারণত হাত পা সহ সারা শরীরেই ব্যবহার করা যায়। তবে ছোট বাচ্চাদের ক্ষেত্রে ব্যবহার্য লোশন আলাদা হয়ে থাকে।

- **শ্যাম্পু**

  ইহা একটি চুলের যত্নের জন্য ব্যবহার্য পণ্য। সাধারণত ইহা তরল আকারে পাওয়া যায়। ইহা বোতল বা টিউবে সংরক্ষিত থাকে। শ্যাম্পু সবসময় ভেজা চুলে প্রয়োগ করতে হয়। ইহা মাথার ত্বকে ম্যাসেজ করে এবং তারপরে ধুয়ে ফেলতে হয়। তবে ছোট বাচ্চাদের ক্ষেত্রে ব্যবহার্য লোশন আলাদা হয়ে থাকে।

- **সাবান**

  ইহা সাধারণত শক্ত ও চতুর্ভুজ আকৃতির হয়ে থাকে। সাবান মুলত কোন কিছু ধোয়া, গোসল করা এবং পরিষ্কার করার কাজে ব্যবহার করা হয়। এছাড়াও সাবান টেক্সটাইল শিল্পে পিচ্ছিলকারক (লুব্রিকেন্ট) হিসেবে ব্যবহার করা হয়ে থাকে।

**গহনা বা অলংকার**

একটি রিটেইল শপে বা স্টোরে বিভিন্ন ধরনের গয়না থাকে। সাধারণত এই গয়নার জন্য আলাদা একটি সেকশন রাখা হয় যেখানে সকল ধরনেরই গয়না পাওয়া যায়। নিম্নে বিভিন্ন ধরনের গয়না সম্পর্কে আলকপাত করা হলো;

সাধারণত শরীরকে সুন্দর দেখানর জন্য শরীরের বিভিন্ন অংশে গয়না পরিধান করা হয়। গয়না বা অলঙ্কারাদির নিম্নোক্ত শ্রেণীবিন্যাস করা যায় যেমনঃ রত্নালংকার, স্বর্ণালঙ্কার, ধাতু জাত অলংকার, কৃত্রিম ও প্রাকৃতিক বা পুষ্প পল্লবে গ্রন্থিত অলংকার। নিম্নে বাঙালি নারীদের ব্যবহার্য অলংকারের একটি তালিকা তুলে ধরা হলো।

**ক. চুলের অলংকার**

সাধারণত চুলকে বিভিন্ন অবস্থানে আটকে রেখে সৌন্দর্য বর্ধন করার ক্ষেত্রে চুলের অলংকার ব্যবহার করা হয়। এগুলো হলোঃ

| | |
|---|---|
| ▪ নামঃ কাঁটা<br>ব্যবহারঃ চুলকে বিভিন্ন অবস্থানে আটকে রাখার কাজে ব্যবহার হয়। প্রায়শই খোপায় ইহা ব্যবহার করতে দেখা যায়।<br>উপকরণঃ কাঠ, প্লাস্টিক, রুপা, তামা, স্বর্ণ<br>ব্র্যান্ডঃ নির্দিষ্ট কোন ব্র্যান্ড নেই।<br>দামঃ ২০ টাকা – ২৫০০ টাকা (পণ্যের মান ভেদে দাম ভিন্ন হয়ে থাকে) |  |
| ▪ নামঃ হেয়ার ক্লিপ<br>ব্যবহারঃ চুলকে পরিপাটি ভাবে বা বিভিন্ন ডিজাইনে আটকে রাখার জন্য ব্যবহার করা হয়।<br>উপকরণঃ কাঠ, প্লাস্টিক, মেটাল<br>ব্র্যান্ডঃ নির্দিষ্ট কোন ব্র্যান্ড নেই।<br>দামঃ ০৫ টাকা – ৫০০ টাকা (পণ্যের মান ভেদে দাম ভিন্ন হয়ে থাকে) |  |

| | |
|---|---|
| ▪ নামঃ হেয়ার রাবার ব্যান্ড<br>ব্যবহারঃ চুল খোপা, বেণী বা বিভিন্ন ভাবে বেঁধে রাখার কাজে ব্যবহার করা হয়।<br>উপকরণঃ রাবার, কাপড়<br>ব্র্যান্ডঃ নির্দিষ্ট কোন ব্র্যান্ড নেই।<br>দামঃ ০৫ টাকা – ২৫০ টাকা (পণ্যের মান ভেদে দাম ভিন্ন হয়ে থাকে) |  |
| ▪ নামঃ চিরুনি<br>ব্যবহারঃ চুল আচড়ানো ও গুছিয়ে রাখার কাজে ব্যবহার করা হয়।<br>উপকরণঃ প্লাস্টিক, কাঠ, মেটাল<br>ব্র্যান্ডঃ নির্দিষ্ট কোন ব্র্যান্ড নেই।<br>দামঃ ২০ টাকা – ১০০০ টাকা (পণ্যের মান ভেদে দাম ভিন্ন হয়ে থাকে) |  |

## খ. কানের অলংকার

সাধারণত কানের সৌন্দর্য বর্ধন করার ক্ষেত্রে এই ধরনের অলংকার ব্যবহার করা হয়। ইহা ব্যবহারের ক্ষেত্রে কিছু ক্ষেত্রে কানে ছিদ্র থাকা জরুরী। আবার অনেক ক্ষেত্রে ছিদ্র ছারাও ইহা ব্যবহার করা যায়। গঠনগত ভাবে এগুলো স্বর্ণ, এমিটিশন, কাঠ বা প্লাস্টিকেরও হতে পারে। নিম্নে কিছু কানের অলংকার ছবি সহ দেখানো হলোঃ

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| ইয়ারিং | কানপাশা | কানবালা | টব |
|  |  |  |  |
| চন্দবালী | ঝুমকা | দুল | মকরকুন্ডল |

## গ. নাকের অলংকার

সাধারণত নাকের সৌন্দর্য বর্ধন করার ক্ষেত্রে এই ধরনের অলংকার ব্যবহার করা হয়। ইহা ব্যবহারের ক্ষেত্রে কিছু ক্ষেত্রে নাকে ছিদ্র থাকা জরুরী। আবার অনেক ক্ষেত্রে ছিদ্র ছাড়াও ইহা ব্যবহার করা যায়। গঠনগত ভাবে এগুলো স্বর্ণ, এমিটিশন, কাঠ বা প্লাস্টিকেরও হতে পারে। নিম্নে কিছু নাকের অলংকার ছবি সহ দেখানো হলোঃ

| | | |
|---|---|---|
|  |  |  |
| নোস পিন | টানানথ | নাকছাবি |

| | |
|---|---|
|  |  |
| নোলক | নথ |

**ঘ. মাথার অলংকার**

সাধারণত মাথার সৌন্দর্য বর্ধন করার ক্ষেত্রে এই ধরনের অলংকার ব্যবহার করা হয়। ইহা ব্যবহারের ক্ষেত্রে অধিকাংশ মাথার চুল ব্যবহার করতে হয়। গঠনগত ভাবে এগুলো স্বর্ণ, রুপা, এমিটিশন, কাঠ বা প্লাস্টিকেরও হতে পারে। নিম্নে কিছু নাকের অলংকার ছবি সহ দেখানো হলোঃ

| | | |
|---|---|---|
|  |  |  |
| কলগা | কীরিট টোপর | তাজ মুকুট |

| | |
|---|---|
|  |  |
| শিরোমনি | সিঁথি |

**ঙ. গলার অলংকার**

সাধারণত গলার সৌন্দর্য বর্ধন করার ক্ষেত্রে এই ধরনের অলংকার ব্যবহার করা। গঠনগত ভাবে এগুলো স্বর্ণ, রুপা, এমিটিশন, কাঠ বা প্লাস্টিকেরও হতে পারে। নিম্নে কিছু গলার অলংকার ছবি সহ দেখানো হলোঃ

| | | |
|---|---|---|
|  |  |  |
| চিক | চেন | কন্ঠী |

| | | |
|---|---|---|
|  |  |  |
| হার | মঙ্গলসূত্র | পুঁতিমালা |
|  |  |  |
| লকেট | সীতাহার | হাঁসুলি |

**চ. হাতের অলংকার**

সাধারণত হাতের সৌন্দর্য বর্ধন করার ক্ষেত্রে এই ধরনের অলংকার ব্যবহার করা। গঠনগত ভাবে এগুলো স্বর্ণ, রুপা, এমিটিশন, কাঠ বা প্লাস্টিকেরও হতে পারে। নিম্নে কিছু হাতের অলংকার ছবি সহ দেখানো হলোঃ

| | | |
|---|---|---|
|  |  |  |
| আর্মলেট | কঙ্কন | চূড় |
|  |  |  |
| চুড়ি | বাউটি | বালা |
|  |  |  |

| বাজুবন্ধ | ব্রেসলেট | মানতাসা |
|---|---|---|
|  |  |  |
| রতনচূড় | নোয়া | রাখি |
| |  | |
| | শাঁখা | |

### ছ. কোমরের অলংকার

সাধারণত শরীরের সৌন্দর্য বর্ধন করার ক্ষেত্রে এই ধরনের অলংকার ব্যবহার করা। ইহা কোমরে পা এ পরিধান করতে হয়। গঠনগত ভাবে এগুলো স্বর্ণ, রুপা, এমিটিশন, কাঠ বা প্লাস্টিকেরও হতে পারে। এর দাম শতক থেকে শুরু করে কয়েক লক্ষাধিক পর্যন্ত হতে পারে। নিম্নে কিছু কোমরের অলংকার ছবি সহ দেখানো হলোঃ

| | | |
|---|---|---|
|  |  |  |
| কটি/কোমর বন্ধ | চন্দ্রহার মেঘলা | বিছা |

### জ. পায়ের অলংকার


শরীরের সৌন্দর্য বর্ধন করার ক্ষেত্রে এই ধরনের অলংকার ব্যবহার করা। ইহা পা এ পরিধান করতে হয়। গঠনগত ভাবে এগুলো স্বর্ণ, রুপা, এমিটিশন, কাঠ বা প্লাস্টিকেরও হতে পারে। এর দাম শতক থেকে শুরু করে কয়েক লক্ষাধিক পর্যন্ত হতে পারে। নিম্নে কিছু পা এর অলংকার ছবি সহ দেখানো হলোঃ

| | | |
|---|---|---|
|  |  |  |
| আঙোটি/ আংটি | গুজারি | ঘুঙুর |

## খাদ্য এবং পানীয়

সাধারণত একটি রিটেইল স্টোরে সকল প্রকারের খাদ্য ও পানীয় পাওয়া যায়। খাদ্য দ্রব্যের মধ্যে রয়েছে পচনশীল ও প্যাকেটজাত আর পানীয়র মধ্যে সকল ধরনের কোমল পানীয়। নিম্নে রিটেইল স্টোরে যে সকল খাদ্য ও পানীয় পাওয়া যায় তার ক্যাটাগরি ও বর্ণনা ছবি সহ প্রদান করা হলোঃ


| | | | |
|---|---|---|---|
| **ক. টাটকা বা তাজা খাদ্য**<br>এই ক্যাটাগরিতে সাধারণত ফলমূল ও শাকসবজি আওতাভুক্ত হয়। সাধারণত একটি রিটেইল স্টোরে সব সময়ই সব ধরনের ফলমূল ও শাকসবজি পাওয়া যায় তবে সিজন অনুযায়ী ইহার তারতম্য ঘটতে পারে। নিম্নে রিটেইল স্টোরে পাওয়া যায় এমন ফলমূল ও শাকসবজির চিত্র সহ সংক্ষিপ্ত পরিছিতি উল্লেখ করা হলো | | | |
| ফল-মুল | | শাক-সব্জি | |
| নামঃ আপেল<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন সি<br>ইউনিটঃ কেজি |  | নামঃআপেল<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন কে, বি, সি<br>ইউনিটঃ কেজি |  |
| নামঃ আম<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন এ, সি, কে<br>ইউনিটঃ কেজি |  | নামঃ গাজর<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন এ, বি<br>ইউনিটঃ কেজি |  |
| নামঃ কলা<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন বি, সি<br>ইউনিটঃ কেজি |  | নামঃ আলু<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন বি<br>ইউনিটঃ কেজি |  |
| নামঃ ডালিম<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন ই, কে<br>ইউনিটঃ কেজি |  | নামঃ বেগুন<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন এ, বি, সি, ই, কে<br>ইউনিটঃ কেজি |  |
| নামঃ তরমুজ<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন সি<br>ইউনিটঃ কেজি |  | নামঃ ঢেড়স<br>প্রাপ্যতাঃ শীতকালীন<br>গুনাগুনঃ ভিটামিন এ, বি, সি<br>ইউনিটঃ কেজি |  |
| নামঃ বাঙ্গী<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন এ, বি, সি |  | নামঃ বিট রুট<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন বি, সি<br>ইউনিটঃ কেজি |  |

| | | | |
|---|---|---|---|
| ইউনিটঃ কেজি | | | |
| নামঃ মাল্টা<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন সি<br>ইউনিটঃ কেজি |  | নামঃ টমেটো<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন সি<br>ইউনিটঃ কেজি |  |
| নামঃ কমলা<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন এ, সি<br>ইউনিটঃ কেজি |  | নামঃ পেঁপে<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন এ, সি<br>ইউনিটঃ কেজি |  |
| নামঃ ব্ল্যাক বেরি<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন সি, ই, কে<br>ইউনিটঃ কেজি |  | নামঃ পুঁই শাক<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন বি<br>ইউনিটঃ কেজি |  |
| নামঃ আঙ্গুর<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন বি, সি, কে<br>ইউনিটঃ কেজি |  | নামঃ পটল<br>প্রাপ্যতাঃ সারা বছর<br>গুনাগুনঃ ভিটামিন এ, সি<br>ইউনিটঃ কেজি |  |

### খ. ডেইরি প্রোডাক্ট

গবাদি পশু, মহিষ, ছাগল, ভেড়া বা উটের মতো সহজলভ্য স্তন্যপায়ী প্রাণীর দুধ থেকে উৎপাদিত খাদ্যসামগ্রী অথবা এই প্রাণিগুলির দুধ সহযোগে বানানো হয়েছে এমন খাদ্য সামগ্রীই দুগ্ধজাত পণ্য বা ডেইরি প্রোডাক্ট। রিটেইল স্টোরে এ ধরনের পণ্য রেফ্রিজারেটরে সংরক্ষণ করা হয়। নিম্নে রিটেইল স্টোরে পাওয়া যায় এমন ডেইরি প্রোডাক্ট চিত্র সহ সংক্ষিপ্ত পরিচিতি উল্লেখ করা হলো

| | |
|---|---|
| **দুধ (পাস্তুরাইজ)**<br>নেট পরিমাণঃ ০.৫ কেজি, ১ কেজি<br>ব্র্যান্ডঃ আড়ং, মিল্ক ভিটা, আর ডি, ফার্ম ফ্রেশ, প্রাণ<br>ব্যবহারঃ চা, কফি, সেমাই, পুডিং, লাচ্ছি সহ আরও অনেক ধরনের নাস্তা বানানোর কাজে ব্যবহৃত হয়। |  |
| **নামঃ চিজ**<br>নেট পরিমাণঃ ৯০ গ্রাম, ১৮০ গ্রাম, ৩৬০ গ্রাম, ১০০০ গ্রাম (চিজের প্রতিটি স্লাইস ২৫/৩০ গ্রাম হয়ে থাকে)<br>ব্র্যান্ডঃ আড়ং, মিল্ক ভিটা, ফার্ম ফ্রেশ, প্রাণ, আমুল)<br>ব্যবহারঃ বার্গার, পাস্তা, পিজ্জা সহ বিভিন্ন ধরনের ফার্স্ট ফুড বানানোর কাজে ব্যবহৃত হয়। |  |

| | |
|---|---|
| **নামঃ বাটার**<br>নেট পরিমাণঃ ২৫০ গ্রাম, ৫০০ গ্রাম, ১০০০ গ্রাম (অনেক ক্ষেত্রে ৫০ গ্রাম এর ছোট ছোট বাটার এর কিউব পাওয়া যায়)<br>ব্র্যান্ডঃ আড়ং, মিল্ক ভিটা, ফার্ম ফ্রেশ, প্রাণ, আমুল<br>ব্যবহারঃ বার্গার, পাস্তা, পিজ্জা সহ বিভিন্ন ধরনের ফার্স্ট ফুড বানানোর কাজে ব্যবহৃত হয়। এছাড়াও তেলের বিকল্প হিসেবেও বাটার ব্যবহার হয়ে থাকে। |  |
| **নামঃ বাটার**<br>নেট পরিমাণঃ ৫০০ গ্রাম, ১০০০ গ্রাম<br>ব্র্যান্ডঃ আড়ং, মিল্ক ভিটা, প্রাণ ইত্যাদি<br>ব্যবহারঃ বিভিন্ন ধরনের ফার্স্ট ফুড আইটেম বানানোর কাজে ব্যবহৃত হয়। এছাড়াও বিভিন্ন ধরনের মিল্ক শেক বানাতেও ইহার ব্যবহার হয়ে থাকে। |  |
| **ডিম**<br>নেট পরিমাণঃ হালি (০৪ পিস), ডজন (১২ পিস)<br>ব্র্যান্ডঃ কোন ধরনের ব্রান্ড নেই<br>ব্যবহারঃ সাধারণ তরকারী, বিভিন্ন ধরনের ফার্স্ট ফুড আইটেম বানানোর কাজে ব্যবহৃত হয়। এছাড়াও বিভিন্ন ধরনের মিল্ক শেক বানাতেও ইহার ব্যবহার হয়ে থাকে। |  |

গ. **বেকারী আইটেম**

বেকারী আইটেম হলো ময়দাজাত পণ্য যা ডিম, দুধ, দই ও অন্যান্য অনেক কিছুর সংমিশ্রণে তৈরি হয়ে থাকে। নিম্নে রিটেইল স্টোরে পাওয়া যায় এমন বেকারী প্রোডাক্ট চিত্র সহ সংক্ষিপ্ত পরিচিতি উল্লেখ করা হলোঃ

| | |
|---|---|
| **ব্রেড/ রুটি**<br>নেট পরিমাণঃ প্যাকেট (ছোট, মাঝারী, বড়)<br>ব্র্যান্ডঃ ফুয়াং, অলটাইম, অলিম্পিক ইত্যাদি।<br>ব্যবহারঃ বিভিন্ন ধরনের নাস্তার আইটেম বানাতে ব্যবহার হয়ে থাকে। |  |
| **পেস্ট্রি**<br>নেট পরিমাণঃ পিস (ছোট, মাঝারী, বড়)<br>ব্র্যান্ডঃ ওয়েল ফুড, টেস্টি ট্রিট, হেলভেসিয়া।<br>ব্যবহারঃ নাস্তা বা ডেজারট আইটেম হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |
| **কেক**<br>নেট পরিমাণঃ পিস (ছোট, মাঝারী, বড়), পাউন্ড<br>ব্র্যান্ডঃ ওয়েল ফুড, টেস্টি ট্রিট, হেলভেসিয়া।<br>ব্যবহারঃ নাস্তা বা ডেজারট আইটেম হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |

| | |
|---|---|
| **মাফিন**<br>নেট পরিমাণঃ পিস (ছোট, মাঝারী, বড়)<br>ব্র্যান্ডঃ ওয়েল ফুড, টেস্টি ট্রিট, হেলভেসিয়া।<br>ব্যবহারঃ নাস্তা বা ডেজারট আইটেম হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |

ঘ. **হিমায়িত খাবার বা ফ্রজেন ফুড**

অধিকাংশ রিটেইল স্টোরে হিমায়িত খাবার বা ফ্রজেন ফুড পাওয়া যায়। সাধারণত যে সকল খাবার দ্রুত পচনশীল ও তেলে ভেজেই সাথে সাথে খাওয়া যায় এ ধরনের খাবার হিমায়িত বা ফ্রজেন অবস্থায় রাখা হয়। নিম্নে রিটেইল স্টোরে পাওয়া যায় এমন কিছু হিমায়িত খাবার বা ফ্রজেন ফুড চিত্র সহ উল্লেখ করা হলো

| | |
|---|---|
| **হিমায়িত শাক-সবজি**<br>নেট পরিমাণঃ ১০০- ১০০০ গ্রাম<br>ব্র্যান্ডঃ বাংলাদেশে দেশীয় কোন ব্র্যান্ড তৈরি না হলেও কিছু আমদানিকৃত পন্য পাওয়া যায়।<br>ব্যবহারঃ দৈনন্দিন খাদ্য হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |
| **হিমায়িত ফল**<br>নেট পরিমাণঃ ১০০- ১০০০ গ্রাম<br>ব্র্যান্ডঃ বাংলাদেশে দেশীয় কোন ব্র্যান্ড তৈরি না হলেও কিছু আমদানিকৃত পন্য পাওয়া যায়।<br>ব্যবহারঃ দৈনন্দিন খাদ্য তালিকায় ব্যবহারের পাশাপাশি ফ্রুট বেজড আইটেম তৈরিতে ব্যবহার হয়ে থাকে। |  |
| **মাছ**<br>নেট পরিমাণঃ ২৫০ - ১০০০ গ্রাম<br>ব্র্যান্ডঃ কোন ধরনের ব্র্যান্ড নেই<br>ব্যবহারঃ দৈনন্দিন খাদ্য তালিকায় ব্যবহার হয়ে থাকে। |  |
| **মাংস**<br>নেট পরিমাণঃ ২৫০ - ১০০০ গ্রাম<br>ব্র্যান্ডঃ বেঙ্গল মিট<br>ব্যবহারঃ দৈনন্দিন খাদ্য তালিকায় ব্যবহার হয়ে থাকে। |  |

| | |
|---|---|
| **রেডি টু ইট ফুড**<br>খাবারের ধরনঃ সমুচা, সিঙ্গারা, স্প্রিং রোল, পরোটা, পুড়ি, নাগেট, চিকেন বল ইত্যাদি।<br>নেট পরিমাণঃ ৫০০ - ১০০০ গ্রাম<br>ব্র্যান্ডঃ কাজী ফুড, ওয়েল ফুড, এজি ফুড, ব্র্যাক চিকেন ইত্যাদি<br>ব্যবহারঃ দৈনন্দিন খাদ্য তালিকায় ব্যবহার হয়ে থাকে। |  |

### ঙ. স্নাক্স, বেভারেজ ও চকলেট আইটেম


সাধারণত এধরনের আইটেম সমূহ নাস্তা বা ডেজারট আইটেম হিসেবে ব্যবহার হয়ে থাকে। কম বেশি সকল ধরনের রিটেইল শপে এই ধরনের ফুড আইটেম সমূহ পাওয়া যায়। নিম্নে কিছু স্নাক্স, বেভারেজ ও চকলেট আইটেম এর পরিচিতি প্রদান করা হলোঃ

| | |
|---|---|
| **চিপস**<br>নেট পরিমাণঃ প্যাকেট (ছোট, মাঝারী, বড়)<br>ব্র্যান্ডঃ বোম্বে, মিঃ টুইস্ট, আলুজ, মেরিডিয়ান, প্রিংগেলস ইত্যাদি<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় নাস্তা হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |
| **ক্রাকার/ কুকিজ**<br>নেট পরিমাণঃ প্যাকেট (ছোট, মাঝারী, বড়)<br>ব্র্যান্ডঃ অলিম্পিক, প্রাণ, মিঃ কুকিজ, লেক্সাস, টিপ ইত্যাদি<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় নাস্তা হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |
| **পপকর্ণ**<br>ধরণঃ নরমাল পপকর্ণ, চিজ পপকর্ণ, ফ্লেভারড পপকর্ণ<br>নেট পরিমাণঃ প্যাকেট (ছোট, মাঝারী, বড়)<br>ব্র্যান্ডঃ এসিআই, ডারদা ইত্যাদি<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় নাস্তা হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |
| **বাদাম**<br>ধরণঃ নরমাল পপকর্ণ, চিজ পপকর্ণ, ফ্লেভারড পপকর্ণ<br>নেট পরিমাণঃ প্যাকেট (ছোট, মাঝারী, বড়)<br>ব্র্যান্ডঃ এসিআই, ডারদা ইত্যাদি<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় নাস্তা হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |
| **সফট ড্রিঙ্কস**<br>নেট পরিমাণঃ ২৫০ মিঃলিঃ, ৬০০ মিঃলিঃ, ১০০০ মিঃলিঃ, ২০০০ মিঃলিঃ<br>ব্র্যান্ডঃ কোকাকোলা, ফান্টা, ৭ আপ, স্প্রাইট, পেপসি, মোজো<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় রিফ্রেশার হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |

| | |
|---|---|
| **পানি**<br>নেট পরিমাণঃ ২৫০ মিঃলিঃ, ৬০০ মিঃলিঃ, ১০০০ মিঃলিঃ, ২০০০ মিঃলিঃ<br>ব্র্যান্ডঃ কোকাকোলা, ফান্টা, ৭ আপ, স্প্রাইট, পেপসি, মোজো ইত্যাদি<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় রিফ্রেশার হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |
| **জুস**<br>নেট পরিমাণঃ ২৫০ মিঃলিঃ, ৬০০ মিঃলিঃ, ১০০০ মিঃলিঃ, ২০০০ মিঃলিঃ<br>ব্র্যান্ডঃ প্রাণ, একমি, স্টারশীপ ইত্যাদি<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় রিফ্রেশার হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |
| **এনার্জি ড্রিঙ্কস**<br>নেট পরিমাণঃ ২৫০ মিঃলিঃ, ৩৩০ মিঃলিঃ, ৩৭০ মিঃলিঃ<br>ব্র্যান্ডঃ স্পিড, টাইগার, স্টিং, ব্লাক হর্স ইত্যাদি<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় রিফ্রেশার হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |
| **এলকোহল ড্রিঙ্কস**<br>নেট পরিমাণঃ ২৫০ মিঃলিঃ, ৩৩০ মিঃলিঃ, ৩৭০ মিঃলিঃ, ৭৫০ মিঃলিঃ, ১০০০ মিঃলিঃ<br>ব্র্যান্ডঃ নিমিরফ, ব্ল্যাক ডেভিল, হ্যানিকেন, জ্যাক ডেনিয়েল, কেরু ইত্যাদি<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় রিফ্রেশার হিসেবে ব্যবহার হয়ে থাকে। এছাড়াও শীত প্রধান দেশে শরীর উষ্ণ রাখার কাজে ব্যবহার হয়ে থাকে। |  |
| **চকলেট**<br>নেট পরিমাণঃ বার (ছোট, মাঝারী, বড়)<br>ব্র্যান্ডঃ কিটক্যাট, পার্ক, ডেইরী মিল্ক ইত্যাদি<br>ব্যবহারঃ খাদ্য তালিকায় নাস্তা বা রিফ্রেশার হিসেবে ব্যবহার হয়ে থাকে। |  |

চ. **শস্যজাত খাদ্য**

| | |
|---|---|
| **চাল**<br>ধরনঃ আতপ, মিনিকেট, নাজির সাই, কাটারি, বাসমতি ইত্যাদি<br>নেট পরিমাণঃ কিলোগ্রাম<br>ব্র্যান্ডঃ এসিআই, প্রাণ, চাষী, রুপ চাঁদা, তীর ইত্যাদি<br>ব্যবহারঃ ভাত, পায়েস, পোলাও, বিরিয়ানী ইত্যাদি তৈরীতে ব্যবহার হয়ে থাকে। |  |

| | |
|---|---|
| **আটা**<br>ধরনঃ গমের আটা<br>নেট পরিমাণঃ কিলোগ্রাম<br>ব্র্যান্ডঃ এসিআই, প্রাণ, চাষী, রুপ চাঁদা, সেনা, তীর, বসুন্ধরা ইত্যাদি<br>ব্যবহারঃ রুটি, পিঠা সহ বিভিন্ন ধরনের নাস্তার আইটেম তৈরীতে ব্যবহার হয়ে থাকে। |  |
| **ময়দা**<br>ধরনঃ কাঁচা শস্য, শিকড়, মটরশুটি, বাদাম বা বীজ এর ময়দা<br>নেট পরিমাণঃ কিলোগ্রাম<br>ব্র্যান্ডঃ এসিআই, প্রাণ, চাষী, রুপ চাঁদা, সেনা, তীর ইত্যাদি<br>ব্যবহারঃ রুটি, পিঠা সহ বিভিন্ন ধরনের নাস্তার আইটেম তৈরীতে ব্যবহার হয়ে থাকে। |  |
| **পাস্তা**<br>নেট পরিমাণঃ ০.৫০ কিলোগ্রাম, ১ কিলোগ্রাম<br>ব্র্যান্ডঃ ম্যাকারনি, বারিলা, পাস্তা জারা, বসুন্ধরা ইত্যাদি<br>ব্যবহারঃ বিভিন্ন ধরনের নাস্তার আইটেম তৈরীতে ব্যবহার হয়ে থাকে। |  |
| **ওটস**<br>নেট পরিমাণঃ ০.৫০ কিলোগ্রাম, ১ কিলোগ্রাম<br>ব্র্যান্ডঃ সলমো ইত্যাদি<br>ব্যবহারঃ বিভিন্ন ধরনের নাস্তার আইটেম তৈরীতে ব্যবহার হয়ে থাকে। |  |

## ছ. মুদি পণ্য

| | |
|---|---|
| **সস**<br>ধরনঃ চিলি সস, সয়া সস, টমেটো সস, নাগা সস<br>নেট পরিমাণঃ গ্রাম, কিলোগ্রাম<br>ব্র্যান্ডঃ এসিআই, প্রাণ, ফ্রেশ ইত্যাদি<br>ব্যবহারঃ খাবারের স্বাদ বাড়ানো ও বিভিন্ন ধরনের নাস্তার আইটেমের সাথে খাওয়ার জন্য ব্যবহার হয়ে থাকে। |  |
| **চিনি**<br>নেট পরিমাণঃ গ্রাম, কিলোগ্রাম<br>ব্র্যান্ডঃ এসিআই, প্রাণ, সেনা, ফ্রেশ ইত্যাদি<br>ব্যবহারঃ খাবারের স্বাদ বাড়ানো ও বিভিন্ন ধরনের নাস্তার আইটেমে ব্যবহার হয়ে থাকে। |  |

| | |
|---|---|
| **লবণ**<br>ধরনঃ সধারণ লবণ, টেস্টিং সল্ট ইত্যাদি<br>নেট পরিমাণঃ গ্রাম, কিলোগ্রাম<br>ব্র্যান্ডঃ এসিআই, প্রাণ, রাঁধুনি, পিওর, ফ্রেশ ইত্যাদি<br>ব্যবহারঃ খাবারের স্বাদ বাড়ানোর জন্য ব্যবহার হয়ে থাকে। |  |
| **তেল**<br>ধরনঃ সয়াবিন, সরিষা, নারিকেল, অলিভ ইত্যাদি<br>নেট পরিমাণঃ ১০০ মিলি, ২৫০ মিলি, ৫০০ মিলি, ১ লিটার, ৫ লিটার<br>ব্র্যান্ডঃ এসিআই, প্রাণ, রুপচাঁদা, পুষ্টি, প্যারাসুট, জুঁই ফ্রেশ ইত্যাদি<br>ব্যবহারঃ ভোজ্য তেল খাবার তৈরি ও অন্যান্য তেল চুল ও শরীরের যত্নে ব্যবহার হয়ে থাকে। |  |
| **মশলা**<br>ধরনঃ জিরা, ধনে, হলুদ, লবঙ্গা, দারুচিনি, এলাচ, লবঙ্গা, মেথি ইত্যাদি<br>নেট পরিমাণঃ গ্রাম, কিলোগ্রাম<br>ব্র্যান্ডঃ এসিআই, প্রাণ, রাঁধুনি, হাইকো, ফ্রেশ ইত্যাদি<br>ব্যবহারঃ বিভিন্ন ধরনের খাবারে স্বাদ বাড়ানোর কাজে ব্যবহার হয়ে থাকে। |  |

## গৃহস্থলী


সাধারণত বাসাবাড়িতে দৈনন্দিন কাজের জন্য যে সকল সামগ্রী ব্যবহার করা হয় তা গৃহস্থলী পণ্য হিসেবে পরিচিত। কম বেশি সব রিটেইল সেক্টরেই গৃহস্থলী পন্য পাওয়া যায়।

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| বেড শীট | পিলো কভার | পর্দা | ওয়াটার ফিল্টার |
|  |  |  |  |
| ওয়াটার ফিল্টার কিট | ক্রোকারিজ | টেবিল ম্যাট | কিচেন আইটেম |

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| ফার্নিচার | প্লাস্টিক সামগ্রী | ক্লিনিং টুলস | ক্লিনিং এজেন্ট |
|  |  |  |  |
| পড়াশুনার সামগ্রী | টিস্যু | তোয়ালে | হার্ডওয়ার |

**ছোট যন্ত্রপাতি এবং ইলেকট্রনিক্স সামগ্রী**

সাধারণত বাসাবাড়িতে দৈনন্দিন কাজের জন্য অনেক ধরনের ছোট যন্ত্রপাতি এবং ইলেকট্রনিক্স সামগ্রী ব্যবহার হয়ে থাকে। নিম্নে এই ধরনের যন্ত্রপাতি এবং ইলেকট্রনিক্স সামগ্রী উল্লেখ করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| নাইফ | নেইল কাটার | ম্যানিকিউর | এন্টিকাটার |
|  |  |  |  |
| কেচি | পিন রিমুভার | স্ট্যাপ্লার | পাঞ্চ মেশিন |
|  |  |  |  |
| চারজার লাইট | টেবিল ল্যাম্প | বাল্ব | সিলিং ফ্যান |

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| টেবিল ফ্যান | রেফ্রিজারেটর | এসি | টিভি |
|  |  |  |  |
| রাইস কুকার | ওয়াশিং মেশিন | ইনডাকশন চুলা | ব্লেন্ডার |

## ১.২ প্রতিটি পণ্যের প্রয়োগ এবং ব্যবহারবিধি

রিটেইল শপের সেলস পারসন বা কর্মী হিসেবে প্রতিটি পণ্যের ব্যবহার বিধি ও পণ্যের প্রয়োগ সম্পর্কে ধারণা থাকা আবশ্যক। কেননা একজন কাস্টমারের চাহিদা মেটানো ও জিজ্ঞাসা থাকলে তা উত্তর করার ক্ষেত্রে ইহা গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। পণ্যের প্রয়োগ ও ব্যবহারবিধির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় সমূহ অবশ্যই লক্ষনীয়।

- কার্যকারিতা: স্পষ্টভাবে বর্ণনা করতে পারা যে কোন পণ্যটি কী করার জন্য ডিজাইন করা হয়েছে এবং প্রাথমিকভাবে এর কাজগুলি কি।
- বৈশিষ্ট্য: পণ্যের নির্দিষ্ট বৈশিষ্ট্যগুলি তালিকাভুক্ত করা যা পণ্যটিকে তার উদ্দেশ্যমূলক কাজগুলি কার্যকরভাবে সম্পাদন করার বিষয়গুলি নির্দেশ করে।
- নির্দেশাবলী: কীভাবে নিরাপদে এবং দক্ষতার সাথে পণ্য ব্যবহার করতে হয় তা সম্পর্কিত নির্দেশাবলী সম্পর্কে বলতে পারা।
- সামঞ্জস্যতা: সর্বোত্তম কর্মক্ষমতার জন্য অন্যান্য পণ্য বা সিস্টেমের সাথে সামঞ্জস্যের প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারা।
- অ্যাপ্লিকেশন: বিভিন্ন পরিস্থিতি বা শিল্পে পণ্যটির কার্যকর ব্যবহার সম্পর্কে জানা।
- উপকারিতা: পণ্য ব্যবহারের সুবিধাগুলি হাইলাইট করা, যেমন বর্ধিত উত্পাদনশীলতা, অর্থ সাশ্রয়, ইত্যাদি।
- রক্ষণাবেক্ষণ: দীর্ঘায়ু এবং নির্ভরযোগ্য কর্মক্ষমতা নিশ্চিত করতে কীভাবে পণ্যটির যত্ন রাখা যায় সে সম্পর্কে জানা।
- নিরাপত্তা: দুর্ঘটনা বা পণ্যের অপব্যবহার রোধ করতে নিরাপত্তা সতর্কতা এবং নির্দেশিকাগুলির উপর জ্ঞান থাকা।

## ১.৩ পণ্য সম্পর্কিত বিস্তারিত তথ্যর সঠিক ব্যাখ্যা

পণ্য সম্পর্কিত বিস্তারিত তথ্যর সঠিক ব্যাখ্যা করতে গেলে পণ্য সম্পর্কিত জ্ঞান বা প্রোডাক্ট নলেজ সম্পর্কে ভালভাবে জানতে হবে।

**পণ্য জ্ঞান বা প্রোডাক্ট নলেজ:** একটি নির্দিষ্ট পণ্য বা পরিষেবা সম্পর্কিত যাবতীয় তথ্য প্রোডাক্ট নলেজ এর অন্তর্ভুক্ত। যেমনঃ পণ্যর বৈশিষ্ট্য, সুবিধা, ব্যবহার, উৎপাদন, মেয়াদ, মূল্য, সীমাবদ্ধতা এবং বিকল্প পণ্য ইত্যাদি। ইহা গ্রাহক, বিক্রয়কর্মী, গ্রাহক পরিষেবা প্রতিনিধি, বা প্রযুক্তিগত সহায়তা প্রদানকারী দলগুলিকে কার্যকরভাবে যোগাযোগ এবং প্রদর্শন বা সেবা প্রদানে সহায়তা করে।

গ্রাহকের আস্থা: যখন পণ্য সম্পর্কে যথাযথ জ্ঞান থাকে তখন তারা অবিলম্বে এবং সঠিকভাবে গ্রাহকের প্রশ্নের উত্তর দিতে পারে। যা গ্রাহকের মধ্যে আস্থা তৈরি, নিরাপদ বোধের সৃষ্টি করে যে তারা নির্ভরযোগ্য তথ্য পাচ্ছে।

**কার্যকরী যোগাযোগ:** পণ্যের পুঙ্খানুপুঙ্খ জ্ঞান থাকলে কর্মী সম্ভাব্য গ্রাহকদের কাছে পণ্যের বৈশিষ্ট্য, সুবিধাগুলি কার্যকরভাবে উপস্থাপন করতে পারে। পরিষ্কার এবং সঠিক যোগাযোগ পণ্যটি কীভাবে গ্রাহকের চাহিদা পূরণ করতে পারে তা হাইলাইট করতে সহায়তা করে, যার ফলে বিক্রয়ের সম্ভাবনা বৃদ্ধি পায়।

**আপত্তি হ্যান্ডলিং:** ক্রয় করার আগে গ্রাহকদের প্রায়ই উদ্বেগ বা আপত্তি থাকে। প্রোডাক্ট নলেজ যথাযথ হলে বিক্রয়কর্মীরা এই আপত্তিগুলিকে আত্মবিশ্বাসের সাথে সমাধান করতে পারে এবং পণ্যের সপক্ষে যুক্তি প্রদান করতে পারে। এটি গ্রাহকের দ্বিধা হ্রাস করে এবং বিক্রয় হওয়ার সম্ভাবনা বাড়ায়।

**পার্থক্য এবং প্রতিযোগিতামূলক সুবিধা:** প্রতিযোগিতামূলক বাজারে, যথাযথ প্রোডাক্ট নলেজ একটি কোম্পানিকে প্রতিযোগীদের থেকে নিজেকে আলাদা করার সম্ভবনা বৃদ্ধি করে। যখন কর্মীরা তাদের পণ্যগুলির অনন্য বৈশিষ্ট্য এবং সুবিধাগুলি কার্যকরভাবে বর্ণনা করতে পারে, তখন গ্রাহক বাজারে বিকল্পগুলির সাথে পার্থক্য করতে পারে যা কোম্পানিকে প্রতিযোগীদের থেকে নিজেকে এগিয়ে রাখতে সহায়তা করে।

**রিটার্ন এবং অভিযোগ:** যখন গ্রাহকরা একটি পণ্য সম্পর্কে সঠিক তথ্য পান, তখন ক্রয়ের পরে তাদের হতাশা বা অসন্তোষ অনুভব করার সম্ভাবনা কম থাকে। এটি রিটার্ন, বিনিময় এবং অভিযোগের ঘটনা হ্রাস করে, যা সামগ্রিক কার্যকারিতা দক্ষতা এবং গ্রাহক সন্তুষ্টিতে অবদান রাখে।

**আপসেলিং এবং ক্রস-সেলিং সমর্থন করে:** প্রোডাক্ট নলেজ সঠিকভাবে থাকলে বিক্রয়কর্মীরা গ্রাহকের চাহিদা এবং পছন্দের উপর ভিত্তি করে সমগোত্রীয় পণ্য বা পরিষেবাগুলি আপসেলিং বা ক্রস-সেলিং করতে পারে। এটি গড় লেনদেনের মান বাড়ায় এবং ব্যবসায় ইনকাম বাড়ায়।

## সেলফ চেক (Self-Check)-১: খুচরা দোকানের পণ্য সনাক্ত করতে পারবে

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন:

১. শার্ট সাধারণত কয় ধরণের হয়ে থাকে ও কি কি ?

**উত্তর:**

২. প্যান্ট সাধারণত কয় ধরণের হয়ে থাকে ও কি কি ?

**উত্তর:**

৩. বাংলাদেশের জনপ্রিয় ৫ টি ক্লথিং ব্র্যান্ডের নাম লিখুন?

**উত্তর:**

৪. কয়েকটি স্পোর্টস ওয়্যার কোম্পানীর নাম লিখুন?

**উত্তর:**

৫. হুডি কি?

**উত্তর:**

৬. বি বি ক্রীম কে অন্য কি নামে ডাকা হয়?

**উত্তর:**

৭. ব্লাশ কি?

**উত্তর:**

৮. চুলে ব্যবহার হয় এমন ৩টি অলংকারের নাম লিখুন।

**উত্তর:**

৯. কানে ব্যবহার হয় এমন ৩টি অলংকারের নাম লিখুন।

**উত্তর:**

১০. আর্মলেট কি ধরণের অলংকার?

**উত্তর:**

## উত্তরপত্র (Answer Key)-১: খুচরা দোকানের পণ্য সনাক্ত করতে পারবে

১. শার্ট সাধারণত কয় ধরণের হয়ে থাকে ও কি কি ?

**উত্তর:** শার্ট সাধারণত দুই প্রকারঃ

- হাফ স্লিভ
- ফুল স্লিভ

২. প্যান্ট সাধারণত কয় ধরণের হয়ে থাকে ও কি কি ?

**উত্তর:** প্যান্ট সাধারণত ৩ ধরণের

- হাফ
- ফুল
- থ্রি কোয়ার্টার

৩. বাংলাদেশের জনপ্রিয় ৫ টি ক্লথিং ব্র্যান্ডের নাম লিখুন?

**উত্তর:**

- সারা
- ইস্ট্যাসি
- ইয়লো
- আরটিসান
- আড়ং

৪. কয়েকটি স্পোর্টস ওয়্যার কোম্পানীর নাম লিখুন?

**উত্তর:** পুমা, রিবক, অ্যাডিডাস, কুকাবরা।

৫. হুডি কি?

**উত্তর:** ইহা মূলত শীতকালীন একটি পোশাক। শরীরের উপরের অংশে পরিধানের জন্য ব্যবহার করা হয়।

৬. বি বি ক্রীম কে অন্য কি নামে ডাকা হয়?

**উত্তর:** বি বি ক্রীম কে "বিউটি বাম" বা "ব্লেমিশ বাম" নামে ডাকা হয়।

৭. ব্লাশ কি?

**উত্তর:** ব্লাশ হল একটি প্রসাধনী পণ্য যা গালে রঙ যোগ করতে ও ত্বকের বর্ণ উজ্জ্বল করতে ব্যবহৃত হয়। এটি পাউডার, ক্রিম, জেল এবং তরল সহ বিভিন্ন আকারে পাওয়া যায় এবং বিভিন্ন স্কিন টোন এবং পছন্দ অনুসারে বিভিন্ন ধরনের ব্লাশ পাওয়া যায়।

৮. চুলে ব্যবহার হয় এমন ৩টি অলংকারের নাম লিখুন।

**উত্তর:** হেয়ার ক্লিপ, হেয়ার রাবার ব্যান্ড, কাঁটা

৯. কানে ব্যবহার হয় এমন ৩টি অলংকারের নাম লিখুন।

**উত্তর:** ইয়ারিং, কানপাশা ও কানবালা

১০. আর্মলেট কি ধরণের অলংকার?

**উত্তর:** আর্মলেট হাতে পরিধান করার একটি অলংকার

## টাস্ক শিট (Task Sheet)-১.১: ব্যবহার সহ খুচরা দোকানের কয়েকটি পণ্য চিহ্নিত করুন

**উদ্দেশ্য**: এই জব শীট অনুসরন করে নিম্নে লিখিত কাজ গুলি করতে পারবে;

- খুচরা দোকানের কয়েকটি পণ্য চিহ্নিত করতে সক্ষম হবে
- পণ্যের ব্যবহার সম্পর্কে বলতে সক্ষম হবে

**Activity (কার্যকলাপ):** প্রশিক্ষণার্থী নিম্নের ধাপগুলো দেখবেন এবং অনুশীলন করবেন।

**সতর্কতা:**

১. জেলপেন, ইরেজার ব্যবহারে সতর্ক থাকতে হবে
২. পেন্সিল বা বলপেন ব্যবহার করা উত্তম।

**কাজের ধারাবাহিকতা:**

১. প্রত্যেকে প্র্যাকটিস শীট ও কলম নিন।
২. প্রত্যেকে আলাদাভাবে নিচের প্র্যাকটিস শীট গ্রহণ করুন এবং চিত্র অনুযায়ী পণ্যটি চিহ্নিত করুন
৩. নির্দেশনা অনুযায়ী পণ্য সম্পর্কে লিখুন।
৪. আপনার কার্যসম্পাদন হলে প্রশিক্ষককে বলুন।
৫. আপনার কাজ উপস্থাপন করুন।

## স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-১.১: ব্যবহার সহ খুচরা দোকানের কয়েকটি পণ্য চিহ্নিত করুন

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | অ্যাপ্রন | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |
| ২. | মাস্ক | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় পিপিই**

**প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস**

| ক্রম | নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | খাতা | ছোট | সংখ্যা | ০১ |
| ২. | কলম | ছোট | সংখ্যা | ০১ |
| ৩. | পেন্সিল | ছোট | সংখ্যা | ০১ |
| ৪. | ইরেজার | ছোট | সংখ্যা | ০১ |
| ৫. | পেন্সিল কাটার | ছোট | সংখ্যা | ০১ |

**প্র্যাকটিস শীট**

| চিত্র | নাম | পণ্য সম্পর্কিত তথ্য |
|---|---|---|
|  | | ধরনঃ<br>ইউনিটঃ<br>সাইজঃ<br>ব্র্যান্ডঃ<br>ব্যবহারঃ |
|   | | ধরনঃ<br>ইউনিটঃ<br>সাইজঃ<br>ব্র্যান্ডঃ<br>ব্যবহারঃ |

| | | |
|---|---|---|
|  | | ধরনঃ<br>ইউনিটঃ<br>সাইজঃ<br>ব্র্যান্ডঃ<br>ব্যবহারঃ |
|  | | ধরনঃ<br>ইউনিটঃ<br>সাইজঃ<br>ব্র্যান্ডঃ<br>ব্যবহারঃ |
|  | | ধরনঃ<br>ইউনিটঃ<br>সাইজঃ<br>ব্র্যান্ডঃ<br>ব্যবহারঃ |
|  | | ধরনঃ<br>ইউনিটঃ<br>সাইজঃ<br>ব্র্যান্ডঃ<br>ব্যবহারঃ |
|  | | ধরনঃ<br>ইউনিটঃ<br>সাইজঃ<br>ব্র্যান্ডঃ<br>ব্যবহারঃ |

## টাস্ক শিট (Task Sheet)-১.২: রিটেইল স্টোরের প্রসাধনী চিহ্নিত করুন

**উদ্দেশ্য**: এই জব শীট অনুসরন করে নিম্নে লিখিত কাজ গুলি করতে পারবে;

- রিটেইল স্টোরের প্রসাধনী চিহ্নিত করতে সক্ষম হবে

**Activity (কার্যকলাপ):** প্রশিক্ষণার্থী নিম্নের ধাপগুলো দেখবেন এবং অনুশীলন করবেন।

**সতর্কতা:**

১. জেলপেন, ইরেজার ব্যবহারে সতর্ক থাকতে হবে
২. পেন্সিল বা বলপেন ব্যবহার করা উত্তম।

**কাজের ধারাবাহিকতা:**

১. প্রত্যেকে প্র্যাকটিস শীট ও কলম নিন।
২. প্রত্যেকে আলাদাভাবে নিচের প্র্যাকটিস শীট গ্রহণ করুন এবং চিত্র অনুযায়ী পণ্যটি চিহ্নিত করুন
৩. নির্দেশনা অনুযায়ী পণ্য সম্পর্কে লিখুন।
৪. আপনার কার্যসম্পাদন হলে প্রশিক্ষককে বলুন।
৫. আপনার কাজ উপস্থাপন করুন।

## স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-১.২: রিটেইল স্টোরের প্রসাধনী চিহ্নিত করুন

**প্রয়োজনীয় পিপিই**

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | অ্যাপ্রন | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |
| ২ | মাস্ক | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস**

| ক্রম | নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | খাতা | ছোট | সংখ্যা | ০১ |
| ২ | কলম | ছোট | সংখ্যা | ০১ |
| ৩ | পেন্সিল | ছোট | সংখ্যা | ০১ |
| ৪ | ইরেজার | ছোট | সংখ্যা | ০১ |
| ৫ | পেন্সিল কাটার | ছোট | সংখ্যা | ০১ |

**প্র্যাকটিস শীট:**

| চিত্র | পণ্য সম্পর্কিত তথ্য |
|---|---|
|  | নামঃ<br>কেন ব্যবহার করা হয়ঃ |
|  | নামঃ<br>কেন ব্যবহার করা হয়ঃ |

| | |
|---|---|
|   | নামঃ<br>কেন ব্যবহার করা হয়ঃ |
|  | নামঃ<br>কেন ব্যবহার করা হয়ঃ |

## শিখনফল (Learning Outcome)-২: ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করা হয়েছে<br>২. ইনভেন্টরি কন্ট্রোল পদ্ধতি চিহ্নিত করা হয়েছে<br>৩. কর্মক্ষেত্রের মান অনুযায়ী পণ্য গ্রহণ করা হয়েছে<br>৪. এসওপি অনুযায়ী পণ্য গুদামজাত করা হয়েছে<br>৫. ফ্রন্ট অফ হাউস (FOH) এর অনুরোধ অনুযায়ী পণ্য বিক্রয় এলাকায় স্থানান্তর করা হয়েছে<br>৬. কর্মক্ষেত্রের মান অনুযায়ী মেয়াদোত্তীর্ণ পণ্য ফেরত/নিষ্পত্তি করা হয়েছে |
| শর্ত ও রিসোর্স | • কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>• সিবিএলএম<br>• হ্যান্ডআউটস<br>• ল্যাপটপ<br>• মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>• কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>• ইন্টারনেট সুবিধা<br>• হোয়াইট বোর্ড ও মার্কার<br>• অডিও ভিডিও ডিভাইস<br>• প্রয়োজনীয় টুলস |
| বিষয়বস্তু | ১. ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা<br>২. ইনভেন্টরি নিয়ন্ত্রণ<br>৩. কর্মক্ষেত্রের স্ট্যান্ডার্ড অনুযায়ী পণ্য গ্রহণ<br>৪. এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ<br>৫. ফ্রন্ট অফ হাউস (FOH) এর অনুরোধ অনুযায়ী পণ্য সেলস এরিয়ায় স্থানান্তর<br>৬. মেয়াদোত্তীর্ণ পণ্য স্ট্যান্ডার্ড অনুযায়ী কর্মস্থল থেকে নিষ্পত্তি |
| এক্টিভিটি | ১. ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করুন<br>২. এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ করুন |
| প্রশিক্ষণ পদ্ধতি | • আলোচনা (Discussion)<br>• উপস্থাপন (Presentation)<br>• প্রদর্শন (Demonstration)<br>• নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>• স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>• প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>• সমস্যা সমাধান (Problem Solving)<br>• ব্রেইনস্টরমিং (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

# শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-২ ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম**<br>**(Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা**<br>**(Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরন ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের "**ইনভেন্টরি নিয়ন্ত্রণ প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে**" শেখার উপকরন প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ২ : ইনভেন্টরি নিয়ন্ত্রণ প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্ক শিট ২.১: ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করুন<br>স্পেশিফিকেশন শিট ২.১ ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করুন<br>টাস্ক শিট ২.২: এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ করুন<br>স্পেশিফিকেশন শিট ২.২: এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ করুন |

## ইনফরমেশন শিট (Information Sheet)-২: ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষনার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

২.১. ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা
২.২. ইনভেন্টরি নিয়ন্ত্রণ পদ্ধতি
২.৩. কর্মক্ষেত্রের স্ট্যান্ডার্ড অনুযায়ী পণ্য গ্রহণ
২.৪. এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ
২.৫. ফ্রন্ট অফ হাউস (FOH) এর অনুরোধ অনুযায়ী পণ্য সেলস এরিয়ায় স্থানান্তর
২.৬. মেয়াদোত্তীর্ণ পণ্য স্ট্যান্ডার্ড অনুযায়ী কর্মস্থল থেকে নিষ্পত্তি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে

### ২.১ ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা

একটি ইনভেন্টরি রিপোর্ট হল একটি নির্দিষ্ট সময়ে একটি ব্যবসা প্রতিষ্ঠানে থাকা ইনভেন্টরির বা মালামালের পরিমাণের সারাংশ । অন্যভাবে বলা যায় যে ইনভেন্টরি রিপোর্ট হল একটি ফিজিক্যাল বা ইলেকট্রনিক ডকুমেন্ট যেখানে আপনি বিক্রয় যোগ্য পণ্য, মজুদের জন্য অর্ডার করছেন এমন পণ্য, কি পরিমাণ পণ্য নষ্ট হয়েছে তার সামগ্রীক চিত্র একসাথে পাওয়া যায়। সংক্ষেপে ইহা ব্যবসায়িক সামগ্রিক অবস্থান তুলে ধরার জন্য একটি মাধ্যম মাত্র।

ইনভেন্টরি রিপোর্ট এর সুবিধা:

- স্টক আউটস সম্পর্কে জানা যায়।
- বিক্রয় চিত্র সম্পর্কে জানা যায়।
- বর্তমান ইনভেন্টরি সম্পর্কে অবগত থাকা যায়।
- পণ্যের চাহিদা সম্পর্কে জানা যায়।
- নষ্ট হয়ে যাওয়া পণ্যের পরিমাণ সম্পর্কে জানা যায়।
- ব্যাবসায়িক প্ল্যান করতে সুবিধা হয়।

ইনভেন্টরি রিপোর্ট এর বিভিন্ন ধরণ সম্পর্কে নিম্নে বিস্তারিত আলকপাত করা হলোঃ

#### ক. ইনভেন্টরি ভ্যালুয়েশন রিপোর্ট:

এই রিপোর্টটি প্রতিষ্ঠানে থাকা সকল ইনভেন্টরির মোট বাজার মূল্য তুলে ধরে। সাধারণত ভ্যালুয়েশন রিপোর্ট তৈরির ক্ষেত্রে FIFO (ফার্স্ট-ইন, ফার্স্ট-আউট), LIFO (লাস্ট-ইন, ফার্স্ট-আউট) বা ওয়েটেড এভারেজ কস্ট (প্রতিষ্ঠানের পণ্যের মোট মূল্যকে পণ্যের মোট সংখ্যা দ্বারা ভাগ করলে ফলাফল যা পাওয়া যায় তা ওয়েটেড এভারেজ কস্ট নামে পরিচিত) পদ্ধতি ব্যবহার করে গণনা করা হয়। এটি ব্যবসার বর্তমান মূল্য বুঝতে সাহায্য করে।

#### খ. ইনভেন্টরি টার্নওভার রিপোর্ট

এই রিপোর্টটি সনাক্ত করে যে একটি কোম্পানি কত দ্রুত তার ইনভেন্টরি বা পণ্য বিক্রি করে এবং একটি নির্দিষ্ট সময়ের মধ্যে পণ্য গুলো প্রতিস্থাপন করে। সাধারণত বিক্রি করা পণ্যের মোট খরচ গড় ইনভেন্টরি দ্বারা ভাগ করে ইনভেন্টরি টার্নওভার গণনা করা হয়। এই রিপোর্ট খুব সহজেই নির্দেশ করে যে একটি কোম্পানি কতটা

দক্ষতার সাথে তার ইনভেন্টরি পরিচালনা করছে। এছাড়াও এই রিপোর্টএকটি পণ্য ধীর গতির বা ধীরে বিক্রিত পণ্য সনাক্ত করতে সাহায্য করে।

### গ. স্টক স্ট্যাটাস রিপোর্ট

এই রিপোর্টটি ইনভেন্টরির প্রতিটি আইটেমের পরিমাণের সমসাময়িক (রিয়েল-টাইম) তথ্য প্রদান করে। এই রিপোর্টের মধ্যে কোন প্রতিষ্ঠানে পণ্যের অবস্থান, SKU (স্টক কিপিং ইউনিট) নম্বর এবং অবিক্রীত পণ্যের পরিমাণ উল্লেখ থাকে। এটি ব্যবসা প্রতিষ্ঠানের স্টকের বিভিন্ন স্তর নিরীক্ষণ করতে এবং পুনরায় সাজাতে এবং শেষ হয়ে যাওয়া পণ্য পুনরায় পূরণ করার বিষয়ে সিদ্ধান্ত নিতে সহায়তা করে৷

### ঘ. এবিসি বিশ্লেষণ প্রতিবেদন

এই প্রতিবেদনটি তাদের মূল্য এবং গুরুত্বের উপর ভিত্তি করে ইনভেনটরি আইটেমগুলিকে তিনটি বিভাগে শ্রেণীবদ্ধ করে: A (high-value, high-priority items- উচ্চ-মূল্য, উচ্চ-অগ্রাধিকার আইটেম), বি (moderate-value, medium-priority items- মধ্যম-মূল্য, মাঝারি-অগ্রাধিকার আইটেম), এবং সি (low-value, low-priority items-নিম্ন-মূল্য, কম অগ্রাধিকার আইটেম)। এটি ব্যবসা প্রতিষ্ঠানকে তাদের ইনভেন্টরি পরিচালনায় কোন পণ্যের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে এবং কোথায় কি ধরনের সাপোর্ট প্রদান করতে হবে তা নির্দেশ করে।

### ঙ. ব্যাকঅর্ডার রিপোর্ট

এই প্রতিবেদনটি এমন পণ্যগুলির তালিকা করে যা গ্রাহকরা অর্ডার করেছেন কিন্তু বর্তমানে স্টক নেই। এটি ব্যবসায়িকদের কাস্টমারদের চাহিদা বা ক্রয় প্রবণতা শনাক্ত করতে এবং গ্রাহকের অসন্তোষ কমাতে পণ্যের মজুদ রাখতে সহায়তা করে।

### চ. ডেড স্টক রিপোর্ট

এই রিপোর্ট ইনভেন্টরির সেই আইটেম বা পণ্যগুলিকে চিহ্নিত করে যা একটি বর্ধিত সময়ের মধ্যেও বিক্রি করা হয়নি বা পণ্য বিনষ্ট হয়ে গেছে। এটি ব্যবসা প্রতিষ্ঠানকে ধীর গতির ইনভেন্টরি সনাক্ত করতে সহায়তা করে যা স্থান এবং মূলধন খালি করার জন্য ছাড় দেওয়ার সিদ্ধান্ত বা একেবারেই পণ্য নিষ্পত্তি করতে নির্দেশ করে।

### ছ. রিওয়ার্ডার পয়েন্ট রিপোর্ট

রিওয়ার্ডার পয়েন্ট রিপোর্ট সর্বোত্তম ইনভেন্টরি লেভেল হিসাব করে যেখানে অতিরিক্ত ইনভেন্টরি কমিয়ে স্টকআউট এড়াতে আইটেমগুলিকে পুনরায় সাজাতে নির্দেশনা প্রদান করে। এটি সময়, চাহিদার পরিবর্তনশীলতা এবং কাঙ্খিত পরিষেবার মতো বিষয়গুলি বিবেচনা করে জানান দেয় যে কখন ভবিষ্যতের চাহিদা পূরণের জন্য পণ্য মজুদ করতে হবে।

## ২.২ ইনভেন্টরি নিয়ন্ত্রণ পদ্ধতি

গ্রাহকের চাহিদা পর্যবেক্ষণ করার সময় স্টক লেভেল ট্র্যাক করার প্রক্রিয়াই হলো ইনভেন্টরি কন্ট্রোল হল। এটি ব্যবসাপ্রতিষ্ঠানকে নিশ্চিত করে যে তাদের কাছে সঠিক পরিমাণে গ্রাহকের চাহিদা বা পছন্দ অনুযায়ী পণ্য রয়েছে। ছাড়াও ইনভেন্টরি নিয়ন্ত্রণ ব্যবসা প্রতিষ্ঠান গুলোকে একটি নির্দিষ্ট পণ্যের ক্ষেত্রে অতিরিক্ত বা কম স্টক করা এড়াতে সহায়তা করে। পণ্যের পরিমাণ জানাও চুরি এবং ক্ষতি প্রতিরোধ করতে সাহায্য করেছে। সঠিক সময়ে সঠিক স্টক থাকার অর্থ হল ব্যবসাগুলি পর্যাপ্তভাবে তাদের সাপ্লাই চেইন এবং গ্রাহক পরিষেবা কার্যক্রম পরিচালনা করে।

ইনভেন্টরি নিয়ন্ত্রণ করার জন্য কি জানা প্রয়োজন?

সফলভাবে ইনভেন্টরি নিয়ন্ত্রণের জন্য ক্রয়, পুনরায় অর্ডার, শিপিং, গুদামজাতকরণ, সঞ্চয়স্থান, গ্রাহক সন্তুষ্টি, ক্ষতি প্রতিরোধ এবং টার্নওভার ইত্যাদি তথ্য প্রয়োজন। কেননা এসবকিছু পর্যালোচনা করে ব্যবসা প্রতিষ্ঠানের অবস্থা সম্পর্কে ধারণা পাওয়া যায়। এসকল তথ্য উপাত্ত পর্যালোচনা না করার কারণে ওয়ালমার্ট অনুমান করেছে যে 2014 সালে কোম্পানীটি $3 বিলিয়ন ডলার মূল্যের পণ্য বিক্রয় করা থেকে বঞ্চিত হয়েছে।

ইনভেন্টরি কন্ট্রোলের একটি অবিচ্ছেদ্য অংশ হল সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট (SCM), যা কাঁচামাল, পণ্য এবং পরিষেবার প্রবাহকে সঠিক রাখে যাতে কোম্পানি বা গ্রাহকরা সবসময় এগুলো পেতে পারে। ভালভাবে ইনভেন্টরি নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে নিম্নে বর্ণিত বিষয়গুলো বাস্তবায়ন করতে হবেঃ

**ক. ইনভেন্টরি গোল সেট করা**

ইনভেন্টরি ম্যানেজমেন্টের জন্য স্পষ্ট একটি গোল বা উদ্দেশ্য নির্ধারণ করা, যেমন স্টকআউট কম করা, ইনভেন্টরি টার্নওভার অপ্টিমাইজ করা, হোল্ডিং খরচ কমানো এবং নগদ প্রবাহ উন্নত করা।

**খ. ইনভেন্টরি নীতি তৈরী**

প্রতিষ্ঠানের জন্য অর্ডার, প্রাপ্তি, স্টোর এবং বিক্রয়ের জন্য নীতি এবং পদ্ধতিগুলি তৈরি করা। অর্ডারের পরিমাণ, রি-ওয়ার্ডার পয়েন্ট, লিড টাইম এবং স্টক রোটেশন পদ্ধতির মতো কারণগুলি নির্ধারণ করুন। কেননা ইনভেন্টরি নীতিগুলি লিপিবদ্ধ থাকলে প্রতিষ্ঠান পরিচালনা করা সহজ হয়।

**গ. ইনভেন্টরি ম্যানেজমেন্ট সফটওয়্যার ব্যবহার**

আমাদের দেশে অনেক প্রতিষ্ঠানেই ম্যানুয়ালি (কাগজ-কলম) ইনভেন্টরির কার্যক্রম পরিচালনা করে থাকে। যা সবসময়ই সময় সাপেক্ষ এবং অনেক ক্ষেত্রেই অসতর্ক থাকলে ভুল ফলাফল চলে আসে যা ব্যবসা প্রতিষ্ঠানকে ক্ষতিগ্রস্ত করে। এ কারণে ইনভেন্টরি লেভেল ট্র্যাক করতে, বিক্রয় প্রবণতা নিরীক্ষণ করতে, রিপোর্ট তৈরি করতে এবং ইনভেন্টরি-সম্পর্কিত কাজগুলিকে স্ট্রীমলাইন বা শৃঙ্খল করতে ইনভেন্টরি ম্যানেজমেন্ট সফ্টওয়্যারে বিনিয়োগ করা উচিত। এক্ষেত্রে এটা নিশ্চিত করা জরুরী যে সফ্টওয়্যারটি বিরামহীন ভাবে চলছে এবং অন্যান্য সিস্টেমের সাথে সঠিক ভাবে সংযুক্ত রয়েছে; যেমন পয়েন্ট-অফ-সেল (POS) এবং অ্যাকাউন্টিং সফ্টওয়্যার একে অপরের সাথে সঠিক ভাবে সংযুক্ত।

**ঘ. নিয়মিত ইনভেন্টরি কাউন্টস**

সিস্টেমে রেকর্ড করা ইনভেন্টরি লেভেলের সাথে প্রকৃত ইনভেন্টরি লেভেলের সামঞ্জস্যতা বজায় রাখতে নিয়মিত ফিজিক্যাল ইনভেন্টরি গণনা পরিচালনা করা। প্রতি মাসে মাসিক বা তিন মাসে একবার পর্যায়ক্রমিক হারে গণনার সময়সূচী করা এবং নির্দিষ্ট আইটেম বা বিভাগের জন্য ইনভেন্টরির সঠিক ভাবে অ সঠিক পরিমানে আছে কিনা তা যাচাই করা।

**ঙ. ABC বিশ্লেষণ**

ABC পদ্ধতি বিশ্লেষণ করে তাদের গুরুত্ব এবং মূল্যের উপর ভিত্তি করে ইনভেন্টরি আইটেমগুলিকে শ্রেণীবদ্ধ করা। বিশ্লেষণ এর ফলাফল অনুযায়ী সম্পদ বরাদ্দ রাখা এবং সে অনুসারে কর্মী ব্যবস্থাপনাকে অগ্রাধিকার দেওয়া।

**চ. রিপ্লেনিশমেন্ট প্রসেস লক্ষ্য রাখা**

রিপ্লেনিশমেন্ট প্রসেস অপ্টিমাইজ করার জন্য জাস্ট-ইন-টাইম (JIT) বা ইকোনমিক অর্ডার কোয়ান্টিটি (EOQ) নিয়ম প্রয়োগ করুন। স্টকআউট এবং অতিরিক্ত ইনভেন্টরি কমাতে চাহিদার পূর্বাভাস, লিড টাইম, এবং পছন্দসই পরিষেবার লেভেলের উপর ভিত্তি করে রি অর্ডার পয়েন্ট এবং রি অর্ডার পণ্যর পরিমাণ নির্ধারণ করা।

**ছ. সরবরাহকারী ব্যবস্থাপনা**

ব্যবসার ক্ষেত্রে অন্যতম একটি বিষয় হলো নির্ভরযোগ্য সরবরাহকারীদের সাথে দৃঢ় সম্পর্ক স্থাপন করা। এ ক্ষেত্রে তাদের সাথে পণ্যের মূল্য, ডিসকাউন্ট এবং বিতরণের সময়সূচীর মতো অনুকূল শর্তাবলী নিয়ে আলোচনা করা। সরবরাহকারীর কর্মক্ষমতা নিরীক্ষণ করা, লিড টাইম মূল্যায়ন করা এবং সরবরাহকারীর অবিলম্বে ইনভেন্টরি সরবরাহ নিশ্চিত করতে যেকোনো সমস্যা সমাধান করুন

**জ. বিক্রয় প্রবণতা নিরীক্ষণ করা**

বিক্রয় ডেটা বিশ্লেষণ করা এবং ভবিষ্যতের চাহিদা সঠিকভাবে নির্ণয় করা। অতীতের বিক্রয় তথ্য এবং চাহিদার ধরণগুলি সনাক্ত করা, প্রচারমূলক কার্যক্রম সংক্রান্ত সবকিছু পর্যালোচনা করে ইনভেন্টরি লেভেল সামঞ্জস্য রাখার জন্য পণ্য ক্রয়ের সিদ্ধান্ত নিতে হবে।

**ঝ. ক্ষতি প্রতিরোধ ব্যবস্থা বাস্তবায়ন**

ইনভেন্টরি বিনষ্ট এবং চুরি রোধ করার জন্য ব্যবস্থা গ্রহণ করা, যেমনঃ নিরাপত্তা ক্যামেরা, অ্যাক্সেস নিয়ন্ত্রণ, ইনভেন্টরি ট্যাগিং এবং কর্মচারী প্রশিক্ষণ ইত্যাদি। সবসময় ইনভেন্টরির অসঙ্গাতিগুলি নিরীক্ষণ করা, মূল কারণগুলি সনাক্ত করা এবং দ্রুত সমাধান করা।

## ২.৩ কর্মক্ষেত্রের স্ট্যান্ডার্ড অনুযায়ী পণ্য গ্রহণ

প্রতিটি কর্মক্ষেত্রেই সবসয় ব্যবসায়িক বা ব্যবহারের উদ্দেশ্যে পণ্যের চাহিদা থাকে। অর্ডার কৃত এসকল পণ্য গ্রহণের ক্ষেত্রে অবশ্যই কিছু নিয়ম মেনে চলতে হয়, যা নিম্নে সংক্ষেপে আলোকপাত করা হলো।

**ক. প্রস্তুতি গ্রহণ**

- ইনকামিং শিপমেন্ট পরিচালনার জন্য পর্যাপ্ত স্থান এবং সরঞ্জাম সহ একটি গ্রহণযোগ্য এলাকা নির্ধারণ করা।
- এটা নিশ্চিত করতে হবে যে, কর্মীরা যথাযথ গ্রহণের পদ্ধতি এবং পণ্য সুরক্ষার বিষয় গুলো সম্পর্কে ভালভাবে অবগত।

**খ. ডকুমেন্টেশন পর্যালোচনা**

- চালান এর কপির সাথে অন্যান্য ডকুমেন্ট, যেমনঃ পারচেজ ওয়ার্ডার, প্যাকিং স্লিপ ইত্যাদি মিলিয়ে দেখা।
- পণ্যের পরিমাণ, **পণ্যর** বিবরণ এবং মূল্যের মধ্যে অসঙ্গাতি পরীক্ষা করা।

**গ. পরিদর্শন**

- পণ্য পরিবহণ চলাকালীন কোন ক্ষতি বা টেম্পারিং হয়েছে কিনা তা পর্যবেক্ষণের জন্য প্যাকেজের বাহ্যিক অবস্থা পরীক্ষা করা।

- ক্ষতিগ্রস্ত, ত্রুটিপূর্ণ বা ভুল পণ্য চলে আসলে পরিদর্শন করার জন্য প্রয়োজনীয় প্যাকেজগুলি খোলা।
- সঠিক পণ্য নিশ্চিত করতে প্যাকিং স্লিপ বা পারচেজ ওয়ার্ডার এর সাথে প্রাপ্ত আইটেমগুলির তুলনা করা।

**ঘ. মান নিয়ন্ত্রণ**

- প্রাপ্ত পণ্যের গুণমান পরীক্ষা করে নিশ্চিত করা যে সকল পণ্য চাহিদা অনুযায়ী মান এবং স্পেসিফিকেশন বজায় রেখে প্রেরণ করা হয়েছে কিনা।
- কোনো গুণমানের সমস্যা বা অসঙ্গতি নথিভুক্ত করুন এবং সরবরাহকারী বা প্রাসঙ্গিক বিভাগে তাদের সাথে যোগাযোগ করুন।

**ঙ. ডকুমেন্টেশন এবং রেকর্ড কিপিং**

- ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম বা রিসিভিং লগে সঠিকভাবে প্রাপ্ত আইটেমগুলি রেকর্ড করা।
- প্রয়োজনে ফটোগ্রাফ সহ যেকোন অসঙ্গতি, ক্ষতি, বা গুণমানের সমস্যা নথিভুক্ত করা।
- রেফারেন্স এবং অডিটিং উদ্দেশ্যে প্রাপ্ত চালানের সংগঠিত রেকর্ড বজায় রাখা।

**চ. স্টোরেজ এবং অরগানাইজ (সাজানো)**

- প্রাপ্ত পণ্যগুলো সনাক্তকারী তথ্যের ভিত্তিতে সঠিকভাবে লেবেল করা, যেমন SKU নম্বর বা পণ্য কোড।
- পণ্যের ধরণ, আকার এবং স্টোরেজ এর প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে মনোনীত স্টোরেজ এলাকায় সংরক্ষণ করা।

**ছ. যোগাযোগ**

- প্রাপ্ত মালামাল এবং তা সংক্রান্ত কোনো সমস্যা থাকলে সংশ্লিষ্ট বিভাগ বা কর্মীদের অবহিত করা।
- ইনভেন্টরি লেভেল এবং স্টক অবস্থান সঠিকভাবে আপডেট করতে ইনভেন্টরি ম্যানেজমেন্ট কর্মীদের সাথে যোগাযোগ করা।

**জ. ফেরত বা বিনিময় প্রক্রিয়া:**

- স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্ষতিগ্রস্ত, ত্রুটিপূর্ণ বা ভুল পণ্য গুলোর জন্য ফেরত বা বিনিময় প্রক্রিয়া শুরু করা।
- প্রয়োজন অনুযায়ী পণ্য প্রতিস্থাপন, ক্রেডিট বা রিফান্ডের ব্যবস্থা করতে সরবরাহকারীদের সাথে যোগাযোগ করা।

**ঝ. পরিষ্কার করা**

- দায়িত্বের সাথে প্যাকেজিং সামগ্রীর প্যাকেট সরিয়ে ফেলা। এ সময় পরিবেশগত বিধি-নিষেধ অনুসরণ করা।
- একটি নিরাপদ এবং সুশৃঙ্খল কর্মক্ষেত্র বজায় রাখার জন্য পণ্য গ্রহণকৃত এলাকাটি পরিষ্কার করা।

**ঞ. প্রতিক্রিয়া এবং উন্নতি**

- প্রক্রিয়ার উন্নতির জন্য যেকোনো চ্যালেঞ্জ বা পরামর্শের বিষয়ে কর্মীদের কাছ থেকে প্রতিক্রিয়া চাওয়া।
- নিয়মিত পণ্য গ্রহণ পদ্ধতি পর্যালোচনা করা এবং দক্ষতা এবং কার্যকারিতা বাড়ানোর জন্য প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নেয়া।

## ২.৪ পণ্য সংরক্ষণ

স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি (এসওপি) অনুযায়ী পণ্য সংরক্ষণ করলে রিটেইল শপের যাবতীয় অপারেশন সহ ইনভেন্টরির নিয়ন্ত্রন খুবই সুশৃঙ্খল হয়। কার্যকরভাবে পণ্য সংরক্ষণ সম্পর্কে নিম্নে কিছু নির্দেশিকা প্রদান করা হলো

### ক. গ্রহণ এবং পরিদর্শন

- পণ্য প্রাপ্তির পরে, তারা অর্ডারের সাথে মেলে কিনা তা দেখা এবং ভাল অবস্থায় আছে তা নিশ্চিত করা।
- পণ্যের কোন ধরনের ক্ষতি, মেয়াদ শেষ হওয়ার তারিখ (যদি প্রযোজ্য হয়), এবং সঠিক লেবেল চেক করা।

### খ. শ্রেণীকরণ

- পণ্যর ধরন, আকার এবং বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে একইরকম পন্যগুলোকে একত্রিত করা। এটি প্রয়োজনের সময় সনাক্ত করার কাজটি সহজ করে তোলে।
- পণ্য সঠিকভাবে শনাক্ত করতে পরিষ্কার লেবেলিং সিস্টেম ব্যবহার করা। যেমন বারকোড বা RFID ট্যাগ ইত্যাদি লাগানো।

### গ. স্টোরেজ স্পেস বরাদ্দ

- কত ঘন ঘন পণ্য মজুদের প্রয়োজন হয় এবং ইনভেন্টরির আকারের উপর ভিত্তি করে স্টোরেজ স্পেস বরাদ্দ করা।
- স্থানের সর্বাধিক ব্যবহার নিশ্চিত করতে বিভিন্ন ধরনের তাক, বিন বা প্যালেট ব্যবহার করা।
- দ্রুত সংগ্রহের জন্য উচ্চ-চাহিদা সম্পন্ন পন্য গুলো প্রাইম লোকেশনে রাখা যাতে সহজে নাগাল পাওয়া যায়।

### ঘ. ইনভেন্টরি ম্যানেজমেন্ট

- সঠিকভাবে স্টক লেভেল ট্র্যাক করতে একটি শক্তিশালী ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন করা।
- ওভারস্টকিং বা স্টকআউট প্রতিরোধ করতে নিয়মিত স্টক চেক পরিচালনা করা।
- বর্জ্য কমাতে FIFO (ফার্স্ট-ইন-ফার্স্ট-আউট) বা FEFO (ফার্স্ট-এক্সপায়ারড-ফার্স্ট-আউট) পদ্ধতি ব্যবহার করে স্টক পরিচালনা করা।

### ঙ. নিরাপত্তা পরিমাপক

- বিপজ্জনক বা পচনশীল পণ্য পরিচালনা করার সময় নিরাপত্তা নির্দেশিকা মেনে চলা।
- রাসায়নিক, দাহ্য জিনিসপত্র এবং পচনশীল দ্রব্য যথাযথ নিরাপত্তা সতর্কতার সাথে নির্দিষ্ট এলাকায় সংরক্ষণ করা।
- নিরাপদ হ্যান্ডলিং অনুশীলন এবং জরুরী পদ্ধতি সম্পর্কে কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা।
- নিরাপত্তার সরঞ্জাম সমূহ যথাযথ নিয়ম মেনে হাতের কাছে রাখা।

### চ. স্টোরের জলবায়ু নিয়ন্ত্রণ

- পচনশীল আইটেম বা ইলেকট্রনিক্সের মতো সংবেদনশীল জিনিসপত্র সংরক্ষণের জন্য উপযুক্ত তাপমাত্রা এবং আর্দ্রতার মাত্রা বজায় রাখা।
- এসি (এয়ার কন্ডিশনার) ইনস্টল করা।

### ছ. নিরাপত্তা ব্যবস্থা

- স্টোরেজ এলাকায় চুরি এবং অননুমোদিত প্রবেশ রোধ করতে নিরাপত্তা ব্যবস্থা প্রয়োগ করা।
- মূল্যবান ইনভেন্টরি রক্ষা করতে লক, অ্যালার্ম, সিসি ক্যামেরা এবং অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম ব্যবহার করা।

### জ. ডকুমেন্টেশন এবং রেকর্ড রাখা

- পণ্যের পরিমাণ, তারিখ এবং সরবরাহকারী সহ আগত এবং বহির্গামী পণ্যের বিস্তারিত রেকর্ড রাখা।
- ভবিষ্যতের রেফারেন্স এবং রেজোলিউশনের জন্য যেকোনো ধরনের অসঙ্গতি, ক্ষয়-ক্ষতি, বা গুণমানের সমস্যা থাকলে নথিভুক্ত করা।

### ঝ. নিয়মিত রক্ষণাবেক্ষণ

- স্টোরেজের যাবতীয় সরঞ্জাম এবং সুযোগ-সুবিধাগুলি সর্বোত্তম ব্যবহারযোগ্য অবস্থায় থাকে তা নিশ্চিত করার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ পরিচালনা করা।
- দুর্ঘটনা বা ইনভেন্টরির ক্ষতি রোধ করতে ক্ষতিগ্রস্থ তাক, বিন, প্যালেট বা স্টোরেজ কন্টেইনারগুলো দ্রুত মেরামত বা প্রতিস্থাপন করা।

## ২.৫ ফ্রন্ট অফ হাউস (FOH) এর চাহিদা অনুযায়ী পণ্য সেলস এরিয়ায় স্থানান্তর

রিটেইল সেক্টরে গ্রাহকের চাহিদা অনুযায়ী ফ্রন্ট অফ হাউস (FOH) এ পণ্য পরিবহনের বা সরবরাহ খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়। তা না হলে দক্ষতার সাথে এবং সঠিকভাবে গ্রাহকের অর্ডারগুলি পূরণ করা সম্ভব হবেনা। রিটেইল সেক্টরে চাহিদা অনুযায়ী কীভাবে পণ্য পাঠানো যায় সে সম্পর্কে নিম্নে আলোকপাত করা হলো;

### ক. অর্ডার প্রসেসিং

- অনলাইন প্ল্যাটফর্ম থকে প্রাপ্ত, ইন-স্টোর অনুরোধ বা অন্যান্য চ্যানেলের মাধ্যমে প্রাপ্ত ওয়ার্ডার পর্যবেক্ষণ করা।
- সঠিক পণ্য নির্বাচন এবং পরিমাণ সঠিক কিনা তা নিশ্চিত করা।

### খ. বাছাই এবং প্যাকিং

- অর্ডারের প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে স্টোরেজ এলাকা থেকে আইটেম সংগ্রহ করা
- এ ক্ষেত্রে একটি দক্ষ পিকিং সিস্টেম ব্যবহার করা।
- পরিবহনের সময় ক্ষতি প্রতিরোধ করার জন্য উপযুক্ত প্যাকেজিং উপকরণ ব্যবহার করে পণ্য নিরাপদে প্যাক করা।
- চালানের মধ্যে যেকোনো প্রয়োজনীয় ডকুমেন্টেশন, যেমন প্যাকিং স্লিপ বা চালান অন্তর্ভুক্ত করা।

### গ. পরিবহন পদ্ধতি

- ডেলিভারির জরুরীতা, সময় ও দূরত্বের কথা বিবেচনা করে শিপিং পদ্ধতি নির্বাচন করা।
- প্রয়োজনে সময়মত ডেলিভারি এবং নিরাপদে পরিবহনের জন্য নির্ভরযোগ্য শিপিং ক্যারিয়ার বা লজিস্টিক সার্ভিস ব্যবহার করা।

**ঘ. লেবেলিং এবং ডকুমেন্টেশন**

- নিশ্চিত করা যে প্রতিটি প্যাকেজ লেবেল এবং হ্যান্ডলিং নির্দেশাবলীর সঠিকভাবে লেবেল করা আছে।

**ঙ. ট্র্যাকিং এবং মনিটরিং**

- প্রেরণকৃত পণ্যে ট্র্যাকিং সিস্টেম ব্যবহার করা। এতে করে আপডেট থাকা যায় যে পণ্য কাংখিত লক্ষ্য থেকে কত দূরে রয়েছে।

**চ. ফ্রন্ট অফ হাউস (FOH) এ যোগাযোগ**

- ফ্রন্ট অফ হাউস (FOH) এর শিপিং নিশ্চিতকরণ এবং ট্র্যাকিং তথ্য সরবরাহ করা যাতে তারা তাদের অর্ডারগুলির অগ্রগতি নিরীক্ষণ করতে পারে।
- শিপিং এবং ডেলিভারি সম্পর্কিত যেকোন জিজ্ঞাসা বা উদ্বেগের সমাধানের জন্য ফ্রন্ট অফ হাউস (FOH) কে জিজ্ঞাসা করা।

**ছ. ক্রমাগত উন্নতি**

- নিয়মিতভাবে শিপিং প্রসেস এবং পারফরম্যান্স মেট্রিক্স মূল্যায়ন করা যাতে উন্নতির জন্য ক্ষেত্র চিহ্নিত করা যায়।

## ২.৬ মেয়াদোত্তীর্ণ পণ্য স্ট্যান্ডার্ড অনুযায়ী কর্মস্থল থেকে নিষ্পত্তি

একটি রিটেইল শপ বা স্টোরের মেয়াদোত্তীর্ণ পণ্য নিষ্পত্তি অতীব গুরুত্বপূর্ণ একটি বিষয়। কেননা ইহা যথাসময়ে না করলে এর প্রভাবে অন্যান্য পণ্য ক্ষতিগ্রস্ত হতে পারে, এছাড়াও স্টোরের জায়গা দখল হয়ে থাকায় সম্পূর্ণ বিজনেস চেইনটাই ক্ষতির সম্মুখীন হয়। মেয়াদোত্তীর্ণ পণ্য কর্মস্থল থেকে নিষ্পত্তি করার ক্ষেত্রে অবশই স্বাস্থ্যবিধি বজায় রাখতে হবে। এছাড়াও মেয়াদোত্তীর্ণ পণ্য নিষ্পত্তি করার জন্য স্ট্যান্ডার্ড কিছু পদ্ধতি রয়েছে যা নিম্নে আলকপাত করা হলো:

**ক. মেয়াদোত্তীর্ণ পণ্য সনাক্তকরণ**

- নিয়মিতভাবে শেল্ফ, স্টোরেজ এলাকা এবং পণ্যের ইনভেনটরি পরিদর্শন করা এবং মেয়াদ শেষ হওয়ার তারিখের কাছাকাছি আছে বা মেয়াদ শেষ হয়ে গেছে এমন পণ্য সনাক্ত করা।
- পণ্য বিক্রি হওয়ার আগে মেয়াদ শেষ হওয়ার সম্ভাবনা কমাতে ফার্স্ট-ইন-ফার্স্ট-আউট (FIFO) সিস্টেম ব্যবহার করুন।

**খ. পৃথকীকরণ এবং অপসারণ**

- নির্ণয় হওয়ার সাথে সাথেই অন্যান্য পণ্য থেকে মেয়াদোত্তীর্ণ পণ্যগুলি আলাদা করা।
- মেয়াদোত্তীর্ণ পণ্য গুলোকে আলাদা শেলফ এ রাখা ও সময়সীমা লিখে লেবেল করে দেয়া।

**গ. ডকুমেন্টেশন**

- পণ্যের নাম, পরিমাণ, মেয়াদ শেষ হওয়ার তারিখ এবং নিষ্পত্তির কারণ সহ মেয়াদোত্তীর্ণ পণ্যের বিবরণ রেকর্ড করা।

- নিরীক্ষার উদ্দেশ্যে এবং মেয়াদ শেষ হওয়ার হার ট্র্যাক করার জন্য সঠিক রেকর্ড বজায় রাখা।

**ঘ. নিষ্পত্তি করণ**

- পণ্যের ধরন এবং পণ্য অনুযায়ী সংবিধান এর উপর ভিত্তি করে যথাযথভাবে নিষ্পত্তি করা জরুরী। নিম্নে পণ্য নিষ্পত্তির কিছু পদ্ধতি উল্লেখ করা হলো পদ্ধতি অন্তর্ভুক্ত:
- রি-সাইকেল (পুনর্ব্যবহার): রি-সাইকেল করা সম্ভব এমন প্যাকেজিং বা উপকরণ বারবার ব্যবহার করা।
- দান করা: যদি পণ্যটি এখনও ব্যবহারযোগ্য এবং ব্যবহারের জন্য নিরাপদ থাকে, তাহলে খাদ্য ব্যাঙ্ক বা দাতব্য সংস্থাগুলিতে দান করার কথা বিবেচনা করা।
- জ্বালিয়ে দেওয়া: পচনশীল আইটেম/পণ্য বা যেগুলি ব্যবহার বা দানের জন্য অনুপযুক্ত সেগুলো জ্বালিয়ে দেয়া।
- ল্যান্ডফিল: পুনর্ব্যবহৃত, দান করা বা পুড়িয়ে ফেলা যায় না এমন পণ্যগুলোকে মাটি চাপা দেয়া।

**ঙ. নিরাপত্তা সতর্কতা**

- দূষণ বা আঘাত রোধ করতে মেয়াদ উত্তীর্ণ পণ্য সতর্কতার সাথে নাড়াচাড়া করা।
- মেয়াদোত্তীর্ণ পণ্য নাড়াচাড়া বা স্থানান্তর করার সময় উপযুক্ত ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই), যেমন গ্লাভস, মাস্ক, সেফটি বুট পরিধান করুন।

**চ. পরিবেশগত বিবেচনা**

- পরিবেশ যাতে ক্ষতিগ্রস্ত না হয় সে জন্য আইন অনুযায়ী পরিবেশগতভাবে মেয়াদ উত্তীর্ণ পণ্য নিষ্পত্তি করা।
- প্রযোজ্য হলে বিপজ্জনক বর্জ্য নিষ্পত্তি সংক্রান্ত স্থানীয় নিয়ম অনুসরণ করা বা স্পেশালিষ্ট লোক দিয়ে ইহা করানো।

**ছ. যোগাযোগ**

- মেয়াদোত্তীর্ণ পণ্যের নিষ্পত্তি এবং এর পেছনের কারণ সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষকে জানানো। যেমনঃ ম্যানেজমেন্ট এবং কর্মীদের অবহিত করা।
- পণ্য নিষ্পত্তি পদ্ধতিতে কোন ধরনের পরিবর্তন আনতে হলে যথাযথ ব্যাক্তি যেমনঃ এক্সপার্ট, ম্যানেজমেন্ট ও সহকর্মীদের সম্মতি এবং বোঝাপড়া নিশ্চিত করা।

**জ. পর্যবেক্ষণ এবং পর্যালোচনা**

- মেয়াদোত্তীর্ণ পণ্য নিষ্পত্তির জন্য SOP-এর কার্যকারিতা নিয়মিত পর্যালোচনা করা।
- মেয়াদোত্তীর্ণর বিষয়াদি নিরীক্ষণ করা এবং বর্জ্য হ্রাস করার জন্য প্রয়োজন অনুসারে ইনভেন্টরি পরিচালনার অনুশীলনগুলি সামঞ্জস্য করা।

**ঝ. প্রশিক্ষণ এবং শিক্ষা**

- এসওপি অনুসারে মেয়াদোত্তীর্ণ পণ্যগুলি কীভাবে সনাক্ত এবং পরিচালনা করবেন সে সম্পর্কে কর্মীদের প্রশিক্ষণ দেয়া।
- রিটেইল শপের মানবজায় রাখতে এবং গ্রাহকের আস্থা রক্ষার জন্য যথাযথ নিষ্পত্তি অনুশীলনের গুরুত্বের উপর জোর দেয়া। কেননা ইহার সাথে রিটেইল শপের সব কিছুই চেইন আকারে সংযুক্ত।

## সেলফ চেক শিট (Self Check Sheet)-২: ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা: উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্ন:

১. ইনভেন্টরি রিপোর্ট কি?

**উত্তরঃ**

২. FIFO এবং LIFO এর পূর্ণরূপ কি?

**উত্তরঃ**

৩. ইনভেনটরি আইটেমগুলিকে কয়টি বিভাগে শ্রেণীবদ্ধ করা যায়?

**উত্তরঃ**

৪. রিটেইল সেক্টরে এ, বি, সি দ্বারা কি কোঝানো হয়?

**উত্তরঃ**

৫. পস (POS) কি?

**উত্তরঃ**

৬. পণ্য গ্রহণের সময় কি ধরনের ডকুমেন্ট চেক করতে হয়?

**উত্তরঃ**

৭. এসওপি কি?

**উত্তরঃ**

৮. ফেফো (FEFO) এর পূর্ণরূপ কি?

**উত্তরঃ**

৯. মেয়াদোত্তীর্ণ পণ্য কেন স্ট্যান্ডার্ড অনুযায়ী কর্মস্থল থেকে নিস্পত্তি করা জরুরী?

**উত্তরঃ**

১০. কি কি উপায়ে মেয়াদোত্তীর্ণ পণ্য নিস্পত্তি করা যায়?

**উত্তরঃ**

## উত্তর পত্র (Answer Key)-২: ইনভেন্টরি কন্ট্রোল প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে

১. ইনভেন্টরি রিপোর্ট কি?

**উত্তরঃ** ইনভেন্টরি রিপোর্ট হল একটি নির্দিষ্ট সময়ে একটি ব্যবসা প্রতিষ্ঠানে থাকা ইনভেন্টরির বা মালামালের পরিমাণের সারাংশ। অন্যভাবে বলা যায় যে ইনভেন্টরি রিপোর্ট হল একটি ফিজিক্যাল বা ইলেকট্রনিক ডকুমেন্ট যেখানে আপনি বিক্রয় যোগ্য পণ্য, মজুদের জন্য অর্ডার করছেন এমন পণ্য, কি পরিমাণ পণ্য নষ্ট হয়েছে তার সামগ্রীক চিত্র একসাথে পাওয়া যায়।

২. FIFO এবং LIFO এর পূর্ণরূপ কি?

**উত্তরঃ** FIFO (ফার্স্ট-ইন, ফার্স্ট-আউট), LIFO (লাস্ট-ইন, ফার্স্ট-আউট)

**৩.** ইনভেনটরি আইটেমগুলিকে কয়টি বিভাগে শ্রেণীবদ্ধ করা যায়?

**উত্তরঃ** তিনটি (০৩)

৪. রিটেইল সেক্টরে এ, বি, সি দ্বারা কি বোঝানো হয়?

**উত্তরঃ**

- **এ (**High-value, high-priority items- উচ্চ-মূল্য**,** উচ্চ-অগ্রাধিকার আইটেম**),**
- **বি** (Moderate-value, medium-priority items- মধ্যম-মূল্য**,** মাঝারি-অগ্রাধিকার আইটেম**),**
- **সি** (Low-value, low-priority items-নিম্ন-মূল্য**,** কম অগ্রাধিকার আইটেম)

৫. পস (POS) কি?

**উত্তরঃ** পয়েন্ট-অফ-সেল (POS**)**। রিটেইল শপের যে অংশে ক্রেতা কেনাকাটা সম্পাদন করে।

৬. পণ্য গ্রহণের সময় কি ধরনের ডকুমেন্ট চেক করতে হয়?

**উত্তরঃ** চালান কপি, পারচেজ ওয়ার্ডার**,** প্যাকিং স্লিপ।

৭. এসওপি কি?

**উত্তরঃ** স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি (এসওপি)। ইহা যে কোন একটি প্রতিষ্ঠান বা কাজের দিক নির্দেশনা।

৮. ফেফো (FEFO) এর পূর্ণরূপ কি?

**উত্তরঃ** FEFO-ফার্স্ট-এক্সপায়ারড-ফার্স্ট-আউট।

৯. মেয়াদোত্তীর্ণ পণ্য কেন স্ট্যান্ডার্ড অনুযায়ী কর্মস্থল থেকে নিষ্পত্তি করা জরুরী?

**উত্তরঃ** একটি রিটেইল শপ বা স্টোরের মেয়াদোত্তীর্ণ পণ্য নিষ্পত্তি অতীব গুরুত্বপূর্ণ একটি বিষয়। কেননা ইহা যথাসময়ে না করলে এর প্রভাবে অন্যান্য পণ্য ক্ষতিগ্রস্ত হতে পারে, এছাড়াও স্টোরের জায়গা দখল হয়ে থাকায় সম্পূর্ণ বিজনেস চেইনটাই ক্ষতির সম্মুখীন হয়।

**১০.** কি কি উপায়ে মেয়াদোত্তীর্ণ পণ্য নিষ্পত্তি করা যায়?

**উত্তরঃ** রি-সাইকেল (পুনর্ব্যবহার), দান করা, জ্বালিয়ে দেওয়া, ল্যান্ডফিল।

# টাস্ক শিট (Task Sheet)-২.১: এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ করুন

**উদ্দেশ্য:** এই জব শীট অনুসরন করে নিম্নে লিখিত কাজ গুলি করতে পারবে;

- রিটেইল স্টোরের স্ট্যান্ডার্ড অনুযায়ী পণ্য গ্রহণ করতে সক্ষম হবে

**Activity (কার্যকলাপ):** প্রশিক্ষণার্থী নিম্নের ধাপগুলো দেখবেন এবং অনুশীলন করবেন।

**সতর্কতা:**

১. যথাযথ পিপিই পরিধান করা
২. সকল ধরনের কাগজপত্র সঠিক ভাবে চেক করা
৩. সকল পণ্য সঠিকভাবে নিরীক্ষা করা

**কাজের ধারাবাহিকতা:**

১. পণ্য প্রাপ্তির পরে, তারা অর্ডারের সাথে মেলে কিনা তা দেখা এবং ভাল অবস্থায় আছে তা নিশ্চিত করুন
২. পণ্যের কোন ধরনের ক্ষতি, মেয়াদ শেষ হওয়ার তারিখ (যদি প্রযোজ্য হয়), এবং সঠিক লেবেল চেক করুন
৩. পণ্যর ধরন, আকার এবং বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে একইরকম পন্যগুলোকে একত্রিত করুন।
৪. পণ্য সঠিকভাবে শনাক্ত করতে পরিষ্কার লেবেলিং সিস্টেম, যেমনঃ বারকোড বা RFID ট্যাগ ইত্যাদি লাগিয়ে নিন।
৫. স্থানের সর্বাধিক ব্যবহার নিশ্চিত করতে বিভিন্ন ধরনের তাক, বিন বা প্যালেট ব্যবহার করুন
৬. দ্রুত সংগ্রহের জন্য উচ্চ-চাহিদা সম্পন্ন পন্য গুলো প্রাইম লোকেশনে রাখুন।
৭. সঠিকভাবে স্টক লেভেল ট্র্যাক করতে একটি শক্তিশালী ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন করুন।
৮. ওভারস্টকিং বা স্টকআউট প্রতিরোধ করতে নিয়মিত স্টক চেক পরিচালনা করুন।
৯. বর্জ্য কমাতে FIFO (ফার্স্ট-ইন-ফার্স্ট-আউট) বা FEFO (ফার্স্ট-এক্সপায়ারড-ফার্স্ট-আউট) পদ্ধতি ব্যবহার করে স্টক পরিচালনা করুন।
১০. বিপজ্জনক বা পচনশীল পণ্য পরিচালনা করার সময় নিরাপত্তা নির্দেশিকা মেনে চলুন।
১১. রাসায়নিক, দাহ্য জিনিসপত্র এবং পচনশীল দ্রব্য যথাযথ নিরাপত্তা সতর্কতার সাথে নির্দিষ্ট এলাকায় সংরক্ষণ করুন।
১২. নিরাপত্তার সরঞ্জাম সমূহ যথাযথ নিয়ম মেনে হাতের কাছে রাখুন।
১৩. পচনশীল আইটেম বা ইলেকট্রনিক্সের মতো সংবেদনশীল জিনিসপত্র সংরক্ষণের জন্য উপযুক্ত তাপমাত্রা এবং আর্দ্রতা নিশ্চিত করুন।
১৪. মূল্যবান ইনভেন্টরি রক্ষা করতে লক, অ্যালার্ম, সিসি ক্যামেরা এবং অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম ব্যবহার করুন।

## স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-২.১ : এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ করুন

### প্রয়োজনীয় পিপিই

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | সেফটি সু | স্ট্যান্ডার্ড অনুজায়ী | জোড়া | ০১ |
| ২. | মাস্ক | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৩. | সেফটি হেলমেট | স্ট্যান্ডার্ড অনুজায়ী | সংখ্যা | ০১ |
| ৪. | অ্যাপ্রন | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৫. | হ্যান্ড গ্লাভস | ক্লোথ, গ্রীপ সহ | জোড়া | ০১ |
| ৬. | সেফটি গগলস | অনুজায়ী | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় টুলস

| ক্রম | টুলস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ওয়েট লিফটার | স্ট্যান্ডার্ড অনুজায়ী | সংখ্যা | ০১ |
| ২. | ওয়েট স্কেল | স্ট্যান্ডার্ড অনুজায়ী | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় ইকুইপমেন্টস

| ক্রম | ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | অ্যান্টিকাটার | ছোট | সংখ্যা | ০১ |
| ২. | স্কচ টেপ | ছোট | সংখ্যা | ০১ |

## টাস্ক শিট (Task Sheet)-২.২: ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করুন

**উদ্দেশ্য:** এই জব শীট অনুসরন করে নিম্নে লিখিত কাজ গুলি করতে পারবে;

- রিটেইল স্টোরের ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করতে সক্ষম হবে

**Activity (কার্যকলাপ):** প্রশিক্ষণার্থী নিম্নের ধাপগুলো দেখবেন এবং অনুশীলন করবেন।

**সতর্কতা:**

১. যথাযথ পিপিই পরিধান করা
২. সকল ধরনের কাগজপত্র সঠিক ভাবে চেক করা
৩. সকল পণ্য সঠিকভাবে নিরীক্ষা করা

**কাজের ধারাবাহিকতা:**

১. ইনভেন্টরি ভ্যালুয়েশন রিপোর্ট চেক করুন।
২. ইনভেন্টরি টার্নওভার রিপোর্ট চেক করুন।
৩. স্টক স্ট্যাটাস রিপোর্ট চেক করুন।
৪. এবিসি বিশ্লেষণ প্রতিবেদন চেক করুন।
৫. ব্যাকঅর্ডার রিপোর্ট চেক করুন।
৬. ডেড স্টক রিপোর্ট চেক করুন।
৭. রিওয়ার্ডার পয়েন্ট রিপোর্ট চেক করুন।

## স্পেসিফিকেশন-শিট (Specification Sheet)-২.২ : ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করুন

### প্রয়োজনীয় পিপিই

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | সেফটি সু | স্ট্যান্ডার্ড অনুজায়ী | জোড়া | ০১ |
| ২. | মাস্ক | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৩. | সেফটি হেলমেট | স্ট্যান্ডার্ড অনুজায়ী | সংখ্যা | ০১ |
| ৪. | অ্যাপ্রন | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৫. | হ্যান্ড গ্লাভস | ক্লোথ, গ্রীপ সহ | জোড়া | ০১ |
| ৬. | সেফটি গগলস | অনুজায়ী | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় টুলস

| ক্রম | টুলস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার | স্ট্যান্ডার্ড অনূজায়ী | সংখ্যা | ০১ |
| ২. | সফট ওয়্যার | স্ট্যান্ডার্ড অনূজায়ী | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় ইকুইপমেন্টস

| ক্রম | ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | অ্যান্টিকাটার | ছোট | সংখ্যা | ০১ |
| ২. | স্কচ টেপ | ছোট | সংখ্যা | ০১ |

## শিখনফল (Learning Outcome)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. খুচরা দোকানের জন্য স্টোর রুম ব্যবস্থাপনা ব্যাখ্যা করা হয়েছে<br>২. প্রদর্শনের প্রস্তুতির জন্য পণ্য সংগ্রহ করা হয়েছে<br>৩. লেবেল ও প্রাইস ট্যাগ প্রস্তুত করা হয়েছে এবংকর্মক্ষেত্রের মান অনুযায়ী সংযুক্ত করা হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ● কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>● সিবিএলএম<br>● হ্যান্ডআউটস<br>● ল্যাপটপ<br>● মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>● কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>● ইন্টারনেট সুবিধা<br>● হোয়াইট বোর্ড ও মার্কার<br>● অডিও ভিডিও ডিভাইস<br>● প্রয়োজনীয় টুলস |
| বিষয়বস্তু | ১. খুচরা দোকানের জন্য স্টোর রুম ব্যবস্থাপনা<br>২. প্রদর্শনের প্রস্তুতির জন্য পণ্য সংগ্রহ করা<br>৩. লেবেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত করা কর্মক্ষেত্রের মান অনুযায়ী তৈরি ও লাগানো |
| এক্টিভিটি | ● ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করুন<br>● ইনভেন্টরি নিয়ন্ত্রণ ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে<br>● কর্মক্ষেত্রের স্ট্যান্ডার্ড অনুযায়ী পণ্য গ্রহণ ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে<br>● এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ করুন<br>● ফ্রন্ট অফ হাউস (FOH) এর অনুরোধ অনুযায়ী পণ্য সেলস এরিয়ায় স্থানান্তর ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে<br>● মেয়াদোত্তীর্ণ পণ্য স্ট্যান্ডার্ড অনুযায়ী কর্মস্থল থেকে নিষ্পত্তি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. ব্রেইন স্টরমিং (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম (Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরন ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১.প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের **“স্টোর রুম ব্যবস্থাপনা সম্পাদন করতে পারবে”** শেখার উপকরন প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২.ইনফরমেশন শিট ৩ : স্টোর রুম ব্যবস্থাপনা সম্পাদন করতে পারবে। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৩ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৩ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্ক শিট ৩.১: রিটেইল শপে পণ্য প্রদর্শণ করুন<br>স্পেশিফিকেশন শিট ৩.১: রিটেইল শপে পণ্য প্রদর্শণ করুন<br>টাস্ক শিট ৩.২: লেভেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত এবং সংযুক্ত করুন<br>স্পেশিফিকেশন শিট ৩.২: লেভেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত এবং সংযুক্ত করুন |

## ইনফরমেশন শিট (Information Sheet)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষনার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

**৩.১.** স্টোর ম্যানেজমেন্ট

**৩.২.** পণ্য সংগ্রহ ও প্রদর্শন

**৩.৩.** লেবেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত এবং কর্মক্ষেত্রের মান অনুযায়ী সংযুক্ত করা

### ৩.১. স্টোর ম্যানেজমেন্ট

#### ক. ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম

একটি ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম (আইএমএস) হল একটি সফ্টওয়্যার অ্যাপ্লিকেশন বা প্ল্যাটফর্ম যা ব্যবসার ইনভেন্টরির ভিন্ন ভিন্ন স্তরগুলি দক্ষতার সাথে ট্র্যাক করা, পরিচালনা এবং নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়। এটি স্টকের (পণ্য) পরিমাণ, অবস্থান, সরবরাহকারীর বিশদ তথ্য এবং পারচেজ ওয়ার্ডার (ক্রয় আদেশ) সহ ইনভেন্টরি সম্পর্কিত তথ্য সংরক্ষণ এবং সংগঠিত করার জন্য সেন্টার হাবে প্রেরণ করে। এখানে একটি ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেমের কিছু মূল উপাদান এবং বৈশিষ্ট্য সম্পর্কে আলোকপাত করা হলো:

- **ইনভেন্টরি ট্র্যাকিং:** IMS ব্যবসাগুলিকে রিয়েল-টাইমে স্টক নিরীক্ষণ করতে সহায়তা করে। যা ইনভেন্টরির প্রতিটি আইটেমের পরিমাণ এবং অবস্থা সম্পর্কে ধারণা প্রদান করে।

- **অর্ডার ম্যানেজমেন্ট:** এটি পারচেজ ওয়ার্ডার (ক্রয় আদেশ), বিক্রয় আদেশ এবং অন্যান্য ইনভেন্টরি-সম্পর্কিত লেনদেন তৈরি, প্রক্রিয়াকরণ এবং ট্র্যাকিংয়ের কাজ করে থাকে।

- **স্টক পুনরায় পূরণ:** আইএমএস পূর্বনির্ধারিত প্রি-অর্ডার পয়েন্ট বা ইনভেন্টরি থ্রেশহোল্ডের উপর ভিত্তি করে রি-অর্ডার অ্যালারট বা ক্রয়ের অনুরোধ তৈরি করে। সে অনুযায়ী স্টক পুনরায় পূরণ করার প্রক্রিয়াগুলি স্বয়ংক্রিয়ভাবে করতে সহায়তা করে।

- **বারকোড/আরএফআইডি ইন্টিগ্রেশন:** অনেক আইএমএস সিস্টেমে সঠিকভাবে ইনভেন্টরি ট্র্যাকিং এবং পরিচালনার জন্য বারকোড বা আরএফআইডি প্রযুক্তি ব্যবহার হয়ে থাকে। এটি পণ্য গ্রহণ, বাছাই এবং শিপিং প্রক্রিয়ার সময় দ্রুত, সঠিক তথ্য গ্রহন ও সংরক্ষণ করতে সহায়তা করে।

- **মাল্টি-লোকেশন সাপোর্ট:** একাধিক গুদাম বা স্টোরেজ রয়েছে এমন ব্যবসার জন্য, আইএমএস গুদামগুলির মধ্যে পণ্য স্থানান্তর এবং স্টক একত্রীকরণ সহ বিভিন্ন স্থানে ইনভেন্টরি পরিচালনা করার কাজে সহায়তা প্রদান করে।

- **ইনভেন্টরি ভ্যালুয়েশন:** এটি বিভিন্ন মূল্যায়ন পদ্ধতি যেমনঃ FIFO (ফার্স্ট-ইন-ফার্স্ট-আউট), LIFO (লাস্ট-ইন-ফার্স্ট-আউট), বা ওয়েটেড গড় খরচ ব্যবহার করে তাদের ইনভেন্টরির মান (ভ্যালুয়েশন) গণনা করে থাকে।

- **রিপোর্টিং এবং অ্যানালিটিক্স:** আইএমএস মূল ইনভেন্টরি মেট্রিক্স যেমনঃ টার্নওভার রেট, স্টকের অ্যাকুরেসি এবং ইনভেন্টরির বয়স ইত্যাদির উপর রিপোর্ট এবং বিশ্লেষণ তৈরি করে। এটি ব্যবসায়িদের ইনভেন্টরি ম্যানেজমেন্ট, ক্রয় এবং বিক্রয় কৌশল সম্পর্কে যথাযথ সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

- **অন্যান্য সিস্টেমের সাথে ইন্টিগ্রেশন:** আইএমএস অন্যান্য ব্যবসায়িক সিস্টেম যেমনঃ অ্যাকাউন্টিং সফটওয়্যার, ERP (এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং), এবং POS (পয়েন্ট অফ সেল) সিস্টেমগুলির সাথে তথ্য প্রবাহকে স্ট্রিমলাইন করতে এবং অপারেশনাল দক্ষতা বৃদ্ধি করতে সহায়তা করে।

- **পূর্বাভাস এবং চাহিদা পরিকল্পনা:** উন্নত আইএমএস সিস্টেমে পূর্বাভাস এবং চাহিদা পরিকল্পনার ক্ষমতা অন্তর্ভুক্ত থাকে যা ভবিষ্যতের চাহিদার পূর্বাভাস দিতে এবং সেই অনুযায়ী ইনভেন্টরি স্তরগুলি অপ্টিমাইজ করতে পারে। এ জন্য আইএমএস অতীতের তথ্য এবং গ্রাহকের পণ্য ক্রয় প্রবণতা বিশ্লেষণ করে।

- **সরবরাহকারী (সাপ্লাইয়ার) ব্যবস্থাপনা:** IMS এ সরবরাহকারীর (সাপ্লাইয়ার) বিভিন্ন ধরনের তথ্য ভবিষ্যতের জন্য অন্তর্ভুক্ত করা থাকে, যেমনঃ ক্যাটালগ, লিড টাইম, মূল্য চুক্তি, পণ্য সংগ্রহ এবং সরবরাহকারী সাথে পূর্ব অভিজ্ঞতা যা ভবিষ্যতের লেনদেন পরিচালনায় সহায়তা করে।

### খ. সংগঠন এবং বিন্যাস

বিভিন্ন ধরনের পণ্যের জন্য স্টোর রুমের মধ্যে নির্দিষ্ট এলাকা নির্ধারণ করুন। অনুরূপ বা একইধরনের আইটেমগুলিকে একসাথে রাখুন এবং তাক, বিন বা প্যালেটগুলিকে স্পষ্টভাবে লেবেল করুন। নিশ্চিত করুন যে সহজেই পণ্যের কাছে যাওয়া যায় এবং আইটেমগুলি সহজেই সংগ্রহ করা যায়। এতে করে পণ্য অনুসন্ধানে ব্যয় করা সময় কম প্রয়োজন হয়।

### গ. রি-অর্ডার পয়েন্ট সিস্টেম

রিঅর্ডার পয়েন্ট সিস্টেম হল এমন একটি পদ্ধতি যা ইনভেন্টরি ম্যানেজমেন্টে ব্যবহৃত হয়। ইনভেন্টরিতে সঠিকভাবে পণ্যর সরবরাহ বজায় রাখতে ইহা ব্যবহার করা হয়। রি-অর্ডার সিস্টেম কিভাবে কাজ করে তা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলোঃ

- **লিড টাইম নির্ধারণ:** একবার অর্ডার দেওয়ার পরে এটি ডেলিভারি হতে সময় লাগে তা গননা করা। এতে অর্ডার দেওয়া থেকে শুরু করে আপনার ইনভেন্টরিতে পাওয়া পর্যন্ত সময় অন্তর্ভুক্ত থাকে।

- **গড় চাহিদা গণনা:** লিড টাইমে পণ্যের গড় চাহিদা নির্ধারণ করা। এটি অতীতের পণ্য বিক্রয় তথ্য, পূর্বাভাস বা অন্যান্য কারণ সমূহ নিরীক্ষা করা হয়।

- **সেফটি স্টক:** চাহিদা বা লিড টাইমের পরিবর্তনশীলতার কারণে ইনভেন্টরি ফুরিয়ে যাওয়ার ঝুঁকি কমাতে কিছু পণ্য অতিরিক্ত স্টক হিসেবে রাখা হয়। এটি অপ্রত্যাশিত চাহিদা বৃদ্ধি বা বিতরণে বিলম্ব কভার করার জন্য একটি বাফার বা ব্যাকআপ হিসাবে কাজ করে।

- **রিঅর্ডার পয়েন্ট গণনা:** পুনঃক্রম বিন্দু নিম্নরূপ গণনা করা হয়:
  রিঅর্ডার পয়েন্ট = (গড় দৈনিক চাহিদা × লিড টাইম) + সেফটি স্টক

- **ইনভেন্টরি লেভেল মনিটর:** নিয়মিত ইনভেন্টরি লেভেল নিরীক্ষণ করা। যখন হাতে থাকা পণ্যর পরিমাণ রি-অর্ডার পয়েন্টে পৌঁছে যায়, তখন পুনরায় পণ্য স্টক করতে হবে।

- **অর্ডার প্রদান:** পূর্বনির্ধারিত রি-অর্ডার পয়েন্টের উপর ভিত্তি করে পুনরায় পণ্য স্টকের জন্য অর্ডার করা।

- **প্রয়োজন অনুযায়ী সামঞ্জস্য করা:** নিয়মিত পর্যালোচনা করা এবং রি-অর্ডার পয়েন্ট সে অনুযায়ী সামঞ্জস্য করা। এক্ষেত্রে চাহিদার ধরণ, লিড টাইম, বা ইনভেন্টরি পরিচালনাকে প্রভাবিত করে এমন অন্যান্য কারণগুলিকে আমলে নিন।

### ঘ. স্টক রোটেশন

রিটেইল সেক্টরে স্টক রোটেশন, যা ইনভেন্টরি রোটেশন বা মার্চেন্ডাইজ রোটেশন নামেও পরিচিত। নতুন পণ্যের আগে যেন পুরানো পণ্য বিক্রি করা হয় তা নিশ্চিত করার জন্য বিশেষ কিছু পদ্ধতি রয়েছে যেমনঃ FIFO, LIFO, LEFO ইত্যাদি ।

- **FIFO (ফিফো)**

এর পূর্ণরূপ হলো ফার্স্ট ইন, ফার্স্ট আউট অর্থাৎ যে পণ্যটি আগে স্টোরে এসেছে তা আগে বিক্রয় করা। তাই পুরানো স্টক আগে ব্যবহার করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে FIFO (ফার্স্ট ইন, ফার্স্ট আউট) অনুশীলন করা উচিত। এতে করে পণ্য চুরি বা অকেজ হওয়ার ঝুঁকি কমে যায়। নিয়মিত মেয়াদ শেষ হওয়ার তারিখ পরীক্ষা করুন এবং সেই অনুযায়ী স্টক ঘোরান।

- **LIFO (লিফো)**

এর পূর্ণরূপ হলো লাস্ট ইন, ফার্স্ট আউট অর্থাৎ যে পণ্যটি পরে স্টোরে এসেছে তা আগে বিক্রয় করা। নতুন স্টক আগে ব্যবহার করা হয়েছে তা কিনা নিশ্চিত করতে LIFO (লাস্ট ইন, ফার্স্ট আউট) অনুশীলন করা উচিত। অনেক ক্ষেত্রে এমন কিছু পণ্য থাকে যার মুল্য অনেক বেশি এবং যা ইনভেন্টরি তে দীর্ঘ সময় থাকলে মূলধন সংকট তৈরী হতে পারে। এতে করে ব্যাবসা ঝুঁকিতে পড়তে পারে।

- **LEFO (লেফো)**

এর পূর্ণরূপ হলো লাস্ট এক্সপায়ারড, ফার্স্ট আউট অর্থাৎ যে পণ্যটি পরে স্টোরে এসেছে তা আগে বিক্রয় করা। নতুন স্টক আগে ব্যবহার করা হয়েছে তা কিনা নিশ্চিত করতে LIFO (লাস্ট এক্সপায়ারড, ফার্স্ট আউট) অনুশীলন করা উচিত। অনেক ক্ষেত্রে এমন কিছু পণ্য থাকে যার মেয়াদউত্তীর্ণ হওয়ার তারিখ সঙ্গত কারণেই কম থাকে যেমনঃ কসমেটিক্স, মেডিসিন, খবার ইত্যাদি। এতে করে পণ্য বিনষ্ট বা অকেজ হওয়ার ঝুঁকি কমে যায়।

### ঙ. অডিট এবং স্টকটেকস

রেকর্ডের সাথে ফিজিক্যাল ইনভেন্টরির সমন্বয় করতে নিয়মিত অডিট এবং স্টকটেক পরিচালনা করা। অসঙ্গতিগুলি চিহ্নিত এবং সংকোচন বা ত্রুটি রোধ করতে যে কোন সময় অডিট করা। অডিট থেকে প্রাপ্ত তথ্যগুলো নিরীক্ষণ করে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা। সকল তথ্য ভবিষ্যতের জন্য সংরক্ষণ করা।

### চ. নিরাপত্তা ব্যবস্থা

শুধুমাত্র অনুমোদিত কর্মীদের জন্য স্টোর রুমে প্রবেশের অনুমতি প্রদান করুন। যথাযথ স্থানে নিরাপত্তা ক্যামেরা ইনস্টল করুন যাত সকল কার্যকলাপ নিরীক্ষণ এবং চুরি রোধ করতে সহায়তা করবে। কর্মক্ষেত্রের গুরুত্বপূর্ণ স্থানে অগ্নিনিরাপত্তার জন্য সকল সরঞ্জাম যেমনঃ ফায়ার এক্সটিংগুইসার, ফায়ার বল, ফায়ার ব্লাংকেট ইত্যাদি। এছাড়াও প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা নিশ্চিতের জন্য সকল কর্মীদের নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা।

### ছ. স্টোরের জলবায়ু নিয়ন্ত্রণ

সাধারণত প্রতিটি রিটেইল শপ বা স্টোরেই বিভিন্ন ধরনের পচনশীল বা সংবেদনশীল পণ্য থাকে যা ভাল রাখার জন্য নির্দিষ্ট ধরনের পরিবেশ নিশ্চিত করা জরুরী। কেননা পণ্যভেদে উপযুক্ত তাপমাত্রা এবং আর্দ্রতার মাত্রা বজায় না রাখতে পারলে তা নষ্ট হয়ে যাবে। এ কারণে রিটেইল শপ বা স্টোরে প্রয়োজন অনুযায়ী পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা রাখা। প্রয়োজনে এয়ার কন্ডিশনের ব্যবস্থা করা।

### জ. সরবরাহকারী ব্যবস্থাপনা (সাপ্লাইয়ার ম্যানেজমেন্ট)

সরবরাহকারীর (সাপ্লাইয়ার) বিভিন্ন ধরনের তথ্য ভবিষ্যতের জন্য অন্তর্ভুক্ত করা, যেমনঃ ক্যাটালগ, লিড টাইম, মূল্য চুক্তি, পণ্য সংগ্রহ এবং সরবরাহকারী সাথে পূর্ব অভিজ্ঞতা যা ভবিষ্যতের লেনদেন পরিচালনায় সহায়তা করে। কেননা ব্যবসা পরিচালনা ক্ষেত্রে স্টকআউট বা ওভারস্টক পরিস্থিতি এড়াতে প্রতিনিয়তই পণ্য ক্রয় প্রয়োজন হয় তখন সরবরাহকারীর এ সকল তথ্য ব্যবসা পরিচালনায় সহযোগীতা করে থাকে।


### ঝ. ডকুমেন্টেশন

রিটেইল খাতে ডকুমেন্টেশন বলতে রিটেইল ব্যবসা পরিচালনার সাথে সম্পর্কিত বিভিন্ন ধরণের নথি তৈরি, পরিচালনা এবং সংরক্ষণের প্রক্রিয়া বোঝায়। এই ডকুমেন্টেশন ভবিষ্যতে বিভিন্ন ধরনের সিদ্ধান্ত গ্রহণ সহ বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার হয়ে থাকে। সাধারণত রিটেইল সেক্টরে নিম্নোক্ত ধরনের ডকুমেন্টেশন ব্যবহার হয়ে থাকে।

- ইনভেন্টরি রেকর্ড
- সেলস রেকর্ড
- পারচেজ ওয়ার্ডার
- ভেন্ডর কন্ট্রাক্ট
- কর্মীদের রেকর্ড
- কমপ্লায়েন্স
- ট্রেনিং ম্যাটেরিয়ালস
- মারকেটিং
- ফাইন্যান্সিয়াল রেকর্ড

## ৩.২. পণ্য সংগ্রহ ও প্রদর্শন

গ্রাহকের সামনে আকর্ষণীয়ভাবে পণ্য প্রদর্শন করা প্রতিটি রিটেইল স্টোরের জন্য গুরুত্বপূর্ণ একটি বিষয়। পণ্য প্রদর্শনের সময়ে পণ্যের বৈশিষ্ট্য, ব্যবহারবিধি ও উপকারিতা সুন্দর করে উপস্থাপন করতে পারলেই গ্রাহক সহজে পণ্য ক্রয়ে আগ্রহী হয়ে ওঠে। গ্রাহকের সামনে পণ্য প্রদর্শনের কিছু নিয়ম রীতি অনুসরণ করতে হয়। প্রতিষ্ঠান ভেদে এই নিয়ম রীতির ভিন্নতা থাকে। তারপরও এক্ষেত্রে সাধারণভাবে বলা যায়, প্রতিষ্ঠানের পরিকল্পনা, পরিবেশ, প্রদর্শন নীতি ও পদ্ধতি এবং অন্যান্য সুরক্ষা নীতি অনুযায়ী স্টোরেজ এবং ডিসপ্লে ইউনিট নির্বাচন করা হয়। এক্ষেত্রে অন্যান্য নিরাপত্তার প্রয়োজনীয়তা বিবেচনায় নিয়ে প্রদর্শনের জন্য নির্ধারিত স্থানে পণ্যগুলোকে সাবধানতার সঙ্গে ক্রমানুসারে সাজাতে হয়। প্রদর্শন ইউনিটে প্রদর্শিত পণ্যের গায়ে সঠিক মূল্য ট্যাগিং, পণ্যের পরিমাণ, পণ্য উৎপাদন ও মেয়াদ উর্ত্তীণ তারিখ, পণ্য বিবরণী, পণ্য নম্বর,খুচরা বিক্রেতার নাম এবং ঠিকানা,দাম, উপাদান / স্পেসিফিকেশন, মেয়াদোর্ত্তীণ তারিখ এবং অংকে ওজন, সংরক্ষণ পদ্ধতি, পুষ্টি তথ্য (খাদ্যসামগ্রীর ক্ষেত্রে) ও বারকোড ইত্যাদি থাকতে হবে। যা গ্রাহকের প্রয়োজনীয় তথ্য নিশ্চিত করে ক্রয়ের সিদ্ধান্তকে সহতজতর করে তুলবে। নিম্নে পণ্য প্রদর্শনের নিয়মাবলী সম্পর্কে বিস্তারিত আলোকপাত করা হলোঃ

| | |
|---|---|
| ক. **আপনার টার্গেট অডিয়েন্স বোঝাঃ** টার্গেট গ্রাহক কারা এবং তারা কি খুঁজছেন তা নির্ণয় করা। তাদের পছন্দ, চাহিদা এবং কেনাকাটার অভ্যাসের ধরণ অনুযায়ী পণ্যকে গ্রেডিং করা এবং সে অনুযায়ী ডিস্প্লের প্ল্যান করা। |  |
| খ. **লেআউটের পরিকল্পনাঃ** এমন একটি লেআউট ডিজাইন করুন যা গ্রাহকদের স্টোরের মধ্য সঠিকভাবে গাইড করে পরিচালনা করে এবং পণ্যগুলির দৃশ্যমানতা সর্বাধিক করে। একটি আনন্দায়ক পরিবেশ এবং সহজে কেনাকাটা করতে পারে এমনটা নিশ্চিত করা। সম্ভব হলে একাধিক সেলিং পয়েন্ট ডিজাইন করা। |   |
| গ. **ভিজ্যুয়াল মার্চেন্ডাইজিং কৌশলগুলি ব্যবহারঃ** পণ্যগুলিকে দৃশ্যত আকর্ষণীয় এবং আকর্ষক করে তুলতে ভিজ্যুয়াল মার্চেন্ডাইজিং কৌশলগুলি ব্যবহার করা। যেমনঃ রঙ সমন্বয়, আলো, সাইনেজ এবং প্রপস ইত্যাদি আমলে রাখা। |  |
| ঘ. **ফিচার পণ্য হাইলাইট করা:** গ্রাহকদের দৃষ্টি আকর্ষণ করার জন্য ফিচার বা মৌসুমী পণ্যগুলিকে বিশেষভাবে প্রদর্শন করা। নতুন আগমন, অধিক পরিমানে বিক্রিত বা প্রচারমূলক আইটেমগুলিকে হাইলাইট এর জন্য ডিসপ্লে টেবিল, তাক, বা নির্দিষ্ট একটি স্থান ব্যবহার করা। |   |
| ঙ. **চোখ ধাঁধানো ডিসপ্লে তৈরি করা:** নজরকাড়া উপস্থাপনা তৈরি করতে বিভিন্ন প্রদর্শন কৌশল নিয়ে পরীক্ষা করা। বিভিন্ন ধরনের লাইটের ব্যবহার বা ডিজিটাল বোর্ড সংযোজন করে আকর্ষণীয় করে তোলা। |   |
| চ. **কৌশলগতভাবে পণ্য সাজানো:** ক্রস-সেলিং এবং আপসেলিংকে উৎসাহিত করার জন্য সম্পূরক পণ্যগুলিকে একত্রিত করা। উদাহরণস্বরূপ, পোশাকের আইটেমগুলির পাশাপাশি আনুষাঙ্গিকগুলি প্রদর্শন করা বা গ্রাহকের কেনাকাটার অভিজ্ঞতাকে উন্নত করে এমন সম্পর্কিত পণ্যগুলির পাশাপাশি রাখা। |  |

| | |
|---|---|
| ছ. **সহজে চলাচল ও পণ্য সংগ্রহের উপর ফোকাস করা:** পণ্যগুলি সহজেই অ্যাক্সেসযোগ্য এবং গ্রাহকদের নাগালের মধ্যে রয়েছে তা নিশ্চিত করা। অতিরিক্ত তাক বা প্রদর্শন এড়িয়ে চলা, চলাচলের পথ যানজট মুক্ত রাখা এবং হাতের নাগালে রাখা নিশ্চিত করা। এসব কিছু নিশ্চিত করা গেলে ক্রেতা পণ্য কেনাকাটা করতে স্বাচ্ছন্দ্য বোধ করে। |  |
| জ. **নিয়মিতভাবে ডিসপ্লে ঘোরান:** নিয়মিতভাবে পন্যকে ডিসপ্লের জন্য রোটেট করানো বা পরিবর্তন করা। নিয়মিত থিম আপডেট এর মাধ্যমে পণ্য প্রদর্শন (বিভিন্ন ধরনের অফার) করে ডিসপ্লেকে আকর্ষণীয় করা। এটি ক্রেতাগণকে পুনরায় শপ ভিজিটে উৎসাহিত করে এবং নতুন অফার অন্বেষণে গ্রাহকদের আগ্রহ বজায় রাখে। |  |
| ঝ. **তথ্য প্রদান করাঃ** পণ্যর বৈশিষ্ট্য, সুবিধা, দাম এবং বিশেষ অফার সহ পণ্য সম্পর্কে অন্যান্য প্রাসঙ্গিক তথ্য প্রদান করতে সাইনেজ, পণ্য ট্যাগ বা ডিজিটাল ডিসপ্লে ব্যবহার করা। পরিষ্কার এবং তথ্যপূর্ণ পণ্য গ্রাহকদের ক্রয় সিদ্ধান্তকে সহজ করে তোলে। |  |
| ঞ. **পরিচ্ছন্নতা এবং সংগঠন বজায় রাখা:** ডিসপ্লেগুলিকে সর্বদা পরিষ্কার, ভালভাবে রক্ষণাবেক্ষণ এবং সংগঠিত রাখা। নিয়মিতভাবে তাক পুনরুদ্ধার করা, বিশৃঙ্খলা দূর করা এবং নিশ্চিত করা যে পণ্যগুলি নিয়ম মেনে সুন্দরভাবে সাজানো আছে। |  |
| ট. **সিজনাল থিম বিবেচনা করা:** যে কোন সিজন, ছুটির দিন বা বিশেষ ইভেন্টগুলি হাইলাইট (উল্লেখ) করে পণ্য প্রদর্শণ করা। একটি উৎসব মুখর পরিবেশ তৈরি করতে এবং কেনাকাটা আনন্দমুখর করতে সিজনাল সাজসজ্জা, রঙ এবং থিমগুলিকে অন্তর্ভুক্ত করা। যেমনঃ পহেলা বৈশাখ, ঈদ, পূজা ইত্যাদি |   |

## ৩.৩.লেবেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত করা এবং কর্মক্ষেত্রের মান অনুযায়ী সংযুক্ত করা

ভোক্তাদের পণ্য সম্পর্কে প্রয়োজনীয় বিবরণ যেমনঃ উপাদান, ব্যবহারের নির্দেশাবলী, নিরাপত্তা সতর্কতা, দাম ইত্যাদি সম্পর্কে জানানোর জন্য লেবেল বা এমন ট্যাগ ব্যবহার করা হয়। ইহা ব্র্যান্ড এবং ভোক্তাদের মধ্যে একটি সরাসরি তথ্য চ্যানেল হিসাবে কাজ করে, প্রয়োজনীয় বিবরণ প্রদান করে এবং ব্র্যান্ডের পরিচয় তৈরি করে। নিম্নে পণ্যের লেবেল, প্রাইস ট্যাগ তৈরি ও লাগানো সম্পর্কে কিছু তথ্য সম্পর্কে আলোকপাত করা হলোঃ

- স্ট্যান্ডার্ডাইজ লেবেলিং ফরম্যাট তৈরি করা যাতে পণ্যের নাম, বিবরণ, SKU (স্টক কিপিং ইউনিট) নম্বর, মূল্য এবং আকার, রঙ বা উপাদানের মতো প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ তথ্য অন্তর্ভুক্ত থাকে।

- লেবেল, প্রাইস ট্যাগ তৈরির ক্ষেত্রে মানসম্পন্ন সামগ্রী ব্যবহার করা যাতে সহজেই ছিঁড়ে বা বিবর্ণ না হয়ে যায়।
- লেবেল, প্রাইস ট্যাগে স্পষ্টভাবে মুদ্রণ বা তথ্য গুলো লেখা।
- বারকোডে পণ্যের তথ্য অন্তর্ভুক্ত করা।
- আঠালো স্টিকার, প্লাস্টিক ফাস্টেনার বা ট্যাগিং গানের মতো পদ্ধতি ব্যবহার করে পণ্যগুলিতে নিরাপদে লেবেল এবং মূল্য ট্যাগ সংযুক্ত করা।
- তাক, র‍্যাক বা সেলফ এ লেবেলযুক্ত পণ্য প্রদর্শনের জন্য কর্মক্ষেত্রের নির্দেশিকা মেনে চলুন। নিশ্চিত করা যে পণ্যগুলি সুন্দরভাবে সাজানো হয়েছে এবং লেবেল এবং মূল্য ট্যাগগুলি গ্রাহকদের কাছে স্পষ্টভাবে দৃশ্যমান।
- পণ্যের দাম, প্রচার, বা ছাড়ের তথ্য উল্লেখ করতে লেবেল এবং মূল্য ট্যাগগুলিতে নিয়মিত আপডেট করুন।
- লেবেলিং এবং পণ্যের মূল্য নির্ধারণের জন্য দায়ী স্টাফ সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা।

## সেলফ চেক (Self-Check)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা: উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

১. IMS কি?
উত্তর:

২. রি-অর্ডার পয়েন্ট সিস্টেম কি?
উত্তর:

৩. সেফটি স্টক কি?
উত্তর:

৪. স্টক রোটেশনের ২ টি পদ্ধতির নাম লিখুন।
উত্তর:

৫. LEFO (লেফো) এর পূর্ণরূপ কি?
উত্তর:

৬. কেন অডিট এবং স্টকটেকস করতে হয়?
উত্তর:

৭. অগ্নিনিরাপত্তা কয়েকটি সরঞ্জামের নাম লিখুন।
উত্তর:

৮. একটি কর্মক্ষেত্রে কি কি ধরনের ডকুমেন্টেশন ব্যবহার হয়ে থাকে?
উত্তর:

৯. কৌশলগতভাবে পণ্য সাজানোর ২ টি উদাহরণ লিখুন।
উত্তর:

১০. পণ্যের ট্যাগ, লেবেল এ কি থাকে।
উত্তর:

## উত্তর পত্র (Answer Key)-৩: স্টোর রুম ব্যবস্থাপনা সম্পন্ন করতে পারবে

১. IMS কি?
উত্তর: ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেমকে সংক্ষেপে IMS বলে।

২. রি-অর্ডার পয়েন্ট সিস্টেম কি?
উত্তর: রিঅর্ডার পয়েন্ট সিস্টেম হল এমন একটি পদ্ধতি যা ইনভেন্টরি ম্যানেজমেন্টে ব্যবহৃত হয়। ইনভেন্টরিতে সঠিকভাবে পণ্যর সরবরাহ বজায় রাখতে ইহা ব্যবহার করা হয়।

৩. সেফটি স্টক কি?
উত্তর: চাহিদা বা লিড টাইমের পরিবর্তনশীলতার কারণে ইনভেন্টরি ফুরিয়ে যাওয়ার ঝুঁকি কমাতে কিছু পণ্য অতিরিক্ত স্টক হিসেবে রাখা হয় যা সেফটি স্টক হিসেবে পরিচিত।

৪. স্টক রোটেশনের ২ টি পদ্ধতির নাম লিখুন।
উত্তর: ফার্স্ট ইন, ফার্স্ট আউট FIFO (ফিফো) এবং লাস্ট ইন, ফার্স্ট আউট LIFO (লিফো)

৫. LEFO (লেফো) এর পূর্ণরূপ কি?
উত্তর: লাস্ট এক্সপায়ারড, ফার্স্ট আউট

৬. কেন অডিট এবং স্টকটেকস করতে হয়?
উত্তর: রেকর্ডের সাথে ফিজিক্যাল ইনভেন্টরির সমন্বয় করতে অডিট এবং স্টকটেক পরিচালনা করতে হয়।

৭. অগ্নিনিরাপত্তা কয়েকটি সরঞ্জামের নাম লিখুন।
উত্তর: ফায়ার এক্সটিংগুইসার, ফায়ার বল, ফায়ার ব্লাংকেট

৮. একটি কর্মক্ষেত্রে কি কি ধরনের ডকুমেন্টেশন ব্যবহার হয়ে থাকে?
উত্তর: ইনভেন্টরি রেকর্ড, সেলস রেকর্ড, পারচেজ ওয়ার্ডার, ভেন্ডর কন্ট্রাক্ট, কর্মীদের রেকর্ড, কমপ্লায়েন্স, ট্রেনিং ম্যাটেরিয়ালস, মারকেটিং রেকর্ড, ফাইন্যান্সিয়াল রেকর্ড।

৯. কৌশলগতভাবে পণ্য সাজানোর ২ টি উদাহরণ লিখুন।
উত্তর: ক্রস-সেলিং এবং আপসেলিং

১০. পণ্যের ট্যাগ, লেবেল এ কি থাকে।
উত্তর: পণ্যর বৈশিষ্ট্য, সুবিধা, দাম এবং বিশেষ অফার ইত্যাদি।

## টাস্ক শিট (Task Sheet)-৩.১: রিটেইল শপে পণ্য প্রদর্শণ করুন

**উদ্দেশ্য**: এই জব শীট অনুসরন করে নিম্নে লিখিত কাজ গুলি করতে পারবে;

- রিটেইল স্টোরের স্ট্যান্ডার্ড অনুযায়ী পণ্য প্রদর্শন করা

**Activity (কার্যকলাপ):** প্রশিক্ষণার্থী নিম্নের ধাপগুলো দেখবেন এবং অনুশীলন করবেন।

**সতর্কতা**

১. যথাযথ পিপিই পরিধান করা।
২. সকল ধরনের কাগজপত্র সঠিক ভাবে চেক করা।
৩. সতর্কতার সাথে পণ্য গ্রহণ করা।

**কাজের ধারাবাহিকতা**

১. টার্গেট অডিয়েন্স এর ক্রয় চাহিদা সম্পর্কে ধারনা অর্জন করুন।
২. লে আউট পরিকল্পনা করুন।
৩. ভিজ্যুয়াল মার্চেন্ডাইজিং এর কৌশল অনুযায়ী পণ্য সাজান।
৪. নজরকাড়াভাবে উপস্থাপনা নিশ্চিত করুন।
৫. ক্রস-সেলিং এবং আপসেলিংকে টেকনিক বাস্তবায়ন করুন।
৬. পণ্যর বৈশিষ্ট্য, সুবিধা, দাম এবং বিশেষ অফার সহ অন্যান্য তথ্য সহ ট্যাগ বা লেবেল ব্যবহার করুন।
৭. পণ্য প্রদর্শনের সময় সব সময় থিম ব্যবহার করুন।
৮. পণ্যর র‍্যাক, সেলফ বা প্রদর্শনের স্থান সব সময় পরিস্কার রাখুন।

## স্পেশিফিকেশন শিট (Specification Sheet)-৩.১: রিটেইল শপে পণ্য প্রদর্শণ করুন

### প্রয়োজনীয় পিপিই

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | সেফটি সু | স্ট্যান্ডার্ড অনুজায়ী | জোড়া | ০১ |
| ২. | মাস্ক | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৩. | সেফটি হেলমেট | স্ট্যান্ডার্ড অনূজায়ী | সংখ্যা | ০১ |
| ৪. | অ্যাপ্রন | ডাস্ট ও হিট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৫. | হ্যান্ড গ্লাভস | ক্লোথ, গ্রীপ সহ | জোড়া | ০১ |
| ৬. | সেফটি গগলস | অনুজায়ী | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় টুলস

| ক্রম | টুলস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ওয়েট লিফটার | বড় | সংখ্যা | ০১ |
| ২. | ওয়েট স্কেল | ছোট, বড় | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় ইকুইপমেন্টস

| ক্রম | ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | অ্যান্টিকাটার | ছোট | সংখ্যা | ০১ |
| ২. | স্কচ টেপ | ছোট | সংখ্যা | ০১ |
| ৩. | স্পেড বা কোদাল | ছোট | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস

| ক্রম | নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | খাতা | ছোট | সংখ্যা | ০১ |
| ২. | কলম | ছোট | সংখ্যা | ০১ |
| ৩. | পেন্সিল | ছোট | সংখ্যা | ০১ |
| ৪. | ইরেজার | ছোট | সংখ্যা | ০১ |
| ৫. | পেন্সিল কাটার | ছোট | সংখ্যা | ০১ |

## টাস্ক শিট (Task Sheet)-৩.২: লেভেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত এবং সংযুক্ত করুন

**উদ্দেশ্য:** এই জব শীট অনুসরন করে নিম্নে লিখিত কাজ গুলি করতে পারবে;

- রিটেইল স্টোরে লেভেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত এবং সংযুক্ত ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করতে সক্ষম হবে

**Activity (কার্যকলাপ):** প্রশিক্ষণার্থী নিম্নের ধাপগুলো দেখবেন এবং অনুশীলন করবেন।

**সতর্কতা:**

৪. যথাযথ পিপিই পরিধান করা
৫. সকল ধরনের কাগজপত্র সঠিক ভাবে চেক করা
৬. সকল পণ্যর মূল্য ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে নিরীক্ষা করা

**কাজের ধারাবাহিকতা:**

১. স্ট্যান্ডার্ডাইজ লেবেলিং ফরম্যাট তৈরি করুন যাতে পণ্যের নাম, বিবরণ, SKU (স্টক কিপিং ইউনিট) নম্বর, মূল্য এবং আকার, রঙ বা উপাদানের মতো প্রাসঙ্গিক গুরুত্বপূর্ণ তথ্য অন্তর্ভুক্ত থাকে।
২. লেবেল, প্রাইস ট্যাগ তৈরির ক্ষেত্রে মানসম্পন্ন সামগ্রী ব্যবহার করুন যাতে সহজেই ছিঁড়ে বা বিবর্ণ না হয়ে যায়।
৩. লেবেল, প্রাইস ট্যাগে স্পষ্টভাবে মুদ্রণ বা তথ্য গুলো লিখুন।
৪. বারকোডে পণ্যের তথ্য অন্তর্ভুক্ত করুন।
৫. আঠালো স্টিকার, প্লাস্টিক ফাস্টেনার বা ট্যাগিং গানের মতো পদ্ধতি ব্যবহার করে পণ্যগুলিতে নিরাপদে লেবেল এবং মূল্য ট্যাগ সংযুক্ত করুন
৬. তাক, র‍্যাক বা সেলফ এ লেবেলযুক্ত পণ্য প্রদর্শনের জন্য কর্মক্ষেত্রের নির্দেশিকা মেনে চলুন।
৭. নিশ্চিত করুন যে পণ্যগুলি সুন্দরভাবে সাজানো হয়েছে এবং লেবেল এবং মূল্য ট্যাগগুলি গ্রাহকদের কাছে স্পষ্টভাবে দৃশ্যমান।
৮. পণ্যের দাম, প্রচার, বা ছাড়ের তথ্য উল্লেখ করতে লেবেল এবং মূল্য ট্যাগগুলিতে নিয়মিত আপডেট করুন।
৯. লেবেলিং এবং পণ্যের মূল্য নির্ধারণের জন্য দায়ী স্টাফ সদস্যদের প্রশিক্ষণ প্রদান করুন।

# স্পেশিফিকেশন শিট (Specification Sheet)-৩.২: লেভেল ও প্রাইজ ট্যাগ প্রস্তুত এবং সংযুক্ত করুন

**প্রয়োজনীয় পিপিই**

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | সেফটি সু | স্ট্যান্ডার্ড অনুজায়ী | জোড়া | ০১ |
| ২ | মাস্ক | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৩ | অ্যাপ্রন | ডাস্ট ও হিট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৪ | হ্যান্ড গ্লাভস | ক্লোথ, গ্রীপ সহ | জোড়া | ০১ |
| ৫ | সেফটি গগলস | অনুজায়ী | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় টুলস**

| ক্রম | টুলস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ওয়েট লিফটার | বড় | সংখ্যা | ০১ |
| ২ | ওয়েট স্কেল | ছোট, বড় | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় ইকুইপমেন্টস**

| ক্রম | ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | অ্যান্টিকাটার | ছোট | সংখ্যা | ০১ |
| ২ | স্কচ টেপ | ছোট | সংখ্যা | ০১ |
| ৩ | স্পেড বা কোদাল | ছোট | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস**

| ক্রম | নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | খাতা | ছোট | সংখ্যা | ০১ |
| ২ | কলম | ছোট | সংখ্যা | ০১ |
| ৩ | পেন্সিল | ছোট | সংখ্যা | ০১ |
| ৪ | ইরেজার | ছোট | সংখ্যা | ০১ |
| ৫ | পেন্সিল কাটার | ছোট | সংখ্যা | ০১ |

## শিখনফল (Learning Outcome)-৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. পণ্য হ্যান্ডলিং এবং রক্ষণাবেক্ষণ পদ্ধতি ব্যাখ্যা করা হয়েছে<br>২. পণ্য সংরক্ষণ পদ্ধতি এবং কৌশল বজায় রাখা হয়েছে<br>৩. কর্মক্ষেত্রের মান অনুযায়ী পণ্যের গুণগতমান নিশ্চিত করা হয়েছে |
| শর্ত ও রিসোর্স | • কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>• সিবিএলএম<br>• হ্যান্ডআউটস<br>• ল্যাপটপ<br>• মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>• কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার<br>• ইন্টারনেট সুবিধা<br>• হোয়াইট বোর্ড ও মার্কার<br>• অডিও ভিডিও ডিভাইস<br>• প্রয়োজনীয় টুলস<br>• প্রয়োজনীয় পিপিই |
| বিষয়বস্তু | ১. পণ্য হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা<br>২. পণ্য সংরক্ষণ পদ্ধতি এবং কৌশল<br>৩. পণ্যের গুণগতমান নিশ্চিত করা |
| জব/ টাস্ক /এক্টিভিটি | ১. পণ্যের গুণগতমান চেক ও নিশ্চিত করুন |
| প্রশিক্ষণ পদ্ধতি | • আলোচনা (Discussion)<br>• উপস্থাপন (Presentation)<br>• প্রদর্শন (Demonstration)<br>• নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>• স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>• প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>• সমস্যা সমাধান (Problem Solving)<br>• ব্রেইনস্টর্মিং (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. প্রশিক্ষার্থীগন কোন শিক্ষা উপকরন ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের **"পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে"** শেখার উপকরন প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৪ : পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৪ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৪ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্ক শিট ৪.১: পণ্যের গুণগতমান নিশ্চিত করুন<br>স্পেশিফিকেশন শিট ৪.১: পণ্যের গুণগতমান নিশ্চিত করুন |

# ইনফরমেশন শিট (Information Sheet)-৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষনার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

৪.১. পণ্য হ্যান্ডলিং পদ্ধতি
৪.২. পণ্য সংরক্ষণ পদ্ধতি
৪.৩. পণ্যের গুণগতমান

## ৪.১. পণ্য হ্যান্ডলিং পদ্ধতি

### ক. প্রস্তুতি গ্রহণ

- ইনকামিং শিপমেন্ট পরিচালনার জন্য পর্যাপ্ত স্থান এবং সরঞ্জাম সহ একটি গ্রহণযোগ্য এলাকা নির্ধারণ করা।
- এটা নিশ্চিত করতে হবে যে, কর্মীরা যথাযথ গ্রহণের পদ্ধতি এবং পণ্য সুরক্ষার বিষয় গুলো সম্পর্কে ভালভাবে অবগত।

### খ. ডকুমেন্টেশন পর্যালোচনা

- চালান এর কপির সাথে অন্যান্য ডকুমেন্ট, যেমনঃ পারচেজ ওয়ার্ডার, প্যাকিং স্লিপ ইত্যাদি মিলিয়ে দেখা।
- পণ্যের পরিমাণ, পণ্যর বিবরণ এবং মূল্যের মধ্যে অসঙ্গতি পরীক্ষা করা।

### গ. পরিদর্শন

- পণ্য পরিবহণ চলাকালীন কোন ক্ষতি বা টেম্পারিং হয়েছে কিনা তা পর্যবেক্ষণের জন্য প্যাকেজের বাহ্যিক অবস্থা পরীক্ষা করা।
- ক্ষতিগ্রস্ত, ত্রুটিপূর্ণ বা ভুল পণ্য চলে আসলে পরিদর্শন করার জন্য প্রয়োজনীয় প্যাকেজগুলি খোলা।
- সঠিক পণ্য নিশ্চিত করতে প্যাকিং স্লিপ বা পারচেজ ওয়ার্ডার এর সাথে প্রাপ্ত আইটেমগুলির তুলনা করা।

### ঘ. মান নিয়ন্ত্রণ

- প্রাপ্ত পণ্যের গুণমান পরীক্ষা করে নিশ্চিত করা যে সকল পণ্য চাহিদা অনুযায়ী মান এবং স্পেসিফিকেশন বজায় রেখে প্রেরণ করা হয়েছে কিনা।
- কোনো গুণমানের সমস্যা বা অসঙ্গতি নথিভুক্ত করুন এবং সরবরাহকারী বা প্রাসঙ্গিক বিভাগে তাদের সাথে যোগাযোগ করুন।

### ঙ. ডকুমেন্টেশন এবং রেকর্ড কিপিং

- ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম বা রিসিভিং লগে সঠিকভাবে প্রাপ্ত আইটেমগুলি রেকর্ড করা।
- প্রয়োজনে ফটোগ্রাফ সহ যেকোন অসঙ্গতি, ক্ষতি, বা গুণমানের সমস্যা নথিভুক্ত করা।
- রেফারেন্স এবং অডিটিং উদ্দেশ্যে প্রাপ্ত চালানের সংগঠিত রেকর্ড বজায় রাখা।

**চ. স্টোরেজ এবং অরগানাইজ (সাজানো)**

- প্রাপ্ত পণ্যগুলো সনাক্তকারী তথ্যের ভিত্তিতে সঠিকভাবে লেবেল করা, যেমন SKU নম্বর বা পণ্য কোড।
- পণ্যের ধরণ, আকার এবং স্টোরেজ এর প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে মনোনীত স্টোরেজ এলাকায় সংরক্ষণ করা।

**ছ. যোগাযোগ**

- প্রাপ্ত মালামাল এবং তা সংক্রান্ত কোনো সমস্যা থাকলে সংশ্লিষ্ট বিভাগ বা কর্মীদের অবহিত করা।
- ইনভেন্টরি লেভেল এবং স্টক অবস্থান সঠিকভাবে আপডেট করতে ইনভেন্টরি ম্যানেজমেন্ট কর্মীদের সাথে যোগাযোগ করা।

**জ. ফেরত বা বিনিময় প্রক্রিয়া:**

- স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্ষতিগ্রস্ত, ত্রুটিপূর্ণ বা ভুল পণ্য গুলোর জন্য ফেরত বা বিনিময় প্রক্রিয়া শুরু করা।
- প্রয়োজন অনুযায়ী পণ্য প্রতিস্থাপন, ক্রেডিট বা রিফান্ডের ব্যবস্থা করতে সরবরাহকারীদের সাথে যোগাযোগ করা।

**ঝ. পরিষ্কার করা**

- দায়িত্বের সাথে প্যাকেজিং সামগ্রীর প্যাকেট সরিয়ে ফেলা। এ সময় পরিবেশগত বিধি-নিষেধ অনুসরণ করা।
- একটি নিরাপদ এবং সুশৃঙ্খল কর্মক্ষেত্র বজায় রাখার জন্য পণ্য গ্রহণকৃত এলাকাটি পরিষ্কার করা।

**ঞ. প্রতিক্রিয়া এবং উন্নতি**

- প্রক্রিয়ার উন্নতির জন্য যেকোনো চ্যালেঞ্জ বা পরামর্শের বিষয়ে কর্মীদের কাছ থেকে প্রতিক্রিয়া চাওয়া।
- নিয়মিত পণ্য গ্রহণ পদ্ধতি পর্যালোচনা করা এবং দক্ষতা এবং কার্যকারিতা বাড়ানোর জন্য প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নেয়া।

## ৪.২. পণ্য সংরক্ষণ পদ্ধতি এবং কৌশল ব্যাখ্যা করতে পারবে

একটি রিটেইল শপে পণ্য সংরক্ষণ করা পণ্যের গুণমান বজায় রাখা, শেলফ লাইফ বাড়ানো এবং গ্রাহকের সন্তুষ্টি নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিম্নে কিছু পণ্য সংরক্ষণ পদ্ধতি এবং কৌশল সম্পর্কে বর্ণনা করা হলোঃ

**ক. তাপমাত্রা নিয়ন্ত্রণ:**

- পণ্য বিনষ্ট হওয়া বা ক্ষতি রোধ করতে স্টোরেজ এলাকায় উপযুক্ত তাপমাত্রার মাত্রা বজায় রাখা।
- তাজা পণ্য, দুগ্ধ বা মাংসের মতো পচনশীল পণ্যের জন্য হিমায়ন বা জলবায়ু-নিয়ন্ত্রিত সিস্টেম ব্যবহার করা।
- নিয়মিত তাপমাত্রা নিরীক্ষণ করা এবং পণ্যের প্রয়োজনীয়তা মেটাতে প্রয়োজন অনুযায়ী সামঞ্জস্য করা।

**খ. আর্দ্রতা নিয়ন্ত্রণ:**

- আর্দ্রতা জনিত ক্ষতি রোধ করতে আর্দ্রতার মাত্রা নিয়ন্ত্রণ করা, বিশেষ করে শস্য, মশলা বা ইলেকট্রনিক্সের মতো পণ্য যেগুলো আর্দ্রতার প্রতি সংবেদনশীল পণ্যগুলির জন্য।
- পণ্যর সর্বোত্তম অবস্থা বজায় রাখার জন্য প্রয়োজন অনুসারে dehumidifiers বা humidifiers ব্যবহার করা।

**গ. সঠিক প্যাকেজিং:**

- আলো, বাতাস বা আর্দ্রতার মতো বাহ্যিক বিষয় থেকে রক্ষা করার জন্য পণ্যগুলিকে উপযুক্ত পাত্রে বা প্যাকেজিং সামগ্রীতে প্যাকেজ করা।
- পচনশীল বা দূষণ প্রবণ পণ্যর জন্য বায়ুরোধী বা সিলযুক্ত প্যাকেজিং ব্যবহার করা।

**ঘ. স্টক রোটেট (ঘূর্ণন):**

- নতুন স্টকের আগে পুরানো স্টক ব্যবহার বা বিক্রি করা হয়েছে তা নিশ্চিত করতে FIFO (ফার্স্ট ইন, ফার্স্ট আউট) বা FEFO (ফার্স্ট এক্সপায়ারড, ফার্স্ট আউট) সিস্টেমগুলি প্রয়োগ করা।
- নিয়মিত মেয়াদ শেষ হওয়ার তারিখ বা শেলফ লাইফ সূচক পরীক্ষা করা এবং তাক বা সেলফ থেকে মেয়াদোত্তীর্ণ পণ্যগুলো সরিয়ে ফেলা।

**ঙ. পণ্য পরিচালনার অভ্যাস:**

- স্টকিং, ডিসপ্লে বা গ্রাহককে পণ্য দেখানোর ক্ষতি কমানোর জন্য যথাযথ হ্যান্ডলিং কৌশলগুলিতে কর্মীদের প্রশিক্ষণ দিন।
- ক্রাশিং বা ভাঙ্গন রোধ করতে পণ্যগুলিকে খুব বেশি উঁচুতে না রাখা বা খুব শক্তভাবে না বাঁধা।

**চ. কীটপতঙ্গ নিয়ন্ত্রণ:**

- পণ্যের ক্ষতি করতে পারে এমন কীটপতঙ্গ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করা।
- কীটপতঙ্গ জন্ম নিচ্ছে কিনা তা দেখার জন্য নিয়মিত স্টোরেজ এলাকা, তাক এবং প্যাকেজিং পরিদর্শন করা, সনাক্ত করা এবং পাওয়া গেলে যথাযথ ব্যবস্থা নেয়া।

**ছ. পরিষ্কার এবং স্যানিটাইজেশন**

- দূষণ বা ধুলাবালি রোধ করার জন্য স্টোরেজ এলাকায়, প্রদর্শনের তাক বা সেলফ এবং হ্যান্ডলিং সরঞ্জামগুলি পরিস্কার পরিচ্ছন্ন রাখা।
- নিয়মিতভাবে ফ্লোর, দেয়াল জীবাণুমুক্ত করার জন্য উপযুক্ত ক্লিনিং এজেন্ট এবং স্যানিটাইজার ব্যবহার করা।

**জ. আলোর ব্যবস্থা**

- আলো-সংবেদনশীল পণ্য যেমন ওয়াইন, প্রসাধনী, বা নির্দিষ্ট কিছু খাবার সরাসরি সূর্যালোক বা অতিরিক্ত কৃত্রিম আলো থেকে দূরে রাখা।
- আলোর সংস্পর্শ থেকে পণ্যগুলিকে রক্ষা করতে সম্ভব হলে অস্বচ্ছ বা রঙিন প্যাকেজিং ব্যবহার করা।

**ঝ. বিশেষ স্টোরেজ প্রয়োজনীয়তা**

- নির্দিষ্ট পণ্য সংরক্ষণের জন্য প্রস্তুতকারকের সুপারিশ অনুসরণ করা, যেমনঃ ফল এবং শাকসবজির জন্য নিয়ন্ত্রিত বায়ুমণ্ডল স্টোরেজ, বা ওয়াইন বা চকোলেটের জন্য তাপমাত্রা-নিয়ন্ত্রিত সেলফ।

ঞ. **নিয়মিত পরিদর্শন এবং রক্ষণাবেক্ষণ**

- কোনো সমস্যা বা সম্ভাব্য বিপদ সনাক্ত করতে পণ্য এবং স্টোরেজ এলাকার নিয়মিত পরিদর্শন পরিচালনা করা।
- পণ্যের মান বজায় রাখতে ক্ষতিগ্রস্থ প্যাকেজিং, তাক বা সরঞ্জামগুলি অবিলম্বে মেরামত বা প্রতিস্থাপন করা।

## ৪.৩.পণ্যের গুণগতমান নিশ্চিত

গ্রাহকের সন্তুষ্টি, বিশ্বস্ততা এবং বিশ্বাস বজায় রাখার জন্য রিটেইল স্টোরে পণ্যের গুণমান নিশ্চিত করা অপরিহার্য। পণ্যের মান বজায় রাখার জন্য কিছু পদক্ষেপ নিম্নে আলোকপাত করা হলোঃ

ক. **সরবরাহকারী নির্বাচন এবং মূল্যায়ন**

- ভাল মানের পণ্য সরবরাহের ট্র্যাক রেকর্ড সহ সরবরাহকারীদের নিরবাচন করা।
- নিয়মিতভাবে অডিট, পরিদর্শন, এবং প্রতিক্রিয়া গ্রহণ প্রক্রিয়ার মাধ্যমে সরবরাহকারী কর্মক্ষমতা মূল্যায়ন করা।

খ. **পণ্য পরিদর্শন এবং পরীক্ষা করা**

- পণ্যের মান নিশ্চিতের জন্য পণ্যর যেকোন ধরনের ক্ষতি, ত্রুটি বা অসঙ্গতি পরীক্ষা করা সহ ইনকামিং শিপমেন্ট পরিদর্শন করা।
- নিরাপত্তা, কর্মক্ষমতা, এবং নিয়ন্ত্রক মানগুলির অবস্থা যাচাইয়ের জন্য প্রয়োজন অনুযায়ী পণ্য পরীক্ষা পরিচালনা করা।

গ. **মান নিয়ন্ত্রণ প্রক্রিয়া**

- পণ্য গ্রহণ, সংরক্ষণ, হ্যান্ডলিং এবং প্রদর্শনের জন্য মান নিয়ন্ত্রণ পদ্ধতি অনুসরন করা।
- মান নিয়ন্ত্রণ এবং পদ্ধতির উপর কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

ঘ. **স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি (SOPs)**

- স্টোরেজ, পণ্য রোটেশন, প্রদর্শন এবং গ্রাহক পরিষেবা সহ পণ্য পরিচালনার সমস্ত দিকগুলির জন্য এসওপি অনুসরণ এবং সকল তথ্য নথিভুক্ত করা।
- পণ্যর আপডেট তথ্য ও সর্বোত্তম অনুশীলনের নিশ্চিত করতে নিয়মিতভাবে SOPs পর্যালোচনা এবং আপডেট করা।

ঙ. **ইনভেন্টরি ম্যানেজমেন্ট**

- পণ্যের গতিবিধি, মেয়াদ শেষ হওয়ার তারিখ এবং স্টক লেভেল সঠিকভাবে ট্র্যাক করতে শক্তিশালী ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রয়োগ করা।
- অসঙ্গাতি বা সমস্যাগুলি দুত সনাক্ত করতে এবং সমাধান করতে নিয়মিত স্টক চেক এবং অডিট পরিচালনা করা।

চ. **গ্রাহক প্রতিক্রিয়া এবং অভিযোগ সমাধান**

- পণ্যের গুণমান এবং কেনাকাটার অভিজ্ঞতা সম্পর্কে প্রতিক্রিয়া জানাতে গ্রাহকদের উত্সাহিত করা।
- দুত এবং সন্তোষজনকভাবে পণ্যের গুণমান সম্পর্কিত গ্রাহকের অভিযোগ বা উদ্বেগগুলিকে মোকাবেলা এবং সমাধান করার জন্য পদ্ধতি সম্পর্কে অবগত থাকা।

**ছ. প্রশিক্ষণ এবং শিক্ষা**

- পণ্য জ্ঞান, গুণমান মান, এবং গ্রাহক সেবা দক্ষতা কর্মীদের চলমান প্রশিক্ষণ প্রদান করা।
- এটা নিশ্চিত করা যে কর্মীরা পণ্যের গুণমানের গুরুত্ব এবং এটি বজায় রাখতে তাদের ভূমিকা সম্পর্কে অবগত।

**জ. প্রবিধান এবং মান মেনে চলা**

- প্রাসঙ্গিক প্রবিধান, শিল্প মান, এবং পণ্যের গুণমান এবং নিরাপত্তা সম্পর্কিত সর্বোত্তম অনুশীলন সম্পর্কে অবগত থাকা।
- নিশ্চিত করা যে পণ্যগুলি সমস্ত প্রয়োজনীয় নিয়ন্ত্রক যেমনঃ লেবেলিং, প্যাকেজিং এবং উপাদান ইত্যাদি সংযুক্ত করা আছে।

**ঝ. ক্রমাগত উন্নতি:**

- উন্নতির জায়গা সনাক্ত করতে নিয়মিতভাবে কর্মক্ষমতা যাচাই, গ্রাহক প্রতিক্রিয়া এবং গুণমান সূচকগুলি পর্যালোচনা করা।
- সময়ের সাথে সাথে পণ্যের গুণমান এবং গ্রাহকের সন্তুষ্টি বাড়ানোর জন্য প্রয়োজনীয় সংশোধনমূলক পদক্ষেপ এবং গুণমান উন্নয়নের উদ্যোগ বাস্তবায়ন করা।

## সেলফ চেক (Self-Check Sheet)-৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

১. পণ্য হ্যান্ডেলিং এর সময় কোন কোন ডকুমেন্ট মিলিয়ে দেখতে হয়?
   উত্তর:

২. পণ্য হ্যান্ডেলিং এর সময় কেন পণ্যের প্যাকেট খুলতে হয়?
   উত্তর:

৩. Sku এর পূর্ণরূপ কি?
   উত্তর:

৪. কীটপতঙ্গ নিয়ন্ত্রণ এ কি করনীয়?
   উত্তর:

৫. রিটেইল শপে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা কেন প্রয়োজন?
   উত্তর:

৬. পণ্যের গুণগতমান নিশ্চিত করতে মেনে চলা প্রয়োজন এমন কয়েটি পদ্ধতির নাম লিখুন?
   উত্তর:

৭. এস ও পি কি?
   উত্তর:

৮. রিটেইল শপ পরিষ্কার এবং স্যানিটাইজেশন এর জন্য করণীয় দুটি বিষয় লিখুন।
   উত্তর:

৯. রিটেইল শপে আর্দ্রতা নিয়ন্ত্রণ কেন জরুরী?
   উত্তর:

## উত্তর পত্র (Answer Key)- ৪: পণ্যের নিরাপত্তা এবং গুণগতমান নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করতে পারবে

১. পণ্য হ্যান্ডেলিং এর সময় কোন কোন ডকুমেন্ট মিলিয়ে দেখতে হয়?
উত্তর: পারচেজ ওয়ার্ডার, প্যাকিং স্লিপ

২. পণ্য হ্যান্ডেলিং এর সময় কেন পণ্যের প্যাকেট খুলতে হয়?
উত্তর: পণ্য হ্যান্ডেলিং এর সময় ক্ষতিগ্রস্ত, ত্রুটিপূর্ণ বা ভুল পণ্য চলে আসলে চেক করার জন্য পণ্যের প্যাকেট খুলতে হয়।

৩. SKU এর পরনরুপ কি?
উত্তর: Stock Keeping Unit

৪. কীটপতঙ্গ নিয়ন্ত্রণ এ কি করনীয়?
উত্তর:

- পণ্যের ক্ষতি করতে পারে এমন কীটপতঙ্গ নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করা।
- কীটপতঙ্গ জন্ম নিচ্ছে কিনা তা দেখার জন্য নিয়মিত স্টোরেজ এলাকা, তাক এবং প্যাকেজিং পরিদর্শন করা, সনাক্ত করা এবং পাওয়া গেলে যথাযথ ব্যবস্থা নেয়া।

৫. রিটেইল শপে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা কেন প্রয়োজন?
উত্তর: রিটেইল শপে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা প্রয়োজন কেননা রিটেই শপে আলো-সংবেদনশীল অনেক পণ্য থাকে যেমনঃ ওয়াইন, প্রসাধনী, বা নির্দিষ্ট কিছু খাবার সরাসরি সূর্যালোক বা অতিরিক্ত কৃত্রিম আলোতে বিনষ্ট হতে পারে।

৬. পণ্যের গুণগতমান নিশ্চিত করতে মেনে চলা প্রয়োজন এমন কয়েটি পদ্ধতির নাম লিখুন?
উত্তর: অডিট, পরিদর্শন (মনিটর), এবং প্রতিক্রিয়া গ্রহণ ইত্যাদি।

৭. এস ও পি কি?
উত্তর: স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর। ইহা এমন একটি লিখিত ডকুমেন্ট যেখানে অপারেশন পরিচালনার সকল নিয়ম কানুন লিপিবদ্ধ থাকে। ইহা প্রতিষ্ঠান ভেদে ভিন্ন হতে পারে।

৮. রিটেইল শপ পরিষ্কার এবং স্যানিটাইজেশন এর জন্য করণীয় দুটি বিষয় লিখুন।
উত্তর:

- দূষণ বা ধুলাবালি রোধ করার জন্য স্টোরেজ এলাকায়, প্রদর্শনের তাক বা সেলফ এবং হ্যান্ডলিং সরঞ্জামগুলি পরিস্কার পরিচ্ছন্ন রাখা।
- নিয়মিতভাবে ফ্লোর, দেয়াল জীবাণুমুক্ত করার জন্য উপযুক্ত ক্লিনিং এজেন্ট এবং স্যানিটাইজার ব্যবহার করা।

৯. রিটেইল শপে আর্দ্রতা নিয়ন্ত্রণ কেন জরুরী?
উত্তর: রীটেইল শপে বিভিন্ন ধরনের শস্য, মশলা বা ইলেকট্রনিক্স পণ্য থাকে যা অনিয়ন্ত্রিত আর্দ্রতায় বিশেষ ভাবে সংবেদনশীল এবং ক্ষতির কারণ।

## টাস্ক শিট (Task Sheet)-৪.১: পণ্যের গুণগতমান নিশ্চিত করুন

**উদ্দেশ্য**: এই জব শীট অনুসরন করে নিম্নে লিখিত কাজ গুলি করতে পারবে;

- রিটেইল স্টোরের স্ট্যান্ডার্ড অনুযায়ী পণ্যের গুণগতমান নিশ্চিত করতে পারা

**Activity (কার্যকলাপ):** প্রশিক্ষণার্থী নিম্নের ধাপগুলো দেখবেন এবং অনুশীলন করবেন।

**সতর্কতা**

১. যথাযথ পিপিই পরিধান করা।
২. সকল ধরনের কাগজপত্র সঠিক ভাবে চেক করা।
৩. সতর্কতার সাথে পণ্য গ্রহণ, বিতরণ ও নিয়ন্ত্রণ করা।

**কাজের ধারাবাহিকতা**

১. ভাল মানের পণ্য সরবরাহের ট্র্যাক রেকর্ড সহ সরবরাহকারীদের নির্বাচন করুন।
২. পণ্যের মান নিশ্চিতের জন্য পণ্যর যেকোন ধরনের ক্ষতি, ত্রুটি বা অসঙ্গতি পরীক্ষা করা সহ ইনকামিং শিপমেন্ট পরিদর্শন করুন।
৩. পণ্য গ্রহণ, সংরক্ষণ, হ্যান্ডলিং এবং প্রদর্শনের জন্য মান নিয়ন্ত্রণ পদ্ধতি অনুসরন করুন।
৪. স্টোরেজ, পণ্য রোটেশন, প্রদর্শন এবং গ্রাহক পরিষেবা সহ পণ্য পরিচালনার সমস্ত দিকগুলির জন্য এসওপি অনুসরণ এবং সকল তথ্য নথিভুক্ত করুন।
৫. পণ্যের গতিবিধি, মেয়াদ শেষ হওয়ার তারিখ এবং স্টক লেভেল সঠিকভাবে ট্র্যাক করতে শক্তিশালী ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার নিশ্চিত করুন।
৬. পণ্যের অসঙ্গতি বা সমস্যাগুলি দ্রুত সনাক্ত করতে এবং সমাধান করতে নিয়মিত স্টক চেক এবং অডিট পরিচালনা করুন।
৭. উন্নতির জায়গা সনাক্ত করতে নিয়মিতভাবে কর্মক্ষমতা যাচাই, গ্রাহক প্রতিক্রিয়া এবং গুণমান সূচকগুলি পর্যালোচনা করুন।
৮. সময়ের সাথে সাথে পণ্যের গুণমান এবং গ্রাহকের সন্তুষ্টি বাড়ানোর জন্য প্রয়োজনীয় সংশোধনমূলক পদক্ষেপ এবং গুণমান উন্নয়নের উদ্যোগ বাস্তবায়ন করুন।
৯. মান নিয়ন্ত্রণ এবং পদ্ধতির উপর কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করুন।

## স্পেশিফিকেশন শিট (Specification Sheet)-৪: পণ্যের গুণগতমান নিশ্চিত করুন

### প্রয়োজনীয় পিপিই

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | সেফটি সু | স্ট্যান্ডার্ড অনুজায়ী | জোড়া | ০১ |
| ২. | মাস্ক | ডাস্ট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৩. | সেফটি হেলমেট | স্ট্যান্ডার্ড অনূজায়ী | সংখ্যা | ০১ |
| ৪. | অ্যাপ্রন | ডাস্ট ও হিট প্রুফ | সংখ্যা | ০১ |
| ৫. | হ্যান্ড গ্লাভস | ক্লোথ, গ্রীপ সহ | জোড়া | ০১ |
| ৬. | সেফটি গগলস | অনুজায়ী | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় টুলস

| ক্রম | টুলস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ওয়েট লিফটার | বড় | সংখ্যা | ০১ |
| ২. | ওয়েট স্কেল | ছোট, বড় | সংখ্যা | ০১ |
| ৩. | লাইট মিটার | ১ – ৫০০০ লাক্স | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় ইকুইপমেন্টস

| ক্রম | ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | অ্যান্টিকাটার | ছোট | সংখ্যা | ০১ |
| ২. | স্কচ টেপ | ছোট | সংখ্যা | ০১ |
| ৩. | স্পেড বা কোদাল | ছোট | সংখ্যা | ০১ |

### প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস

| ক্রম | নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | খাতা | ছোট | সংখ্যা | ০১ |
| ২. | কলম | ছোট | সংখ্যা | ০১ |
| ৩. | পেন্সিল | ছোট | সংখ্যা | ০১ |
| ৪. | ইরেজার | ছোট | সংখ্যা | ০১ |
| ৫. | পেন্সিল কাটার | ছোট | সংখ্যা | ০১ |

# দক্ষতা পর্যালোচনা (Review of Competency)

| প্রশিক্ষণার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষণার্থী নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্মদক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে **"হ্যাঁ"** এবং সক্ষমতা অর্জিত না হলে **"না"** বোধক ঘরে টিকচিহ্ন দিন। | | |
|---|---|---|
| **কর্মদক্ষতা মূল্যায়নের মানদন্ড** | **হ্যাঁ** | **না** |
| রিটেইল স্টোরের পণ্য চিহ্নিত করতে সক্ষম হয়েছে | | |
| প্রতিটি পণ্যের প্রয়োগ এবং ব্যবহারবিধি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| পণ্য সম্পর্কিত তথ্য সঠিক ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| ইনভেন্টরি রিপোর্ট ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| ইনভেন্টরি নিয়ন্ত্রণ ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| কর্মক্ষেত্রের স্ট্যান্ডার্ড অনুযায়ী পণ্য গ্রহণ ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| এসওপি অনুযায়ী পণ্য সংরক্ষণ ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| ফ্রন্ট অফ হাউস (FOH) এর অনুরোধ অনুযায়ী পণ্য সেলস এরিয়ায় স্থানান্তর ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| মেয়াদোত্তীর্ণ পণ্য স্ট্যান্ডার্ড অনুযায়ী কর্মস্থল থেকে নিষ্পত্তি ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| স্টোর ম্যানেজমেন্ট ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| পণ্য সংগ্রহ ও প্রদর্শন ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| কর্মক্ষেত্রের স্ট্যান্ডার্ড অনুযায়ী পণ্যের লেবেল ও প্রাইস ট্যাগ তৈরি ও লাগানো সম্পর্কে ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে | | |
| পণ্য হ্যান্ডলিং পদ্ধতি ব্যাখ্যা এবং রক্ষণাবেক্ষণ করা হয়েছে | | |
| পণ্য সংরক্ষণ পদ্ধতি এবং কৌশল বজায় রাখা হয়েছে | | |
| কর্মক্ষেত্রের মান অনুযায়ী পণ্যের গুণমান নিশ্চিত করা হয়েছে | | |

আমি (প্রশিক্ষণার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখ: প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখ:

# সিবিএলএম প্রণয়ন (Development of CBLM)

**‘স্টোর রুম কার্যক্রম সনাক্ত এবং সম্পন্ন করা’** (অকুপেশন: **রিটেইল সেলস অপারেশন্স লেভেল- ০৩**) শীর্ষক কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়াল (সিবিএলএম)-টি জাতীয় দক্ষতা সনদায়নের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সিমেক সিস্টেম, ইসিএফ কনসালটেন্সি এবং সিমেক ইনস্টিটিউট অফ টেকনোলোজি (যৌথ উদ্যোগ প্রতিষ্ঠান) এর সহায়তায় প্যাকেজ SD-9B (তারিখ: ১৫ জানুয়ারী ২০২৪) প্রকল্পের অধীনে ২০২৪ সনের আগস্ট মাসে প্রণয়ন করা হয়েছে।

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পদবী | মোবাইল নং ও ইমেইল |
|---|---|---|---|
| ০১ | মোঃ আবদুল্লাহ আল মামুন | লেখক | ০১৮৪২-৬৩৯৮৫৭ |
| ০২ | মাহফুজুর রহমান | সম্পাদক | ০১৭৪১-০৯২০৮৭ |
| ০৩ | ইঞ্জি: মো: জুয়েল পারভেজ | কো-অর্ডিনেটর | ০১৭৩৭-২৭৮৯০৬ |
| ০৪ | মো: আব্দুর রাজ্জাক | রিভিউয়ার | ০১৭৪২-৭৩৪৩১৩ |